The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 818 | 17 May 2024 | শুক্রবার ৩ জ্যৈষ্ঠ ১৪৩১



Stormy's husband spoke to CNN's >> Page 24



Why Biden's eager to debate Trump >> Page 24





Tigers leave for USA >> Page 25



Asif on his award winning debut film >> Page 25

# নিউইয়র্কে বেড়েছে মুসলিম বিদ্বেষ



## এক বছরে বৃদ্ধি পেয়েছে ১৭৫ শতাংশ বেড়েছে ডাকাতি, ধর্ষণ ও হেট ক্রাইম

হাসান মাহমুদ

নিউইয়র্কের কুইন্সের সাউথ জ্যামাইকায় নিজ বাসার দিকে যাচ্ছিলেন ১৫ বছর বয়সী এক কিশোর। এ সময় আগস্ট মার্টিন হাইস্কুলের পাশে অজ্ঞাত এক ব্যক্তি ছাত্রটির মাথায় ছুরি দিয়ে আঘাত করলে সে মাটিতে লুটিয়ে পড়ে। ১৫ মে বুধবার বেলা আড়াইটায় ১১২ এভিনিউর সাউথ জ্যামাইকাতে এই ঘটনা ঘটেছে। এই একই বুধবার কুইন্সের ১৬০ স্ট্রিটের নিজ অ্যাপার্টমেন্টের সামনে ১২ বছর বয়সী এক কিশোরীকে গুলি করা হয়। তিনি পরিবারের সদস্যদের সঙ্গে ছিলেন। এর আগের সপ্তাহেই নিউইয়র্কে ছুরিকাঘাতে নিহত হয়েছে দুই কিশোর এবং আহত হন অন্তত ৬ জন। পরে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করে তাদেরকে চিকিৎসা দেওয়া হয় বলে এনওয়াইপিডি জানিয়েছে।এপ্রিল মাসে এনওয়াইপিডির হেট ক্রাইম টাস্ক ফোর্স দ্বারা তদন্ত করার পর তারা দেখতে পান গত বছরের চেয়ে বর্তমান সময়ে হেট ক্রাইম অনেক বেড়েছে। মুসলিম ও ইহুদি বিদ্বেষী ঘটনা গত বছরের এপ্রিলের তুলনায় এ বছরের এপ্রিলে দ্বিগুণ হয়েছে। এপ্রিলের শেষ পর্যন্ত, ইহুদি বিরোধী ঘটনা বেড়েছে ৪৮ শতাংশ, যেখানে মুসলিম বিদ্বেষী ঘটনা ১৭৫ শতাংশ বেড়েছে বলে এনওয়াইপিডির দেওয়া তথ্যে জানা গেছে।

নিউইয়র্কে ২০২৪ সালে এপ্রিল মাস পর্যন্ত ধর্ষণের শিকার হয়েছেন ১২৪ জন, যা ২০২৩ সালে এই সময়ে ছিল ১১৮ জন। নিউইয়র্কে ডাকাতির ঘটনা ২০২৪ সালের এপ্রিল পর্যন্ত ঘটেছে ১ হাজার ৩২৬টি। যা ২০২৩ সালে ছিল ১ হাজার ২৩৭টি। মারাত্মক হামলার ঘটনা ২০২৪ সালে ঘটেছে ২ হাজার ২৭০টি যা এই একই সময়ে ২০২৩ সালে ছিল ২ হাজার ৩১৪টি।

তবে গত বছরের তুলনায় এ বছর এপ্রিল মাসে খুনের ঘটনা কমেছে, বেড়েছে হেট ক্রাইমের ঘটনা। ২০২৪ সালে এপ্রিল পর্যন্ত নিউইয়র্কে খুন হয়েছেন ২৩ জন। যা গত বছর ২০২৩ সালে ছিল ৩৩ জন। ২০২৪ সালে হেট ক্রাইম হয়েছে ৬৪টি যা গত বছর ২০২৩ সালে ছিল ৪৬টি। গত বছরের একই মাসের তুলনায় ৩৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে হেট ক্রাইম। এনওয়াইপিডির প্রকাশিত এ সকল তথ্য থেকে দেখা যায়, ধর্ষণ, ডাকাতি, হেট ক্রাইমের ঘটনা বেড়েছে। নগরীতে জঘন্য অপরাধের ঘটনাগুলো সাবওয়ে বা এর আশপাশেই বেশি ঘটে থাকে। ২০২৪ সালে গত বছরের চেয়ে একই সময়ে বড় অপরাধের এরপর ২৭ পৃষ্ঠায়

### ওজোন পার্ক

## বাংলাদেশিকে বন্দুক ঠেকিয়ে ডাকাতি



আজকাল রিপোর্ট

বাংলাদেশি অধ্যুষিত ওজোন পার্ক এলাকার এক দুর্ধর্ষ ডাকাতির শিকার হয়েছেন একজন বাংলাদেশি দোকানি। গত ১৩ মে রাত সাড়ে নয়টার দিকে সংঘঠিত এ ঘটনায় বন্দুকের মুখে বাংলাদেশি দোকানি আখলাকুর রহমানকে জিম্মি করে ১০ হাজার ডলারের বেশি নগদ অর্থ, মোবাইল ও ওয়ালেট এরপর ২৭ পৃষ্ঠায়

## আদমশুমারিতে অভিবাসীরা বাদ

### কংগ্রেসে বিল পাশ

আজকাল রিপোর্ট




নন-সিটিজেন ইমিগ্রান্টদের আদমশুমারিতে অন্তর্ভূক্ত না করার একটি বিল পাশ করেছে কংগ্রেসের রিপাবলিকান নিয়ন্ত্রিত হাউজ। এতে আদমশুমারি ফরমে 'সিটিজেনশীপ সংক্রান্ত' প্রশ্ন সংযোজন করা হয়েছে। বিলে আমেরিকার মূল জনগোষ্ঠীর হিসাব থেকে নন-সিটিজেনদের বাইরে রাখা হয়েছে। গত সপ্তাহে হাউজে ২০৬-২০২ ভোটে এ বিলটি পাশ হয়েছে। তবে আমেরিকান রাজনীতিকরা বলছেন, বিলটি ডেমোক্র্যাট মেজোরিটি সিনেটে গেলে তা পাশ হবে না। আর পাশ হলেও প্রেসিডেন্ট বাইডেন তাতে ভেটো দেবেন বলে আগে থেকেই ঘোষণা দিয়ে রেখেছেন। সিটিজেন, নন-সিটিজেন এমনকি কাগজপত্রহীন ইমিগ্রান্টদের যোগ করেই আমেরিকার অফিসিয়াল এরপর ২৭ পৃষ্ঠায়

### ডোনাল্ড লু'র সফর

## ওয়াশিংটন–ঢাকা সম্পর্কে উষ্ণতা

মাসুদ করিম, *ঢাকা থেকে*

ডোনাল্ড লু'র এবারের বাংলাদেশ সফর ঢাকা-ওয়াশিংটন সম্পর্কের নতুন যাত্রার সূচনা করেছে। শেখ হাসিনার সরকারের সঙ্গে বাইডেন প্রশাসনের টানাপোড়েনের অবসান ঘটাতে নতুন বার্তা দিয়েছেন লু। তিনি বলেছেন, নির্বাচন ঘিরে টেনশন ছিল। সেখান থেকে আস্থা ফেরাতে তার সফর। মার্কিন এই পদস্থ কর্মকর্তা আরও খোলাসা করে বলেছেন, যুক্তরাষ্ট্র সামনে তাকাতে চায়, পেছনে ফিরে যেতে নয়। এমন প্রাঞ্জল কথামালার এরপর ২৭ পৃষ্ঠায়

## ট্রাম্প দোষী সাব্যস্ত না হলে যুক্তরাষ্ট্র ছাড়বেন স্টর্মি

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘুষ দেওয়ার মামলায় দোষী সাব্যস্ত না হলে দেশ ছাড়ার কথা ভাবছেন পর্নো তারকা স্টর্মি ড্যানিয়েলস। তাঁর স্বামী ব্যারেট ব্লেড মার্কিন সম্প্রচার মাধ্যম সিএনএনকে দেওয়া এক সাক্ষাৎকারে এ পরিকল্পনার কথা জানিয়েছেন। ২০০৬ সালে যৌনকর্মী স্টর্মির সঙ্গে যৌন সম্পর্ক করেছিলেন এরপর ২৭ পৃষ্ঠায়

### দোষী সাব্যস্ত হলে জেল-জরিমানা

# ৩১ লাখ ট্যাক্স প্রতারক চিহ্নিত

মনোয়ারুল ইসলাম




৩১ লাখ ট্যাক্স প্রতারককে চিহ্নিত করে তাদের ফাইলে রেডফ্লাগ ছাপ দেয়া হয়েছে। তাদের বিরুদ্ধে অভিযোগ, বেশি ট্যাক্স রিটার্নের প্রত্যাশায় তারা মিথ্যা তথ্য দিয়ে ট্যাক্স ফাইল করেছেন। অডিট শেষে দোষী সাব্যস্ত হলে তাদের কমপক্ষে ৫ হাজার ডলার জরিমানা হতে পারে। এমনকি তারা দন্ডনীয় অপরাধের বিচারের (ক্রিমিনাল প্রেসিকিউশন) মুখোমুখি হতে পারে। এতে ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠানগুলিও ফেঁসে যেতে পারে। সন্দেহভাজন ট্যাক্স ফাইলারের কাছে ট্যাক্সের কাগজপত্র প্রস্তুতকারীর স্বাক্ষর সম্বলিত ডকুমেন্টসও চাওয়া হচ্ছে। এতে আইআরএস (ইন্টারনাল রেভিনিউ সার্ভিস) খতিয়ে দেখছে ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান অসত্য বা ভূয়া তথ্য দিয়ে তার গ্রাহককে অতিরিক্ত অর্থ পাওয়াতে সহায়তা করেছে কিনা। তা প্রমাণিত হলে সেই ব্যবসা প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল হতে পারে।

গত মঙ্গলবার ১৪ মে আইআরএস কমিশনার ডেনিয়েল ওয়েরফেল এ তথ্য প্রকাশ করেছেন। তিনি সাংবাদিকদের বলেছেন, অনেক সময় সোশ্যাল মিডিয়া স্ক্যামাররাও বেশি ট্যাক্স পাইয়ে দেয়ার প্রলোভন দেখিয়ে প্রচারণা চালিয়েছে। সাধারণ মানুষকে তারা 'ট্রিক্স' করেছে। যাকে বলা হচ্ছে 'উইন্ডফল ট্যাক্স রিটার্ন'। ২০২৩ সালের এরপর ২৭ পৃষ্ঠায়

### এশিয়ার উদ্যোক্তা

## ফোর্বসের তালিকায় ৯ বাংলাদেশি তরুণ

আজকাল ডেস্ক

বিশ্বখ্যাত মার্কিন সাময়িকী 'ফোর্বস'-এর তৈরি করা এশিয়ার ৩০ বছরের কম বয়সী উদ্যোক্তাদের তালিকায় বাংলাদেশের নয়জন স্থান পেয়েছেন। বাংলাদেশি তরুণেরা বিভিন্ন ক্ষেত্রে তাঁদের উদ্ভাবনী শক্তি ও অবদানের জন্য এই তালিকায় স্থান করে নিয়েছেন। এরপর ২৭ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs · Inquiries · Collections · Garnishment · Bankruptcy · Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57th STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার



✔ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।

✔ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

আমরা নূতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**We Welcome Agency Transfers and New Clients.**

FOLLOW US ON
@markshomecareofficial @markshomecareofficial
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

### Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

### Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

### Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

### Hicksville

217 Bethpage road
Hicksville, NY 11801

### Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

### Rochester

504 W Main St
Rochester, NY 14608

## বিস্তারিত জানতে কল করুন

# 718-697-7717

E-mail : info@markshhc.com | www.markshhc.com

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

সাপ্তাহিক আজকাল
Friday, 17 May 2024, Issue 818, www.ajkalnewyork.com



### নভেম্বরে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন

# মুখোমুখি বিতর্কে বাইডেনকে দেখে নেয়ার হুমকি দিলেন ট্রাম্প

আজকাল রিপোর্ট



আগামী নভেম্বরে মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন। ক্ষমতার মসনদে এবার কার পালা, বাইডেন না ট্রাম্প? তা নিয়ে ইতিমধ্যেই রাজনীতির পারদ চড়তে শুরু করেছে।

এই পরিস্থিতিতে জানা গেল আগামী জুন ও আগস্টে মুখোমুখি বিতর্ক যুদ্ধে বসবেন দুই প্রেসিডেন্ট প্রার্থী। ২৭ জুন ও ১০ সেপ্টেম্বর ওই দুই বিতর্ক হবে। প্রথম বিতর্কের আহ্বান জানিয়েছে সিএনএন। দ্বিতীয় বিতর্কের আহ্বান এবিসির। এই বিতর্ক হোয়াইট হাউসের দৌড়ে তাৎপর্যপূর্ণ হয়ে উঠবে বলেই মত প্রকাশ করেন রাজনৈতিক বিশ্লেষকরা।

বাইডেন ইতিমধ্যেই সোশাল মিডিয়ায় জানিয়ে দিয়েছেন তিনি বিতর্কের জন্য প্রস্তুত। জানিয়েছেন, "আপনারা যখন বলবেন, যেখানে খুশি, যে কোনও সময়, যে কোনও জায়গায়।"

এদিকে ট্রাম্প বাইডেনকে 'সবচেয়ে খারাপ তার্কিক' বলে তোপ দেগে বলেছেন, "জুন ও সেপ্টেম্বরে বিতর্কে বাইডেনকে দেখে নেব।"

যদিও বাইডেনের সমর্থকদের দাবি, বিতর্কে বেকায়দায় পড়বেন ট্রাম্পই তাঁর বিরুদ্ধে যে সব কেলেঙ্কারির অভিযোগ রয়েছে, সেগুলিই রিপাবলিকান নেতাকে অস্বস্তিতে ফেলতে পারে। পাশাপাশি ট্রাম্প-সমর্থকদের দাবি, বাইডেনের মধ্যে বয়সোচিত অসংলগ্নতা দেখা দিয়েছে। তাই অনায়াসেই তাঁকে বেকায়দায় ফেলবেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট। এদিকে গত এপ্রিলে এক সমীক্ষায় দেখা গিয়েছে, আসন্ন প্রেসিডেনশিয়াল নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পের জয় কার্যত নিশ্চিত! জো বাইডেনকে একেবারে মুছে দিয়ে ফের ক্ষমতার আসনে বসতে চলেছেন ট্রাম্প।

এরপর ৩৮ পৃষ্ঠায়



### মুনীর চৌধুরী নাট্যসন্ধ্যা

## বাংলা থিয়েটার ও শিল্পাঙ্গনের দু'দিনব্যাপী নাট্য উৎসব

আজকাল রিপোর্ট

শহীদ মুনীর চৌধুরীকে সশ্রদ্ধ স্মরণের মধ্য দিয়ে বাংলা থিয়েটার ও শিল্পাঙ্গন যৌথভাবে উদযাপন করেছে মুনীর চৌধুরী নাট্যসন্ধ্যা। মুনীর চৌধুরীর নাটক নিয়ে এ ধরনের নাট্য উৎসবের আয়োজন নিউইয়র্কে এই প্রথম। গত ১১ ও ১২ মে জ্যামাইকা নাট্যমঞ্চে আয়োজিত এই নাট্য উৎসবে মঞ্চস্থ হয় মুনীর চৌধুরীর 'জমা খরচ ইজা', 'মুখরা রমনী বশীকরণ' ও 'মিলিটারি'। দুদিনের এই উৎসবের বিশেষত্ব ছিল দর্শণীর বিনিময়ে নাট্য প্রদর্শনী। দুই দিনই দর্শক সমাগম ছিল উল্লেখযোগ্য।

ব্রিটিশ নাট্যকার ইলিয়ট ক্রশে-উইলিয়ামস নাটক 'ই এন্ড ই'র রূপান্তর মুনীর চৌধুরীর 'জমা খরচ ইজা' বাংলাদেশের মঞ্চে ও টেলিভিশনে বহুল অভিনীত।

এরপর ৫৫ পৃষ্ঠায়



### ওপেন আইজ'র মুক্ত আলোচনা

## রাষ্ট্রধর্ম বাংলাদেশের ধর্মনিরপেক্ষ মূলনীতির সঙ্গে সাংঘর্ষিক

আজকাল রিপোর্ট

'রাষ্ট্রধর্ম বাংলাদেশের ধর্মনিরপেক্ষ মূলনীতির সঙ্গে সাংঘর্ষিক' শীর্ষক এক সেমিনার ও মুক্ত আলোচনার আয়োজন করে ওপেন আইজ,নিউইয়র্ক। ১১ মে শনিবার,জ্যাকসন হাইটসের নবান্ন রেষ্টুরেন্টে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেমিনারে বক্তারা এই বিতর্কিত রায় বাতিল করে ৭২ সালের সংবিধানের চার মূলনীতি পুণর্বহালের দাবী জানান। বর্ষীয়ান সাংবাদিক সৈয়দ মোহাম্মদউল্লাহ সভাপতিত্বে শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের অন্যতম সদস্য মুজাহিদ আনসারী । সেমিনারে মূল আলোচনা উপস্থাপন করেন যুক্তরাষ্ট্র উদীচীর সভাপতি মুক্তিযোদ্ধা সুব্রত বিশ্বাস। সেই আলোচনার উপর বক্তব্য রাখেন

এরপর ৫৪ পৃষ্ঠায়

## ফ্লোরিডায় বাস দুর্ঘটনায় নিহত ৮ আহত ৪২

আজকাল ডেস্ক

ফ্লোরিডায় প্রায় অর্ধশতাধিক যাত্রী বহনকারী একটি বাস দুর্ঘটনায় আটজন নিহত হয়েছেন। ফ্লোরিডা অঙ্গরাজ্যের রাজধানী গেইনসভিলের প্রায় ৭২ কিলোমিটার দক্ষিণে ডানেলনে ১৪ মে মঙ্গলবার সকালে দুর্ঘটনাটি ঘটে। এই ভয়াবহ ঘটনায় আরো আটজনের অবস্থা গুরুতর এবং অন্য ৪০ জন হাসপাতালে চিকিৎসাধীন।

ফ্লোরিডার এক পুলিশ কর্মকর্তা জানান, বাসটিতে প্রায় ৫২ জন যাত্রী ছিলেন। তারা ডানেলনের তরমুজ খামার ক্যানন ফার্মে কাজ করতে যাচ্ছিলেন। দুর্ঘটনাস্থলটি যে রাস্তায়, সেটি সাময়িকভাবে বন্ধ করা হয়েছে।

ফ্লোরিডার পুলিশ সুত্রে জানা যায়, দুর্ঘটনাস্থলের কাছাকাছি একটি স্কুলবাস কিছু লোককে হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য ব্যবহার করা হয়। মেরিয়ন কাউন্টি ফায়ার রেসকিউ একটি বিবৃতিতে নিশ্চিত

এরপর ৪৫ পৃষ্ঠায়



### অক্টোবরে নির্বাচন

## বাংলাদেশ সোসাইটির সদস্য সংগ্রহ অভিযান শুরু

আজকাল রিপোর্ট

আগামী অক্টোবরে কার্যকরী কমিটির নির্বাচনকে সামনে রেখে বাংলাদেশ সোসাইটির সদস্য সংগ্রহ অভিযান শুরু হয়েছে। গত ১২ এবং ১৩ মে বিকাল থেকে রাত ৮টা পর্যন্ত জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টের সামনে প্রথম সদস্য সংগ্রহ অভিযান শুরু হয়।

এর পর পর্যায়ক্রমে সদস্য সংগ্রহ করা হবে ১৮ মে ওজনপার্কে মতিন রেস্টুরেন্টের সামনে, জ্যামাইকায় স্টার কাবাবের সামনে ১৯ মে, ব্রঙ্কসে নীরব রেস্টুরেন্টের সামনে ২৭ মে ও ব্রুকলিনে রাঁধুনী রেস্টুরেন্টের সামনে ২ জুন। প্রতিদিন বিকাল ৫টা থেকে রাত

এরপর ৩৮ পৃষ্ঠায়

## নিউইয়র্কে অ্যাটাব'র ঈদ পুনর্মিলনী অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

গত ১০ মে শুক্রবার জ্যাকসন হাইটসে নবান্ন পার্টি হলে নিউইয়র্কে আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ (আটাব) ঈদ পুর্নমিলনী অনুষ্ঠিত হয়েছে। সংগঠনের সভাপতি সেলিম হারুনের সভাপতিত্বে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক মাসুদ মোর্শেদ। স্বাগত বক্তব্য রাখেন ইভেন্ট কমিটির আহবায়ক সংগঠনের কোষাধ্যক্ষ ওয়ার্ল্ড ট্রাভেলসের প্রেসিডেন্ট শামসুদ্দিন বশীর। সংগঠনের সদস্যরা ট্রাভেল ব্যবসার সংকট,করনীয় ও সংগঠনকে শক্তিশালী করার জন্য বিভিন্ন পরামর্শমূলক বক্তব্য প্রদান করেন। আলোচকদের মধ্যে ছিলেন বরকত আলী, জাকির হোসেন বাচ্চু, জাফর ফেরদৌস, বেলায়েত হোসেন বেলাল, এএসএম মাঈন উদ্দীন পিন্টু, মাসুদ রানা তপন, নজরুল ইসলাম, খান মোহাম্মদ

এরপর ৫৭ পৃষ্ঠায়


রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনে বাড়ি
পাবলিক অকশনে বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শরট-সেল ও REO প্রপার্টি
কল করুনঃ
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com
Nurul Azim

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
IATA Accredited
Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা নিউইয়র্ক ৬৪৯+ Tax
AUTHORIZED e-file PROVIDER
ওমরাহ্
HAJ TOURS
মোঃ আব্দুল খালেক
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
গ্যারান্টি সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়
OneKey MLS
Fazle
SHOHAG KHAN
Licensed Real Estate Sales
Cell : 1- 917 770 1341
Office : 1- 516 800 5160
Email: shohag. khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
LAILAC INSURANCE BROKERAGE INC.
One Stop Services
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646--361-0250
Authorized IRS e-file Provider
37-47 73rd Street. Suite # 217
Jackson Heights, NY-11372
Tel: 718-255-6783
Fax: 718-255-6783
usbanglatax@yahoo.com
lailacinsuranceinc@yahoo.com
Services: Individual & Business Tax Services, Immigration Services
Loan Modification, Auto, Home & Business Insurance, Real Estate

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- *নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)*
- *ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)*
- *ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম*
- *নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)*
- *চুলকাটা ও প্রসাধনী সহায়তা*
- *ওজু ও নামাজের ব্যবস্থা*
- *টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার*
- *ইংরেজী ও কম্পিউটার ক্লাস*
- *সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা*

### শিক্ষা কার্যক্রম

- *কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ*
- *গ্রন্থাগার*

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- *ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা*
- *ফিজিক্যাল থেরাপী*

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- *রিলাক্সেশন স্কিল ট্রেনিং*
- *পরামর্শ এবং সহায়তা গ্রুপ*
- *মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট*

### বিনোদনমূলক কার্যক্রম

- *পিকনিক*
- *যাদুঘর ভ্রমণ*
- *সমদ্র সৈকতে পার্টি*
- *নৌ-ভ্রমণ ও মৎস শিকার*

### আধ্যাত্মিক কার্যক্রম

- *শান্ত সময়*
- *ধ্যান*

### অবসর কার্যক্রম

- *কেরাম বোর্ড*
- *লুডু*
- *দাবা*
- *ধাঁধা*
- *অধ্যায়ন*

**We speak**
Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

***For details information please contact***

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

**1217 Liberty Avenue, Brooklyn, NY 11208**

সম্পাদকীয়

## ডোনাল্ড লু'র সফর ও বাংলাদেশের রাজনীতি

ডোনাল্ড লু'র সফর মানেই সে দেশের রাজনীতিকদের নড়েচড়ে বসা। তার সফর কারো জন্য অস্বস্তির, কারো জন্য প্রত্যাশার। ডোনাল্ড লু, যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী, অনেক পরিচয়ে পরিচিতি পেয়েছেন সংশ্লিষ্ট অঞ্চলের দেশগুলিতে। তারই কলকাঠিতে নাকি কোথাও সরকারের পতন ঘটে, কোথাও নতুন ক্ষমতাধরদের আবির্ভাব ঘটে। সেই ডোনাল্ড লু তিন দিনের সফরে এখন বাংলাদেশ। আজই শেষ হচ্ছে তার সফর। এই সফর নিয়ে বেশ আলোড়ন লক্ষ্য করা যাচ্ছে রাজনৈতিক মহলে। কিন্তু কি করে গেলেন তিনি? তার এই সফরকে বাংলাদেশ কিভাবে দেখছে? সরকার এবং বিরোধীদেরই বা মূল্যায়ন কি? এই বিশ্লেষণই এখন চলছে বাংলাদেশের বিভিন্ন মহলে। ডোনাল্ড লু বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাসান মাহমুদের সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। বৈঠক শেষে সাংবাদিকদের সাথে মিলিত হয়েছেন। এর আগে ঢাকায় মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের বাসভবনে সিভিল সোসাইটির প্রতিনিধিদের সাথে মত বিনিময় করেছেন। প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প বিষয়ক উপদেষ্টা সালমান রহমানের বাসভবনে ঘরোয়া নৈশভোজ করেছেন এবং সালমান রহমানের সাথে বিভিন্ন বিষয়ে আলোচনা করেছেন। এক সুযোগে ঢাকার ফুচকার স্বাদও গ্রহণ করেছেন। এ সবই তো ছিল তার প্রকাশ্য কর্মসূচি। কিন্তু ভেতরে আর কি কিছু ঘটেছে?

> সালমান রহমানের সাথে অনানুষ্ঠানিক বৈঠকে তিনি তাগাদা দিয়েছেন বাংলাদেশে কর্মরত আমেরিকান কোম্পানীগুলির পাওনা যথাসময়ে পরিশোধের আর সিভিল সোসাইটির প্রতিনিধিদের সাথে মত বিনিময়কালে তিনি জানতে চেয়েছেন নির্বাচন পরবর্তী সময়ে বাংলাদেশের রাজনৈতিক ও নাগরিক অধিকার সংক্রান্ত বিষয়ে। ডোনাল্ড লু ফিরে আসছেন। কিন্তু অমীমাংসিত রয়ে গেল বাংলাদেশের সাথে যুক্তরাষ্ট্রের বিরোধীয় বিষয়গুলি


বাংলাদেশের ৭ জানুয়ারির সাধারণ নির্বাচনকে যুক্তরাষ্ট্র মেনে নেয়নি। ওই নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি বলে যুক্তরাষ্ট্র অভিমত প্রকাশ করেছিল। অনেক আগে থেকেই তারা নির্বাচনকে সুষ্ঠু ও অবাধ করার জন্য বাংলাদেশ সরকারের প্রতি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়ে আসছিল। এমনও হুমকি দেয়া হয়েছিল, বাংলাদেশের গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে যারা বাধাগ্রস্ত করবে তাদেরকে আমেরিকার ভিসা দেয়া হবে না। সব মিলিয়ে নির্বাচনকে ঘিরে দুই দেশের মধ্যে যে টানাপোড়েনের সৃষ্টি হয়েছিল জন লু'র সফরে তার কি অবসান ঘটেছে?

সাংবাদিকদের এ সংক্রান্ত প্রশ্নের সরাসরি কোন জবাব না দিয়ে জন লু বলেছেন, বাংলাদেশের জাতীয় নির্বাচনকে ঘিরে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে 'অনেক টেনশন' তৈরি হয়েছিল। এসব সরিয়ে বাংলাদেশের সাথে সম্পর্কের ক্ষেত্রে যুক্তরাষ্ট্র সামনে তাকাতে চায়, পেছনে নয়। তিনি বলেছেন, বাংলাদেশ সফরে এসে তিনি দুই দেশের জনগণের মধ্যে পুনরায় আস্থা স্থাপনের চেষ্টা করছেন। তিনি অকপটে বলেছেন, গত বছর বাংলাদেশের সাথে আমাদের অনেক টেনশন ছিল। আমরা অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের জন্য যথেষ্ট চেষ্টা করেছিলাম। এতে অনেক টেনশন তৈরি হয়েছিল। তিনি বলেন, এখন আমরা সামনে তাকাতে চাই, পেছনে নয়। আমরা আমাদের দু'দেশের সম্পর্ক জোরদার করার উপায় খুঁজে বের করতে চাই। দু'দেশের সম্পর্ক জোরদার করার উপায় তিনি খুঁজে বের করতে চান, কিন্তু বললেন না নির্বাচন নিয়ে তাদের নেতিবাচক মনোভাব তারা প্রত্যাহার করছেন কি না। বললেন না নির্বাচনের সময় তারা যে ভিসা নীতি বাংলাদেশিদের ক্ষেত্রে ঘোষণা করেছিলেন তা বাতিল করলেন কি না। আরো একটি বিষয় রয়ে গেছে, যা নিয়ে বাংলাদেশ দীর্ঘ দিন ধরে নানা পর্যায়ে জোর তদ্বির চালিয়ে আসছে, তা হলো র‍্যাবের সাতজন কর্মকর্তার ওপর আরোপিত স্যাংশন প্রত্যাহার। লক্ষ্যণীয়, ডোনাল্ড লু'র এই সফরে এগুলির কোনটারই সুরাহা হয়নি। তাহলে সম্পর্ক উন্নয়নের আর কি প্রক্রিয়া যুক্তরাষ্ট্র গ্রহণ করতে চায়? দুই দেশের মধ্যে বিরাজিত 'টেনশন' সৃষ্টিকারী বিষয়গুলি বহাল থাকার পাশাপাশি ডোনাল্ড লু আর একটি কাজ করেছেন বলে প্রকাশিত খবর থেকে জানা যাচ্ছে। সালমান রহমানের সাথে অনানুষ্ঠানিক বৈঠকে তিনি তাগাদা দিয়েছেন বাংলাদেশে কর্মরত আমেরিকান কোম্পানীগুলির পাওনা যথাসময়ে পরিশোধের আর সিভিল সোসাইটির প্রতিনিধিদের সাথে মত বিনিময়কালে তিনি জানতে চেয়েছেন নির্বাচন পরবর্তী সময়ে বাংলাদেশের রাজনৈতিক ও নাগরিক অধিকার সংক্রান্ত বিষয়ে।

ডোনাল্ড লু ফিরে আসছেন। কিন্তু অমীমাংসিত রয়ে গেল বাংলাদেশের সাথে যুক্তরাষ্ট্রের বিরোধীয় বিষয়গুলি।

# ডোনাল্ড লুর বাংলাদেশ সফর বিশেষ তাৎপর্য আছে কি?

ড. ইমতিয়াজ আহমেদ



যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু বাংলাদেশ সফরে আসছেন আজ। আমি মনে করি, দক্ষিণ এশিয়ার সঙ্গে যুক্তরাষ্ট্রের যে সম্পর্ক, সে ম্যান্ডেটের ধারাবাহিকতায় তার এ সফর। তিনি যে শুধু বাংলাদেশে আসছেন তা নয়, তার এ সফরসূচির মধ্যে ভারত ও শ্রীলংকাও আছে। একেক সময় একেক দেশ তিনি সফর করেন, কারণ এটাই হলো তার ম্যান্ডেট। তার বাংলাদেশ সফরকে আমি অস্বাভাবিক বা ব্যতিক্রম বলে মনে করি না। ডোনাল্ড লু কিংবা এ পদে যিনি থাকবেন, কাজের প্রয়োজনে তিনি নিয়মিতই আসবেন। দ্বিতীয় যে বিষয়টি খেয়াল করা প্রয়োজন তা হলো, ৭ জানুয়ারির নির্বাচনের পর ডোনাল্ড লুর এটাই প্রথম আগমন। তবে এটাও অস্বাভাবিক নয়। বরং নির্বাচনের এতদিন পর যে তিনি আসছেন, এটাই অবাক হওয়ার বিষয়। কারণ, নতুন সরকার এসেছে, স্বাভাবিকভাবেই তাদের তাগিদ থাকার কথা। এ কারণে আমি কিছুটা অবাক হয়েছি।

এক্ষেত্রে একটা কারণ হতে পারে যে, সঙ্গে সঙ্গে এলে হয়তো যুক্তরাষ্ট্রের যে রাজনৈতিক অবস্থান ছিল নির্বাচন নিয়ে, সেটাকে হয়তো অন্যভাবে দেখা হতো। সেজন্য হয়তো তিনি সময় নিয়ে ঢাকা সফরে আসছেন। হতে পারে এটি একটি কারণ। সেটাকে আমি অস্বাভাবিক মনে করি না।

স্বাভাবিকভাবেই ডোনাল্ড লু সফরে আসার পর তিনি নতুন সরকারের সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন। নতুন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলোচনা হবে, বাংলাদেশের সঙ্গে কী কী বিষয়ে তারা সম্পর্ক উন্নয়নে কাজ করতে পারে। কারণ, আমাদের সম্পর্কের বিষয়ে বেশ কয়েকটি জিনিস মনে রাখা দরকার : আমেরিকার সঙ্গে আমাদের বহুমাত্রিক সম্পর্ক রয়েছে; একাধিক ধরনের সম্পর্ক রয়েছে। শুধু যে সরকারি পর্যায়েই আছে তা নয়, ব্যবসায়িক সম্পর্ক আছে, আমাদের প্রচুর ছাত্র সেখানে পড়াশোনা করে, সিভিল সোসাইটির সঙ্গে সম্পর্ক আছে, রোহিঙ্গা ইস্যু নিয়েও সম্পর্ক আছে। অর্থাৎ বিভিন্ন বিষয়ে বহুমাত্রিক সম্পর্ক দুদেশের মধ্যে রয়েছে।

> নির্দোষ ও নিরীহ মানুষের প্রতি এমন নির্মমতা কখনো গ্রহণযোগ্য হতে পারে না। আন্দোলনরত সব পক্ষের বলিষ্ঠ কণ্ঠস্বর একযোগে অচিরেই বিশ্বকে আলোড়িত করবে। বিশেষ করে ইসরাইলের সমর্থক মার্কিন সরকারের বিরুদ্ধে এ যৌক্তিক আন্দোলনের গতিবেগ আরও জোরদার হলে যুক্তরাষ্ট্রে গৃহযুদ্ধের আশঙ্কাও উড়িয়ে দেওয়ার অবকাশ নেই

যেহেতু আমাদের দেশে নতুন সরকার এসেছে তার পাঁচ বছরের ম্যান্ডেট নিয়ে, স্বাভাবিকভাবেই বড় ধরনের পরিকল্পনা তার (ডোনাল্ড লু) থাকবে বাংলাদেশের উন্নয়নকে আরও সামনের দিকে নিয়ে যেতে। যদিও বিশ্বে একটা অর্থনৈতিক সংকট রয়েছে অর্থাৎ ইউক্রেনের যুদ্ধ, ফিলিস্তিনে ইসরাইল কর্তৃক গণহত্যা চলছে। তারপরও স্বাভাবিকভাবেই মার্কিন সরকার তো বসে থাকবে না, তারা চাইবে বড় ধরনের কী কী প্রকল্পে বিনিয়োগ এখানে হতে পারে। সে জায়গায় তাই আমেরিকার আগ্রহ থাকবেই, যেমন জ্বালানি খাতে একটা বড় ধরনের আগ্রহ তো সব সময়ই তাদের ছিল। এমনিতেই এ সেক্টরে আমেরিকার বড় ধরনের বিনিয়োগ আছে, সেটা তারা আরও বৃদ্ধি করতে চাইবে। ইতোমধ্যে বঙ্গোপসাগরে নতুন বিডিংয়ের কথা উঠছে, কাজেই আমেরিকা চাইবে সেখানে যেন তার অংশগ্রহণ থাকে। এক্ষেত্রে যদিও মনে রাখতে হবে, আমেরিকাও ভালো করে জানে, যেটা নির্বাচনের সময়েও কিছুটা পরিষ্কার হয়েছে যে, পৃথিবী একটা বহুমাত্রিক কাঠামোর দিকে চলে যাচ্ছে এবং সেখানে একাধিক দেশ উঠে এসেছে। তার মধ্যে চীন তো আছেই, একইভাবে আমরা ভারতকে দেখছি, রাশিয়াকে দেখছি, জাপানকে দেখছি; অর্থাৎ এসব দেশের সঙ্গেই বাংলাদেশের ভালো সম্পর্ক এবং বড় ধরনের স্বার্থসংশ্লিষ্ট সম্পর্ক রয়েছে। এখন জ্বালানির বিষয় যদি হয় বা যে কোনো উন্নয়ন কাঠামোর বিষয় যদি থাকে, নতুন বিনিয়োগের বিষয় যদি থাকে, তাহলে স্বাভাবিকভাবেই বাংলাদেশের অপশনও বেড়ে গেছে। আগে হয়তো একটি-দুটি অপশন ছিল, এখন অনেক হয়েছে। সে জায়গায় দরকষাকষির ব্যাপার তো আছেই। স্বাভাবিকভাবেই বাংলাদেশ ওই অবস্থানে এখন গেছে। যেহেতু এখন তার একাধিক পার্টনার আছে, তারাও চাইবে এমন বিনিয়োগে রাজি হতে যেটায় তার লাভ। সেটা আমেরিকা ভালো করেই জানে। তাই স্বাভাবিকভাবেই ডোনাল্ড লুর সঙ্গে এসব বিষয়ে সামনাসামনি আলোচনা হতে পারে, যে দরকষাকষিটা তারাও হয়তো করতে চাইবে। কিন্তু ওই অবস্থায় আমেরিকা এখন নেই যে, তারা এসে যাই বলবে, সেটাই মেনে নিতে হবে।

ঠিক একইভাবে আমরা দেখছি, মিয়ানমার নিয়ে বেশকিছু ঘটনা চলমান রয়েছে। সেখানে বেশকিছু এথনিক আর্ম অর্গানাইজেশনের লড়াই চলছে জান্তা সরকারের সঙ্গে এবং সেই লড়াইয়ের কারণে বেশ কয়েকবার আমরা দেখেছি,

এরপর ১৬ পৃষ্ঠায়

# তিস্তা প্রকল্প: চীন-ভারত ছাড়া কি বাংলাদেশের বিকল্প নেই

নজরুল ইসলাম

সম্প্রতি ভারতের পররাষ্ট্রসচিবের দুই দিনব্যাপী বাংলাদেশ সফরকালে আবার তিস্তা প্রসঙ্গ আলোচনায় এসেছে। তাঁর সফরের আগে ভারতের প্রভাবশালী দৈনিক দ্য হিন্দুতে প্রকাশিত প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশে তিস্তা নিয়ে চীনের প্রকল্প ভারতের জন্য উদ্বেগের। কারণ, এটি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ শিলিগুড়ি করিডর এবং উত্তর-পূর্ব রাজ্যগুলোর কাছাকাছি। এই প্রকল্পের পটভূমি ব্যাখ্যা করতে আরও লক্ষ করা হয় যে ভারত তিস্তার পানিবণ্টন চুক্তি সম্পন্ন করতে ব্যর্থ হয়েছে; যা নদী-সম্পর্কিত কার্যক্রমের ভবিষ্যৎ নিয়ে ঢাকার অধৈর্য বাড়িয়ে দিয়েছে। (যুগান্তর, ৮ মে ২০২৪)

অবস্থাদৃষ্টে এমনটা প্রতীয়মান হচ্ছে, তিস্তাবিষয়ক চীনা প্রকল্প থেকে বাংলাদেশকে বিরত করাই সচিবের সফরের অন্যতম উদ্দেশ্য ছিল। বস্তুত সফরকালে ভারতের সচিব ভারত কর্তৃক তিস্তা প্রকল্পের অর্থায়নের প্রস্তাব করেছেন। একে বলা যেতে পারে 'চীনকে বাদ দিয়ে চীনা পরিকল্পনা বাস্তবায়নের' প্রস্তাব।

তিস্তা বিষয়ে 'পাওয়ার-চায়না' কর্তৃক প্রণীত একটি পরিকল্পনার কথা ২০১৬ সাল থেকে শোনা যাচ্ছিল। সে বছর চীনের প্রেসিডেন্ট সি চিন পিংয়ের ঢাকা সফরের আগে 'পাওয়ার-চায়না' বাংলাদেশের সব বৃহৎ নদ-নদীকে অন্তর্ভুক্ত করে 'নদ-নদীর স্থায়িত্বশীল ব্যবস্থাপনা কর্মসূচি' নামে একটি প্রকল্প প্রণয়ন করে।

সূচনায় এই কর্মসূচি যমুনা নদীকে কেন্দ্র করে হওয়ার কথা ছিল। কিন্তু পরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অনুরোধক্রমে এতে তিস্তা নদীকেও অন্তর্ভুক্ত করা হয়। এরই ধারাবাহিকতায় 'পাওয়ার-চায়না' প্রায় এক বিলিয়ন ডলার বাজেটের 'তিস্তা নদী সামগ্রিক ব্যবস্থাপনা ও পুনরুদ্ধার প্রকল্প' প্রণয়ন করে।

প্রথম থেকেই এই প্রকল্প নিয়ে বাংলাদেশ সরকার কড়া 'গোপনীয়তার নীতি' গ্রহণ করেছে বলে প্রতীয়মান হয়। জনগণের প্রতিনিধি হিসেবে সরকার এ ধরনের প্রকল্পের ঋত নেয় এবং কোনো না কোনোভাবে জনগণকেই এই ঋত পরিশোধ করতে হয়। তাহলে জনগণ কেন এই প্রকল্প সম্পর্কে জানতে এবং মতামত প্রকাশ করতে পারবে না, তা বোধগম্য নয়।



ব্যাপারটি আরও পরিহাসমূলক এ কারণে যে 'পাওয়ার-চায়না' এই প্রকল্প নিয়ে ভিডিও তৈরি করেছে এবং ইউটিউবের মাধ্যমে তা বিশ্বব্যাপী প্রচার করছে। ফলে বাংলাদেশের জনগণ নিজের দেশের একটি প্রকল্প সম্পর্কে নিজেদের সরকারের কাছ থেকে জানার পরিবর্তে বিদেশি কোম্পানির কাছ থেকে জানতে পারছে।

এরপরও বাংলাদেশের অনুসন্ধিৎসু সাংবাদিকেরা এই প্রকল্প সম্পর্কে কিছু তথ্য, যেমন প্রকল্পের প্রাথমিক উন্নয়ন প্রকল্প প্রস্তাব (পিডিপিপি) সংগ্রহ করতে পেরেছেন। প্রাথমিক উন্নয়ন প্রকল্প প্রস্তাব এবং 'পাওয়ার-চায়না'র ভিডিওসহ অন্যান্য সূত্রের তথ্যের আলোকে এখন এই প্রকল্প সম্পর্কে মোটামুটি একটি ধারণা আমরা পেয়েছি।

যুক্তরাষ্ট্রের কমনওয়েলথ বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ববিষয়ক অধ্যাপক মো. খালেকুজ্জামান এসব তথ্যের ভিত্তিতে কিছু গবেষণা করেছেন। প্রাপ্ত তথ্য-উপাত্ত ও গবেষণার আলোকে সম্প্রতি প্রকাশিত দুটি গ্রন্থে আমি তিস্তা মহাপরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনা পরিবেশন করেছি। বই দুটি হলো বাংলাদেশে পানি উন্নয়ন: বর্তমান ধারার সংকট এবং বিকল্প পথের প্রস্তাব (২০২৩) ও ওয়াটার ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ: পাস্ট, প্রেজেন্ট অ্যান্ড ফিউচার (২০২২)। বই দুটিতে তিস্তা অববাহিকার উন্নয়নের জন্য বিকল্প কৌশল উল্লেখ করা হয়েছে।

তথ্য-উপাত্ত ও গবেষণা থেকে আমরা দেখি যে চীনা প্রকল্পের মূল প্রস্তাব হলো, তিস্তা নদীর গড় প্রশস্ততা বর্তমানের প্রায় ৩ কিলোমিটার থেকে শূন্য দশমিক ৮১৬ মিটারে (অর্থাৎ ০.২৭২ বা প্রায় এক-চতুর্থাংশে) হ্রাস করা। এর ফলে নদীগর্ভের প্রায় ১৭১ বর্গকিলোমিটার ভূমি পুনরুদ্ধার করা সম্ভব হবে এবং তা নগরায়ণ, সৌরবিদ্যুৎ প্রকল্প স্থাপন, কৃষি উন্নয়ন এবং জনবসতি স্থাপনের জন্য ব্যবহার করা যাবে।

প্রকল্পে আরও বলা হয়, খননের মাধ্যমে তিস্তার গভীরতা বর্তমানের ৫ মিটার থেকে ১০ মিটারে বর্ধিত (অর্থাৎ দ্বিগুণ) করা হবে। আশা করা হচ্ছে, এর ফলে তিস্তার নাব্যতা বৃদ্ধি পাবে। প্রকল্পে আরও আছে বেশ কিছু জেটি, বন্দর ও সড়ক নির্মাণের প্রস্তাব।

নাম থেকেই স্পষ্ট যে পাওয়ার-চায়না কোম্পানির মূল কাজের জায়গা হলো বিদ্যুৎ উৎপাদন। বাংলাদেশের একাধিক বিদ্যুৎ উৎপাদন প্রতিষ্ঠান নির্মাণের ঠিকাদার হিসেবে এই কোম্পানি কাজ করছে। নদ-নদী ব্যবস্থাপনা সম্পর্কে এই কোম্পানি কবে, কীভাবে ও কতখানি পারদর্শিতা অর্জন করেছে, তা স্পষ্ট নয়।

যে বিষয়টি গুরুত্বপূর্ণ তা হলো, পানি ও পলিপ্রবাহের বিপুল পরিমাণ ও চরম ঋতুভেদের কারণে বাংলাদেশের নদ-নদীর সঙ্গে পৃথিবীর অন্য কোনো দেশের নদ-নদীর তুলনা হয় না। বিষয়টি বুঝতে না পারার কারণেই ১৯৬৪ সালে সান ফ্রান্সিসকোয় অবস্থিত ইন্টারন্যাশনাল ইঞ্জিনিয়ারিং কোম্পানি (আইইসি) কর্তৃক প্রণীত এবং বাংলাদেশের সরকারগুলো কর্তৃক অনুসৃত মাস্টারপ্ল্যানটি বাংলাদেশের নদ-নদীর উপকারের পরিবর্তে সমূহ ক্ষতি সাধন করেছে।

হুয়াং হো (পীত নদী) নদীর ব্যবস্থাপনা নিয়ে চীন মধ্যযুগ থেকে সংগ্রাম করে যাচ্ছে। এই নদীর বার্ষিক পানিপ্রবাহের পরিমাণ মাত্র ৫৬ কিউবিক

এরপর ৪৫ পৃষ্ঠায়

> তিস্তার সঙ্গে এর সব শাখা-প্রশাখার সংযোগ পুনঃপ্রতিষ্ঠিত করতে হবে। সব পুরোনো খাল, নালা, বিল ও অন্যান্য জলাধার পুনরুদ্ধার এবং সংযুক্ত করতে হবে। এসব কাজ করতে পারলেই বর্ষার অতিরিক্ত প্রবাহ ধরে রাখা যাবে, শীতকালের সেচের জন্য পানি পাওয়া যাবে এবং হড়কা-বন্যা মোকাবিলা করা যাবে। এই দুই ধারায় বাংলাদেশ যত তাড়াতাড়ি অগ্রসর হয়, ততই মঙ্গল


Editor & Publisher : Shah Nawaz
Chief Editor : Manzur Ahmed
Associate Editor : Hasanuzzaman Saki
Managing Editor : Rano Nawaz
Commercial Chief : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
প্রধান সম্পাদক : মনজুর আহমদ
সহযোগী সম্পাদক : হাসানুজ্জামান সাকী
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
বাণিজ্যিক প্রধান : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# সর্বত্র ছড়িয়ে গেছে কলম্বিয়ার ছাত্র আন্দোলনের আগুন

শাহাব উদ্দীন

অতীত ইতিহাস ঐতিহ্য বজায় রেখে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের এবারের আন্দোলনও ইতিহাস সৃষ্টি করেছে। কলম্বিয়া বিশ্ববিদ্যালয়, যেটি দেশের একটি সর্বোচ্চ বিদ্যাপীঠ, যেখানে গণতন্ত্র, মানবাধিকার, আইনের শাসন, ইতিহাস ইত্যাদি বিষয়ের উপর পাঠদান করা হয় এবং যে শিক্ষা প্রতিষ্ঠান সর্বোচ্চ ডিগ্রি দিয়ে দেশ জাতি গঠনের কারিগর গড়ে তোলে, সেই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যখন দেখে বিশ্বের কোন কোন দেশে মানবাধিকার লংঘিত হচ্ছে বা গণহত্যা চলছে তখন সেখানকার শিক্ষার্থীরা দ্রোহের আগুনে জ্বলে ওঠে। কলম্বিয়ার এবারের আন্দোলন ছিল তারই প্রতিচ্ছবি। তাদের ছড়িয়ে দেয়া আগুনে আমেরিকার বিভিন্ন স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ের সতীর্থরা একই দাবিতে জ্বলে ওঠে। কলম্বিয়ার এ আগুন ছড়িয়ে গেছে আমেরিকার বাইরেও।

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ ইচ্ছে করলে তার সন্তানতুল্য শিক্ষার্থীদের আন্দোলন দমাতে পারতেন। যখন তারা আন্দোলনরত শিক্ষার্থীদের প্রতিনিধিদের সাথে ২৮শে এপ্রিল মিটিং করেছিলেন সে সময় যদি তাদের বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক দাবি যেমন বাংলাদেশী শিক্ষার্থী মায়মনা ইসলাম নূহা সহ ডজন খানেক শিক্ষার্থীদের বহিষ্কার, সাসপেন্ড এই দাবি মেনে নিতেন এবং পর্যায়ক্রমে অন্যান্য দাবি মেনে নেওয়ার আশ্বাস দিতেন তাহলে হয়ত একটি সমঝোতা হতো। তা না করে তারা মেয়র গভর্নর বিভিন্ন উচ্চপদস্থদের চাপে বলপ্রয়োগের ভাষায় কথা বলেন। সেটা ছিল শিক্ষার্থীদের মাঝে আগুনে ঘি ঢেলে দেওয়ার অবস্থা। শিক্ষার্থীরা তাদের ভবিষ্যত অন্ধকার সে কথা চিন্তা করে মরনপণ সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে। এর মধ্যেই কর্তৃপক্ষ ভিডিও ক্লিপ, ফুটেজ ইত্যাদির মাধ্যমে আন্দোলনকারীদের কালো তালিকার বিরাট বড়ো লিস্ট করে। একই সঙ্গে বিভিন্ন বড় বড় কোম্পানির মালিকগন মিডিয়ায় এসে আন্দোলনে সম্পৃক্ত কাহাকেও চাকরি না দেওয়ার ঘোষণা দেন। তাই তারা ২৯শে এপ্রিল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন হ্যামিল্টন হল দখল নেয়। এবং সেই হলের নাম পাল্টিয়ে ইজরায়েল বাহিনীর গোলার আঘাতে নিহত ছয় বছরের ফিলিস্তিনি শিশু 'হিন্দোর জেকের' নাম অনুসারে 'হিনস হল' রাখে। সাদা কাপড়ের উপর লাল কালি দিয়ে লিখে হিন্দোর ছবি সহ ব্যানার টানিয়ে দেওয়া হয়। পাশে তাদের অন্যান্য ব্যানারও শোভা পায়।

ষাটের দশকে অর্থাৎ ষাট বছর পূর্বে ভিয়েতনাম যুদ্ধের সময়ও এই ভবন দখলে নেওয়া হয়েছিলো। এই পদক্ষেপের কারণ হলো বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে চাপ প্রয়োগ। কিন্তু দু:খজনক হলেও সত্য যে, কর্তৃপক্ষ ৩০শে এপ্রিল নিউইয়র্ক সিটি মেয়র ও গভর্নরের সহায়তা নেন। মারমুখী পুলিশ বাহিনী, হেলিকপ্টার, রায়ট ট্রাক, ইত্যাদি নিয়ে বিশ্বের সেরা একটা প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উপর রাতভর নারকীয় তান্ডব চালায়। সাউন্ড গ্রেনেড, টিয়ারগ্যাস, হিনস হলের দেওয়ালে গুলির চিহ্নও দেখা যায়। রাতভর তান্ডবের পর আহত অবস্থায় ২৫০ জনের বেশি শিক্ষার্থীদের গ্রেফতার করা হয়। গুড়িয়ে দেওয়া হয় ক্যাম্পাসে আন্দোলনরতদের তাঁবু সহ সব কিছু। দেশের সেরা মেধাবীদের সাথে পশুর মতো আচরণ করে হামাসের সহযোগী, সন্ত্রাসী ইত্যাদি তকমা দিয়ে তাদেরকে পিছমোড়া করে বেঁধে নিয়ে যাওয়ায় শিক্ষক সহ সচেতন মহল হতবিহ্বল হয়ে যায়। একই রাতে নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়, সিটি কলেজ, ফর্ডহাম বিশ্ববিদ্যালয়ের, ক্যালিফোর্নিয়া ও লস এঞ্জেলস বিশ্ববিদ্যালয় সহ বেশ কয়েকটা ক্যাম্পাসে একই কায়দায় হামলা ও ব্যাপক ধড়পাকড় করা হয়। অসংখ্য শিক্ষার্থীদের গ্রেফতার ও দমন-পীড়নের মাধ্যমে আন্দোলন ভন্ডুল করার চেষ্টা করা হয়। ছাত্র আন্দোলনের উত্তাপ দেখে শাসক গোষ্ঠীর ভিতে কাঁপন শুরু হয়। বিভিন্ন ক্যাম্পাসের আন্দোলন দমাতে পুলিশকে হিমশিম খেতে হয়। আমেরিকা ইউরোপ সহ এইসব দেশের ছাত্র সমাজ সহজে রাস্তায় নামে না। যখন দেখে তার দেশের সরকার সঠিকভাবে দেশ চালাতে পারছেনা অথবা বিশ্বের কোথাও বড় মানবিক বিপর্যয় দেখা যাচ্ছে তখন জাতির বিবেক এবং বিশ্ব মানবতার পক্ষে জীবন দিয়ে হলেও তারা সত্য ও ন্যায়ের পক্ষে দাঁড়ায়। অতীতের ইতিহাস তাই প্রমাণ করে।



আমেরিকা সহ বিশ্বের যে সকল বিশ্ববিদ্যালয়ের সেরা শিক্ষার্থীদের উপর এই হামলা হলো সেখান থেকেই বেরিয়ে আসবে আগামী দিনের দেশ শাসক, বিশ্ব নেতৃত্ব সুতরাং এখন যে অন্যায়ের বিরুদ্ধে মানবতার পক্ষে যে আওয়াজ উঠেছে নিকট ভবিষ্যতে আমেরিকা এবং বিশ্বে এর পরিবর্তন হবে। যেভাবে ভিয়েতনাম যুদ্ধের পর তৎকালীন আমেরিকার নেতৃত্ব বলেছিল 'আমরা ভিয়েতনাম যুদ্ধে হারিনি, আমরা হেরেছি ক্যাম্পাসের আন্দোলনে'। এক জরিপে দেখা যায় ৭৮ শতাংশ শিক্ষার্থী ক্যাম্পাসে পুলিশ বাহিনীর এই ন্যক্কারজনক হামলাকে সমর্থন করে না এবং প্রশাসনের ব্যর্থতাকেই দায়ী করে। তারা আন্দোলনরত আমেরিকার ভবিষ্যত প্রজন্মের কথা একবারও চিন্তা করলেন না। আমেরিকার নেতৃত্ব ব্যস্ত হয়ে পড়েন ইজরায়েল রাস্ট্রের স্বার্থ রক্ষার জন্য।

২০১২ সাল থেকে ফিলিস্তিন জাতিসংঘের পর্যবেক্ষক সদস্য হিসেবে রয়েছে। ১৮ এপ্রিল বৃহস্পতিবার নিরাপত্তা পরিষদে পূর্ণ সদস্যপদ লাভের জন্য প্রস্তাব উত্তাপিত হয়। কিন্তু আমেরিকার ভাটো দেওয়ার কারণে সদস্য পদ আটকে যায়। ২৩ শে এপ্রিল মংগলবার ৯৪ বিলিয়ন ডলার সহায়তা বিল কংগ্রেসে পাশ করে এর সিংহভাগ অর্থ ইউক্রেন ও ইজরায়েলকে দেওয়া হচ্ছে। আর আমেরিকানদের ট্যাক্সের টাকায় অস্ত্র কিনে ইজরায়েল বাহিনীকে দিয়ে ফিলিস্তিনের নিরীহ নারী শিশু বৃদ্ধ, নিরপরাধ এরপর ২৬ পৃষ্ঠায়



> ভারতের খ্যাতিনামা জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়, জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়, ইতালির রোমে স্যাপিয়েঞ্জা বিশ্ববিদ্যালয়, মেক্সিকোর ন্যাশনাল অটোনোমাস বিশ্ববিদ্যালয়, লেবাননের আমেরিকান বিশ্ববিদ্যালয় অব বৈরুত, মাতৃভুমি বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ, এভাবে সারা পৃথিবীর শিক্ষার্থীরা একই দাবিতে ক্যাম্পাসে মুখরিত। বিভিন্ন দেশের শহরের রাস্তায় শান্তির পক্ষের প্রতিবাদী মানুষেরা একাকার। ছাত্র জনতার দাবি একাত্ত্ব হয়ে পুরো বিশ্বের জায়েনিস্ট এবং তাদের দোসরদের জানিয়ে দিতে চায় আমরা সত্য ন্যায়ের পক্ষে আছি, থাকবো। নির্যাতিত, নিপিড়িত ফিলিস্তিনিদের ভূলি নাই ভূলবো না

# বিশ্বকে যে কারণে দ্বিতীয় নাকবা ঠেকাতেই হবে

ফরিদ তামাল্লা

> যুক্তরাষ্ট্র এবং অন্যান্য ইউরোপীয় দেশ এখানে বসতি গড়ে তোলা অল্পসংখ্যক 'হিংসাত্মক' ইহুদির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। তাদের এই নিষেধাজ্ঞা আরোপের ধরন দেখে মনে হবে, যেন বাকি অবৈধ বসতি স্থাপনকারীরা এখানে শান্তিপূর্ণভাবে বসবাস করে। অথচ এটি একেবারে প্রমাণিত মিথ্যা। এ অবস্থায় আমরা বিশ্বের কাছে একটি নতুন নাকবা ঠেকানোর এবং গাজার জনগণকে বাঁচানোর জন্য আবেদন করছি। আন্তর্জাতিক সম্প্রদায়কে এটি করতেই হবে, যেহেতু আজকের এই অবস্থার জন্য তারাই দায়ী। আমরা বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের বিক্ষোভ এবং স্লোগানে আশার আলো দেখতে পাচ্ছি। এই তরুণ আন্দোলনকারীদের পূর্বপুরুষেরা বিগত নাকবা ঠেকাতে ব্যর্থ হয়েছিলেন। সম্ভবত তাঁদের এই সন্তানেরা নতুন নাকবা ঠেকাতে সফল হবেন

১৯৪৮ সালের মে মাসে ইসরায়েলি শাসকগোষ্ঠী ফিলিস্তিনের ঐতিহাসিক ভূখন্ডের ৮০ ভাগের বেশি দখল করে নিয়েছিল। তারা শত শত গ্রাম ধ্বংস করে সাড়ে সাত লাখের বেশি ফিলিস্তিনিকে ভিটে থেকে তাড়িয়ে দিয়েছিল। সেই ঘটনা ফিলিস্তিনিদের জন্য ছিল মহাবিপর্যয়।



সেই ঘটনার স্মরণে তখন থেকে আজ পর্যন্ত প্রতিবছরের মে মাসে ফিলিস্তিনিরা 'নাকবা' (আরবি 'নাকবা' শব্দের অর্থ 'বিপর্যয়') পালন করেন। এই বছর ফিলিস্তিনিরা নাকবাকে এমন একটি 'দ্বিতীয় নাকবা'র মধ্যে স্মরণ করছে, যখন সম্ভবত ফিলিস্তিনিদের ইতিহাসের সবচেয়ে ভয়ংকর ও সবচেয়ে রক্তক্ষয়ী ঘটনার মধ্য দিয়ে যেতে হচ্ছে। আজ প্রথম নাকবার ৭৬ বছর পর আমরা দেখতে পাচ্ছি ফিলিস্তিনিদের ক্ষত থেকে এখনো রক্ত ঝরছে। লাখ লাখ ফিলিস্তিনি উদ্বাস্তুকে নিজের ভিটেমাটিতে ফিরে যাওয়ার অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে। তাদের একেবারে মুছে ফেলার জন্য ফিলিস্তিনিদের অবশিষ্ট অঞ্চলগুলোও ইসরায়েল দখল করে নিয়েছে।

আমার বাবা সেই ভিটেহারা শরণার্থীদের একজন ছিলেন। তিনি ১৯৩১ সালে হাইফায় জন্মেছিলেন। কিন্তু নিজের জন্মস্থানে ফিরে যাওয়ার অধিকার উপলব্ধি করার আগেই তিনি মারা গিয়েছিলেন।

এ বছর ৭৬ বছর আগে বাস্তুচ্যুত হওয়া ফিলিস্তিনিদের বংশধরদের সেই অতীত বিপর্যয়ের বেদনাদায়ক স্মৃতি রোমন্থন করার কোনো দরকার নেই। কারণ, তারা তার চেয়েও ভয়ানক ঘটনার মধ্য দিয়ে যাচ্ছে। যেন ফিলিস্তিনিদের প্রত্যেক প্রজন্মের নিজেদের একটি করে নাকবার মুখোমুখি হওয়াটাই নিয়তি হয়ে দাঁড়িয়েছে।




তবে এবার ইসরায়েল গাজা এবং অধিকৃত পশ্চিম তীরে ফিলিস্তিনিদের শুধু ভিটেছাড়া করতে চাইছে না, তারা মূলত ফিলিস্তিনিদের ওপর গণহত্যা ও জাতিগত নির্মূল অভিযান চালাচ্ছে।

নাকবা এবং চলমান গাজা যুদ্ধের মধ্যকার যোগসূত্রটি শুধু ফিলিস্তিনিরাই যে উপলব্ধি করতে পারছে, তা নয়। ইসরায়েলের শীর্ষস্থানীয় কর্মকর্তারাও 'দ্বিতীয় নাকবা' নিয়ে খোলাখুলি কথা বলেছেন।

ইসরায়েলের কৃষিমন্ত্রী আভি দিশতার ফিলিস্তিনিদের উত্তর দিক থেকে তাড়া খেয়ে দক্ষিণ দিকে যাওয়ার ঘটনাকে 'গাজা নাকবা ২০২৩' বলে আখ্যায়িত করেছেন। ইসরায়েলের পার্লামেন্টের সদস্য এরিয়েল কালনার গাজায় 'দ্বিতীয় নাকবা' ঘটানোর আহ্বান জানিয়েছেন।

গাজার ওপর চাপিয়ে দেওয়া যুদ্ধ সাত মাসের বেশি সময় ধরে চলছে। ইসরায়েলের হামলায় সেখানে এখন পর্যন্ত ৩৫ হাজারের বেশি ফিলিস্তিনি নিহত হয়েছে। আহত ও পঙ্গু হয়েছে ৮০ হাজারের বেশি লোক। বাস্তুচ্যুত হয়েছে ২০ লাখের বেশি লোক।

গাজার এই নতুন বাস্তুচ্যুত লোকেরা মূলত ১৯৪৮ সালের নাকবায় তাড়া খেয়ে ভিটে ফেলে পালিয়ে আসা ফিলিস্তিনিদের বংশধর। নতুন করে ভিটে ফেলে পালানো ফিলিস্তিনিদের মধ্যে এমন কেউ কেউ বেঁচে আছেন, যাঁরা ১৯৪৮ সালে প্রথম নাকবার শিকার হয়েছিলেন।

এই মুহূর্তে আমি যেখানে থাকি, সেই পশ্চিম তীরের অবস্থা গাজার মতো অতটা খারাপ না হলেও সেখানেও ভয়াবহ অবস্থা চলছে। প্রতিদিনই সেখানকার গ্রাম এলাকায় ইসরায়েলি কর্তৃপক্ষকে নতুন ইহুদি বসতি গড়ে তোলার জন্য ফিলিস্তিনিদের জমি দখল করতে দেখছি।

গত নভেম্বরে আমি যে গ্রামে থাকি, তার পাশের দেইর ইসতিয়া গ্রামে জলপাই তোলার সময় ফিলিস্তিনি চাষিদের ওপর বসতি স্থাপনকারীরা হামলা চালিয়েছিল। হামলাকারীরা আরবিতে লেখা লিফলেট ছড়িয়ে দিয়েছিল। সে লিফলেটে লেখা ছিল, ওই এলাকার ফিলিস্তিনিরা জর্ডানে পালিয়ে না গেলে তাদের নতুন নাকবার মুখে পড়তে হবে।


যুক্তরাষ্ট্র এবং অন্যান্য ইউরোপীয় দেশ এখানে বসতি গড়ে তোলা অল্পসংখ্যক 'হিংসাত্মক' ইহুদির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। তাদের এই নিষেধাজ্ঞা আরোপের ধরন দেখে মনে হবে, যেন বাকি অবৈধ বসতি স্থাপনকারীরা এখানে শান্তিপূর্ণভাবে বসবাস করে। অথচ এটি একেবারে প্রমাণিত মিথ্যা। এ অবস্থায় আমরা বিশ্বের কাছে একটি নতুন নাকবা ঠেকানোর এবং গাজার জনগণকে বাঁচানোর জন্য আবেদন করছি। আন্তর্জাতিক সম্প্রদায়কে এটি করতেই হবে, যেহেতু আজকের এই অবস্থার জন্য তারাই দায়ী।

আমরা বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের বিক্ষোভ এবং স্লোগানে আশার আলো দেখতে পাচ্ছি। এই তরুণ আন্দোলনকারীদের পূর্বপুরুষেরা বিগত নাকবা ঠেকাতে ব্যর্থ হয়েছিলেন। সম্ভবত তাঁদের এই সন্তানেরা নতুন নাকবা ঠেকাতে সফল হবেন।

**লেখক: ফিলিস্তিনি সাংবাদিক ও পরিবেশবাদী আন্দোলনকর্মী।**

# ফুটন্ত কড়াই নাকি জ্বলন্ত উনুন

আসিফ নজরুল



> নাগরিক সমাজ থেকে আমরা প্রায়ই রাজনৈতিক দলগুলোকে আত্মসমালোচনা করতে বলি। আমার মনে হয়, একই কাজ আমাদের নাগরিক সমাজেরও করা উচিত। অহমিকা, ক্ষুদ্র স্বার্থচিন্তা, সংকীর্ণ বিবেচনাবোধ আমাদেরও রয়েছে। এসব দুর্বলতা দেশে গণতন্ত্র, সুশাসন, মানবাধিকার ও সাম্য প্রতিষ্ঠায় আমাদের শক্তিকে ক্ষতিগ্রস্ত করেছে। যেমন কড়াই আর উনুনতত্ত্বে বিভক্ত থেকে কর্তৃত্ববাদী শাসনব্যবস্থার শক্তি বৃদ্ধিতে পরোক্ষভাবে হলেও আমরা অবদান রাখছি, নিজেরাও অনেকে সেই শাসনব্যবস্থার নিপীড়নের শিকার হচ্ছি। এসব অপ্রিয় সত্য আমরা কি ভেবে দেখতে রাজি আছি?

আমরা স্কুলজীবনে অনেক কষ্ট করে বাগ্‌ধারা শিখতাম। বর্তমানে এমন একটি বাগ্‌ধারার বেশ ব্যবহার হচ্ছে রাজনৈতিক অঙ্গনে। সেটি হচ্ছে 'ফুটন্ত কড়াই' থেকে 'জ্বলন্ত উনুনে' পড়ে যাওয়া!

প্রথমটির চেয়ে দ্বিতীয়টি আরও ভয়ংকর। এই বাগ্‌ধারা বলতে তাই বোঝায়, ছোট বিপদ থেকে বাঁচতে গিয়ে বড় বিপদের খপ্পরে পড়া।

কয়েক বছর ধরে বাগ্‌ধারাটি প্রায়ই ব্যবহার করছে কিছু বাম রাজনৈতিক দল। তারা কড়াই বলতে আওয়ামী লীগকে, উনুন বলতে বিএনপিকে বোঝায়।


কাজেই তাদের বক্তব্য হচ্ছে, বিএনপির সঙ্গে আন্দোলন করে তাদের ক্ষমতায় বসালে সমস্যা আরও বাড়বে। এটি না করার চিন্তা থেকে তারা প্রয়োজনে জনগণের ভোটাধিকার আন্দোলনকে দুর্বল ও বিচ্ছিন্ন রাখতে রাজি আছে, এমনকি রাজি আছে বর্তমান একচ্ছত্র শাসনব্যবস্থা এবং এর নানা অন্যায় ও অনিয়ম সব মেনে নিতেও।

আওয়ামী লীগ ও বিএনপি সম্পর্কে একই ধরনের মনোভাব পোষণ করেন আমাদের নাগরিক সমাজের অনেকে। এমন মনোভাব যে কতটা জোরালোভাবে তাঁদের কাজকে প্রভাবিত করছে, এর আভাস পেলাম দুর্নীতিবিরোধী আন্দোলনের অন্যতম ব্যক্তিত্ব ইফতেখারুজ্জামানের কয়েক দিন আগের বক্তব্যে।

'ঢাকা ফোরাম' আয়োজিত সেদিনের আলোচনা অনুষ্ঠানে নানা বিষয়ের মধ্যে নাগরিক সমাজের বর্তমান ভূমিকার প্রসঙ্গ উত্থাপিত হয়।

সেখানে ইফতেখারুজ্জামান বলেন, নাগরিক সমাজ এখন প্রত্যাশিতভাবে কাজ করতে পারছে না দুটি কারণে। এক. সরকারের নানা ধরনের নিয়ন্ত্রণনীতি ও খবরদারি। দুই. নাগরিক সমাজের কেউ কেউ ফুটন্ত কড়াই আর জ্বলন্ত উনুনতত্ত্বে বিশ্বাস করেন; তাঁদের মধ্যে এই দ্বিধা কাজ করে যে আওয়ামী লীগ আর বিএনপির মধ্যে কোনটি আসলে কম খারাপ।

ইফতেখারুজ্জামানের কথার মানে হচ্ছে, নাগরিক সমাজের কেউ আওয়ামী লীগকে, কেউ বিএনপিকে কম খারাপ ভাবেন, অন্য দলকে বেশি খারাপ ভাবেন। আমি মনে করি,



এটি ভাবা তাঁদের ব্যক্তিগত পছন্দ ও স্বাধীনতার বিষয়। কিন্তু সমস্যা হচ্ছে, এই ভাবনা থেকে তাঁরা নাগরিক আন্দোলনকে নিয়ন্ত্রণের চেষ্টা করেন, আমলবিশেষে নিজেরা সোচ্চার বা নিশ্চুপ থাকেন।

০২.

আমি মনে করি, নানা বিষয়ে আওয়ামী লীগ ও বিএনপিড় দুটি দলকে খারাপ ভাবার কারণ রয়েছে। কিছু ভালো কাজের পাশাপাশি ক্ষমতায় থাকাকালে দুটি দলই কমবেশি দুর্নীতি, মানবাধিকার লঙ্ঘন, ক্ষমতার অপব্যবহার, নির্বাচনে কারচুপিসহ নানা অনাচার করে থাকে। তাই নাগরিক সমাজের কারও কাছে বিএনপিকে বেশি খারাপ, কারও কাছে আওয়ামী লীগকে বেশি খারাপ মনে হতে পারে।

তবে আমি মনে করি, উপরিউক্ত সাবজেক্টিভ বিবেচনা থেকে কখনো নাগরিক সমাজের ইস্যুভিত্তিক বা অবজেকটিভ আন্দোলনকে দুর্বল করা উচিত নয়। সেখানে মুখ্য থাকা উচিত ন্যায়-অন্যায় বোধ, কে এই বোধের সুবিধা পাবেড়এ বিবেচনা নয়। যেমন আমরা যদি মানুষের ভোটাধিকারে বিশ্বাস করি, তাহলে যে আমলেই ভুয়া নির্বাচন হবে, তার বিরুদ্ধে সবার দাঁড়ানো উচিত।

সঠিক ভোট হলে বিএনপি বা আওয়ামী লীগ, কে ক্ষমতায় আসবে, এটি গণতন্ত্রে বিশ্বাসী নাগরিক সমাজের কাছে বিবেচ্য বিষয় হতে পারে না; তার কাছে বিবেচ্য বিষয় হবে মানুষের ভোটাধিকার রক্ষিত হচ্ছে কি না, সেটি।

তাঁদের কেউ কেউ যদি মনে করেন, ভোটাধিকার রক্ষিত হলে তাঁদের অপছন্দের 'বেশি খারাপ' দলটি ক্ষমতায় আসতে পারে, তবু তাঁদের জনগণের ভোটাধিকার ও তাদের সার্বিক বিবেচনাবোধের ওপর শ্রদ্ধাবোধ থাকা উচিত। কারণ, বাংলাদেশের ১৯৭২ সালের সংবিধান, মহান মুক্তিযুদ্ধের চেতনা এবং সব বৈশ্বিক ও জাতীয় মানবাধিকার দলিলে গণতন্ত্রের মৌলিক ভিত্তিই হচ্ছে জনগণের ভোটাধিকার।

একইভাবে আমরা যদি ১৯৭২ সালের সংবিধান বিশ্বাস করি, নিজেদের মানবাধিকারকর্মী ভাবি, তাহলে সব ধরনের নিপীড়ন, নির্যাতন ও অন্যায়ের প্রতিবাদ করতে হবে। এখানে বিবেচ্য হতে হবে মানবাধিকার লঙ্ঘনের প্রশ্নটি, ভিকটিম বা অপরাধী কাকে আমি কতটা পছন্দ বা অপছন্দ করি, প্রতিবাদ করা বা না করার ক্ষেত্রে তা বিবেচ্য বিষয় হতে পারে না। আবার দেশে দুর্নীতি হলে শাসক দলের সমালোচনা নির্মোহভাবে করতে হবে, শাসক দলের কোন পরিবার আমার প্রিয় বা কোনটি বেশি অপছন্দের, এটি সমালোচনা করার নিয়ামক হিসেবে কাজ করতে পারে না। আমরা অনেকে এটি মনে রাখি না।

০৩.

আমি এ-ও বিশ্বাস করি যে ফুটন্ত কড়াই আর জ্বলন্ত উনুনতত্ত্ব দেশের বর্তমান প্রেক্ষাপটে ভুল একটি প্রপঞ্চ। দেশে যখন সুষ্ঠু নির্বাচন হতো, তখন হয়তো এটি বলার অবকাশ ছিল। কিন্তু পরপর তিনটি প্রশ্নবিদ্ধ নির্বাচনের বিষাক্ত তেজে বলীয়ান হয়ে ফুটন্ত কড়াই এখন এতটাই ভয়াবহ হয়ে উঠেছে যে এর সঙ্গে ক্ষমতার এরপর ২৬ পৃষ্ঠায়

GRAND OPENING
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite: 205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
014-05 Liberty Ave, Ozone Park, NY -11417. TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432. TEL: 718-764-6911



Naresh Gehi, Esq

ইমিগ্রেশন ব্যাংক্রাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানমি ভিসা প্রসেসিং।

● Do you want apply for a green card? ● Are you being deported?
● Are you having credit card problems? ● Are you unable to pay your debts?
● Has your bank account been sealed? ● Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

ON MANY OCCASIONS OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

Call: 718-263-5999

* তুলনামূলকভাবে কম ফি * সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ


MortgageDepot™
Team Bailey
Presents
USBCCI REAL ESTATE EXPO 2024
উপস্থিতির জন্য থাকছে যেসব সুবিধা
● ইউএসবিসিসিআই রিয়েল এস্টেটএক্সপো আয়োজন করছে ইউএসবিসিসিআই। এক্সিবিটর, রিয়েলটর এবং ক্রেতাদের জন্য এটি একটি দারুন সুযোগ।
● একটি বাড়ীর কেনার জন্য সব ধরনের সুযোগ থাকছে এই এক্সপোতে।
● লোন প্রয়োজন হলে মর্টগেজ থেকে শুরু করে আইনি পরামর্শের জন্য অ্যাটর্নি, টাক্স ফাইলিং সহযোগীতার জন্য থাকছেন অভিজ্ঞ সিপিএ।
● ১ পার্সেন্ট ডাউন পেমেন্টে বাড়ী কেনার দারুন সুযোগ থাকছে ইউএসবিসিসিআই রিয়েল এস্টেট এক্সপোতে। সাথে থাকছে নিউইয়র্ক স্টেটের গ্রান্ট ১০ হাজার থেকে ১ লাখ ডলার পর্যন্ত। ইসলামী শরীয়া অনুযায়ী বাড়ী কেনার অনন্য সুযোগ থাকছে এক্সপোতে।
ফ্রি টিকিটের জন্য স্ক্যান করুন
নিউইয়র্ক
লাগার্ডিয়া ম্যারিয়ট হোটেলে
শনিবার
১৮ মে, ২০২৪ সকাল১০:০০ থেকে সন্ধ্যা ৬:০০ পর্যন্ত
অনুষ্ঠানে যা থাকছে
৫০+ টি স্টল
৬ +প্যানেল আলোচনা
১০০০+অংশগ্রহণকারী
এক্সপোতে ক্রেতাদের জন্য ফ্রি লোন প্রি-এপ্রুভালের সুযোগ থাকছে.
Visit Us
www.usbccirealestateexpo.org
Sponsored
PLATINUM
রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
Nurul Azim
GOLD
CARBON TEAM CROSSCOUNTRY MORTGAGE
SMA
LAW OFFICE OF SARDAR M. ASADULLAH PLLC
SILVER
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
CORPORATE
Nacmias Law Firm
Citywide Insurance Agency
Organized by :
USBCCI
U.S. Bangladesh Chamber of Commerce & Industry
VENUE :
MARRIOTT
NEW YORK LAGUARDIA AIRPORT
In Collaboration With :
BROOKLYN CHAMBER OF COMMERCE
Queens Chamber of Commerce
Technology Partner
USBD
DIGITAL SOLUTIONS

# বিরাট মূল্যহ্রাস

# BISMILLAH

## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

**১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি**

**৩টি রেড হার্ড চিকেন $17.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি**

আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম

**স্পেশাল সেল**

**৩টি রেড হার্ড চিকেন $17.99**

Approved by

SBNY

Shariah Board New York

HALAL MONITORING SERVICES حلال HMS CERTIFIED HAND ZABIHA ™

**শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট**



**আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ**

এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ
ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা, মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ



**প্রতিদিন স্পেশাল ঃ বিফ উইথ বোর্ন $3.99**

**অল হোয়াইট চিকেন $2.99**

শুধুমাত্র সীমিত সময়ের জন্য

Scan Here to Shop & Get Free Delivery



**ফ্রি ডেলিভারী**
মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER NETWORK BENEFIT

Open 7 Days: 8:00am to 7:00pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

**718.205-7200 | 718.205.8262**


NABANNO
RESTAURANT & PARTY CENTER
حلال
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
• আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
• পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com


NABANNO
Chinese Restaurant
حلال
HALAL
FREE WiFi
Deshi Style
Halal Chinese Food
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার
পরিবেশন এবং ক্যাটারিং করি।
Nabanno Chinese Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone: 718 734 6060
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com


NABANNO
RESTAURANT & PARTY CENTER
WELCOME TO
Party
সুসজ্জিত হলে বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন সহ
সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের
জন্য সবচেয়ে নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
Nabanno party Center
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000
FREE WiFi
حلال
HALAL

# ধর্মনিরপেক্ষতা ও গণতান্ত্রিক অধিকার রক্ষার লড়াই

## ভারতের নির্বাচন

মোদী সচেতনভাবে সংবিধানের ধর্মনিরপেক্ষতাকে কদর্যভাবে লঙ্ঘন করেছেন। ধর্মীয় সংখ্যালঘু বিশেষ করে মুসলিমদেও বিরুদ্ধে ঘৃণা বিদ্বেষ তীব্র গতিতে বাড়ছে সরকার ও শাসক দলের মদতে। সশস্ত্র সাম্প্রদায়িকতাকে উস্কানি দিয়ে দাঙ্গার আবহ তৈরি করা হচ্ছে। দেশজুড়ে সংখ্যালঘুদের ওপর হামলা চালানোর বেসরকারি ঠ্যাঙাড়ে বাহিনীকে বৈধতা দেওয়া হয়েছে। পদে পদে ধর্মনিরপেক্ষতাকে পদদলিত করে সংখ্যাগুরুদের জয়গান করে হিন্দুত্বের আধিপত্যের নাগপাশে গোটা সমাজ ও প্রশাসনকে বেঁধে ফেলা হচ্ছে। তাই এই শক্তিকে শুধু ক্ষমতাচ্যুত নয়, নাগরিক সমাজ থেকে বিচ্ছিন্ন করে দিতে হবে। এই নির্বাচন তারই এক মস্তবড় সুযোগ। ধর্মনিরপেক্ষতা ও গণতন্ত্রকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে মোদী বিরোধীদের জয়যুক্ত করতে হবে

### সুব্রত বিশ্বাস



আরএসএস'র হিন্দুত্ববাদী রাজনৈতিক প্রকল্পের চৌহদ্দির মধ্যে এক দেশ, এক ভাষা, এক ধর্ম, এক দল, এক নেতার ধারণাকে যেভাবে শাসন ব্যবস্থার মর্মবস্তু হিসেবে প্রতিষ্ঠিত করার চেষ্টা চলছে মূলত সেটাই ভারত নামের রাষ্ট্রটির গণতান্ত্রিক চরিত্রকে নির্মূল করার প্রাথমিক পদক্ষেপ। আধুনিক বিজ্ঞান ও যুক্তিবাদের ছাঁকনি পেরিয়ে যে গণতন্ত্রের বিকাশ সেখানে কোনও ব্যক্তি মানুষই পুরোপুরি নির্ভুল, কলুষমুক্ত, সমালোচনা বা বিতর্কের উর্ধ্বে হতে পারে না। তাই গণতন্ত্রে স্বৈরতন্ত্রী বা একনায়কের কোন জায়গা নেই। কিন্তু মোদীর নেতৃত্বে শাসক দল বা সরকারের যে রূপান্তর ঘটেছে সেখানে দলে ও সরকারে একজনই শেষ কথা বলার অধিকারী। নেতা একজন। বাকিরা সব নেতার জয়ধ্বনি করা ভক্ত ও অনুগত। নিঃশর্তে নিঃসঙ্কোচে, অন্ধের মতো নেতার আদেশ পালন ও নেতাকে অনুসরণ করাই ভক্তদের একমাত্র কাজ। নেতাকে প্রশ্ন করার বা অন্য কিছু বলার বা ভাবার অধিকার তাদের নেই। ধর্ম ও রাজনীতির মিশেলে এমন এক রাজনৈতিক পরিমন্ডল সচেতনভাবে তৈরি করা হচ্ছে যেখানে ধর্মের প্রতিনিধিত্ব করছে দল আর নেতা হয়ে উঠতে চাইছেন ধর্মগুরুদেরও গুরু।

ধর্ম মানে যুক্তি ও বিজ্ঞান বর্জিত অন্ধ বিশ্বাস। ধর্মের মোড়কে রাজনীতির প্রতিষ্ঠা মানেও তাই রাজনৈতিক অন্ধ বিশ্বাস। এহেন রাজনীতিতে ধর্মভীরুতা তাই প্রধান অনুসঙ্গ হয় অদৃষ্টবাদকে প্রতিষ্ঠিত করে। নরেন্দ্র মোদীরা রাজনীতিকে এভাবে ধর্মান্ধতার আখড়ায় পরিণত করে ধর্মীয় সংখ্যাগুরুবাদের আড়ালে রাষ্ট্র ক্ষমতাকে একদলীয় স্বৈরাচারী কবজায় আনতে চান।

গণতন্ত্র মানে নির্দিষ্ট সময় অন্তর ভোট এবং সরকার গড়া নয়। গণতন্ত্রের পরিধি আরও সুদূর প্রসারিত। গণতন্ত্র মানে প্রতিটি নাগরিক সত্তার স্বাতন্ত্র্য। ধর্মাচারণের স্বাধীনতা, ধর্মান্তরের স্বাধীনতা এবং কোন ধর্মে বিশ্বাস না থাকারও স্বাধীনতা। গণতন্ত্র মানে স্বাধীনভাবে নির্ভয়ে নির্দ্ধিধায় মত প্রকাশ, সমালোচনা, বিরোধিতা ও ভিন্ন মত পোষণের অধিকার। গণতন্ত্র মানে খাদ্য, পোশাক, ধর্ম সংস্কৃতি, ভাষা ইত্যাদি বাছাই করার অধিকার। গণতন্ত্র মানে সব ধর্মের, জাতিগোষ্ঠীর, ভাষার, সংস্কৃতির মানুষের ঐতিহ্যকে বহন করে নিজেদের মতো করে বাঁচার অধিকার। এই হাজারো স্বাতন্ত্র্য ও বৈচিত্র্যের মধ্যে ঐক্যের সুরটা হলো ভারতবর্ষের মূলমন্ত্র। ভারতের গণতন্ত্র এই ভারতবর্ষকেই সুরক্ষিত করতে বদ্ধপরিকর। মোদী সরকার এর মূলেই লাগাতার কুঠারাঘাত করে তাকে নির্মূল করার অভিযান চালাচ্ছে। ইউপিএ, এনএসএ, পিএমএলএ প্রভৃতি আইনকে কঠোর থেকে কঠোরতম করে যাবতীয় ভিন্নসুর ও বিরোধিতার কণ্ঠকে স্তব্ধ করতে চাইছে। শিক্ষক, অধ্যাপক, গবেষক, আইনজীবী, সমাজকর্মী, সাংবাদিক, রাজনৈতিককর্মী থেকে শুরু করে সরকারের সুরে সুর না মেলানো লোকদের বিনাবিচারে বন্দী করে রাখা হয়েছে। আত্মসমর্পণ না করে স্বাধীন নিরপেক্ষ সাংবাদিকতাকে যারা দৃঢ়ভাবে আঁকড়ে ধরে আছেন তাদের ঠিকানা আজ জেল। শ্রমিক, কৃষক সহ গণতান্ত্রিক আন্দোলনকারীদের দমন করা হচ্ছে নির্মমভাবে। সরকারের বিরুদ্ধে গণতান্ত্রিক পন্থায আন্দোলনেরও অধিকার নেই। সংসদও চলছে একদলীয় হুলিয়ায়। কোন আলোচনা ছাড়া বিরোধীদের মতামত ছাড়া একতরফা পাশ হয়ে যাচ্ছে যাবতীয় বিল। এমনকি বিরোধী সসদ্যদের বহিস্কার করে বিল পাশের পথ মসৃণ করা হয়েছে।



গণতন্ত্রের স্তম্ভ হিসেবে পরিগণিত সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোকে করে তোলা হয়েছে সরকারের অধীনস্ত প্রতিষ্ঠানে। সিবিআই, ইডি, আইটি'কে শাসকদলের শাখায় পরিণত করে বিরোধী নেতাকর্মীদের ভাঙিয়ে শাসক দলে ভেড়ানোর অস্ত্র হিসেবে ব্যবহার করা হচ্ছে। অর্থনৈতিকভাবে রাজনৈতিক তোলাবাজিতে সংগৃহীত বিপুল অর্থ ঘুষ হিসেবে ব্যবহার করে বিরোধী দলের বিধায়ক কিনে সরকার দখল করা হয়েছে। এক দলের হয়ে ভোটে জিতে বিজেপি'র কাছে বিক্রি হচ্ছে শত শত কোটি টাকায়। জনমতের কুৎসিত ধর্ষণ ছাড়া একে আর কি বলা যেতে পারে। মোদীর নেতৃত্বে ভারতের গণতন্ত্রের বলাৎকার চলছে এভাবেই। আর কিছুদিন সুযোগ পেলে ভারতের বুকে গণতন্ত্র বলে আর কিছু অবশিষ্ট থাকবে না। সেটা কোনও অবস্থাতেই হতে দেওয়া যায় না। এই নির্বাচনেই গণতন্ত্র বিরোধী শক্তিকে সরিয়ে গণতন্ত্রের শক্তিকে প্রতিষ্ঠিত করতে না পারলে ধসে যাবে স্বাধীন ভারতের মূল কাঠামো।

অন্যদিকে ধর্মনিরপেক্ষতা মামুলি কোনও শব্দবন্ধ নয়। আধুনিক সভ্য সামাজিক ভাবনায় যে রাষ্ট্রকাঠামোর নির্মাণ তার অন্যতম প্রধান উপাদান ধর্মনিরপেক্ষতা। রাষ্ট্রের চরিত্র যদি উদার হয়, মানবিক হয় এবং গণতান্ত্রিক হয় তাহলে সেখানে ধর্মনিরপেক্ষতার সংযোজন অপরিহার্য। ধর্মনিরপেক্ষতাকে বাদ দিয়ে গণতন্ত্রের ধারণাই অচল এবং অসম্পূর্ণ। ভারত একটি ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক রাষ্ট্র। স্বাধীন ভারতের জন্মলগ্ন থেকে অম্বেদকরের নেতৃত্বে সংবিধান প্রণেতারা ভারত রাষ্ট্রের গ্রন্থিতে গ্রন্থিতে গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার সুর বেঁধে দিয়েছিলেন। সেটাই ভারতের জাতীয় সংহতির প্রধান ভিত্তি। নানা ধর্ম, নানা ভাষা ও সংস্কৃতির সমন্বয়ে গঠিত ভারতের অন্তর্গত শক্তির উৎস নিহিত আছে ধর্মনিরপেক্ষতা ও গণতন্ত্রের প্রসারিত ভূমিতে। তাই ধর্মনিরপেক্ষতাকে বাদ দিয়ে গণতন্ত্রের অস্তিত্ব যেমন থাকতে পারে না তেমনি এই দুটোকে বাদ দিয়ে ভারতের ও ভারতীয়ত্বের বিকাশও অসম্ভব।

এরপর ২৬ পৃষ্ঠায়

# পশ্চিমবঙ্গে আদর্শ রক্ষা ও ভোটের দোলাচলে মতুয়ারা

### আলতাফ পারভেজ

১৯৪৭ সালের আগে মতুয়াদের বড় অংশ 'নমশূদ্র' নামে পরিচিত ছিল। তারও আগে তাদের পরিচয় ছিল শুধুই 'নমো'। রাজনৈতিকভাবে মতুয়াদের বিভক্তি এবং অসাম্প্রদায়িক ঘরানার রাজনীতি থেকে তাদের একাংশের ফারাক তৈরি হয়েছে। লোকসভা নির্বাচনে মতুয়া ভোটব্যাংকের পরিণতি খানিকটা আগাম বুঝিয়ে দেবে, বিধানসভা নির্বাচনে কারা সরকার গড়তে যাচ্ছে।

ভারতে ভোট শেষ হতে আরও কিছুদিন বাকি। পশ্চিমবঙ্গের বেলায়ও একই হিসাব। তবে কে কাকে ভোট দিচ্ছেন, কোন গোষ্ঠী কোন দিকে হেলে পড়ছে, তার মেঠো ময়নাতদন্ত চলছে এখন। এর মধ্যে বিশেষ মনোযোগে আছে পশ্চিমবঙ্গের 'মতুয়ারা'। ভোটের রাজনীতির কবলে পড়ে ধর্মীয় এই ঘরানার কেন্দ্রে সৃষ্ট কোন্দল ও ভাঙন নিয়েও আলোচনা হচ্ছে বিস্তর। এর মধ্যে এ প্রশ্নও উঠেছে যে ভোট ও রাজনীতির দোলাচলে মতুয়াদের জাতপাতবিরোধী মূল আদর্শে কোনো টান পড়ল কি না?

'মতুয়াদের' আদি কথা:

দক্ষিণ এশিয়ার রাজনীতিতে পশ্চিমবঙ্গের মতুয়াদের নিয়ে প্রায়ই আলোচনা ওঠে। দিল্লি থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিগত ভোটের সময় বৃহত্তর ফরিদপুরে এসে ওই আলোচনাকে আন্তর্জাতিক চেহারা দিয়েছিলেন। ঢাকায় তখন সহিংস বিক্ষোভও হয়, যার জেরে কয়েকটি সংঘর্ষে বেশ কিছু নিহতের ঘটনাও ঘটে। পাশাপাশি বিশ্ব জেনেছিল যে মতুয়া দর্শনের অনেক মানুষ আছেন বাংলাদেশেও।

কাশিয়ানীর ওড়াকান্দি এই সম্প্রদায়ের আদি ভূমি। কিন্তু দক্ষিণ এশিয়ার বড় রাজনীতিবিদদের যে কারও আগে মোদি-বিজেপি-আরএসএসের কাছে ওড়াকান্দি যে বাড়তি মনোযোগ ও সম্মান পেল, সেই কৃতিত্ব গেরুয়া শিবিরের গবেষকদের দিতেই হয়।

২০২১ সালের মার্চে কাশিয়ানীতে বিজেপি নেতার সফর মতুয়াকেন্দ্রিক ক্ষমতার রাজনীতির গণিতকে এতটাই প্রচার দিয়েছে যে নতুন প্রজন্মের কাছে এখন মতুয়াবাদের পেছনের ইতিহাস বেশ আড়ালেই পড়ে গেছে।

আজ যাঁরা 'মতুয়া', ১৯৪৭ সালের আগে তাঁদের বড় অংশ 'নমশূদ্র' নামেই পরিচিত ছিলেন। তারও আগে তাঁদের পরিচয় ছিল শুধুই 'নমো'।

নমোদের মতুয়া চেতনায় জড়ো হওয়ার শুরু হরিচাঁদ ঠাকুরের মাধ্যমে, যদিও সব নমো মতুয়া হয়ে যাননি আজও। 'হরি' নামে 'মত্তরাই' কেবল মতুয়া অভিধা পেলেন। বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের এখনকার প্রায় ৫০ ভাগ হবেন এ রকম মানুষ। তাঁদেরই আদি গুরু হরিচাঁদ চেয়েছিলেন, 'হরি' নামকে কণ্ঠে নিয়ে বাংলায় বল্লাল সেনদের তৈরি করে যাওয়া '৩৬ জাতকে' জোড়া লাগাতে। সেই সূত্রেই জন্ম 'হরিবোলা' সম্প্রদায়ের।

হরিচাঁদ ঠাকুরের ছেলে গুরুচাঁদ এবং গুরুচাঁদের নাতি প্রমথরঞ্জন ঠাকুর (পি আর ঠাকুর নামে অধিক পরিচিত) এই আন্দোলনে শিক্ষা ও রাজনীতির যোগ ঘটান। ইতিমধ্যে 'হরিবোলারা' 'মত্ত' বা 'মাতোয়ারা'থেকে মতুয়া হয়েছেন এবং তাঁদের ধর্মপুস্তকে আদি পরিচয়ে 'মৈথিলী ব্রাহ্মণ' কথাটাও যুক্ত হয়। এই প্রক্রিয়ায় হরিবোলাদের ৩৬ জাতকে এক করার অঙ্গীকার কমে গিয়ে 'মতুয়া' হিসেবে নিজেই একটা জাত হয়ে ওঠার প্রচেষ্টা দেখা দেয়।



ইতিমধ্যে ১৯৪৭ ও বিশেষভাবে ১৯৫০-এর দাঙ্গা এই সমাজকে লন্ডভন্ড করেছে। ওড়াকান্দি ছাড়িয়ে বনগাঁর 'ঠাকুরনগর' মতুয়াদের দ্বিতীয় পবিত্র ভূমি হয়ে উঠেছে।

পি আর ঠাকুরের মৃত্যুর পর ১৯৯০ সাল থেকে ঠাকুরনগরে বসেই এই আন্দোলনের নেতৃত্ব দেন তাঁর স্ত্রী বীণাপানি দেবী তথা 'বড় মা'। ২০১৯ সালে বীণাপানি দেবীর মৃত্যুর পর মতুয়া আন্দোলন তার ভরকেন্দ্রে আর কোনো একক নেতৃত্ব ধরে রাখতে পারেনি। বহুমুখী সাংগঠনিক প্রবণতা তৈরি হলো এই ধর্মীয় সম্প্রদায়ের রাজনৈতিক পছন্দঅপছন্দে। বিশেষ করে এককালের জাতপাতবিরোধী এই সম্প্রদায়ের মধ্যে বিজেপির প্রভাব বাড়ল।

এটা আবার সহজে নিতে পারল না সম্প্রদায়ের কেউ কেউ। যদিও এবার কিছু ভোট মমতার ঘাসফুল মার্কায় থাকছে, কিন্তু মতুয়া ভোটের বড় হিস্যা আশা করছে বিজেপি। কয়েকটি আসনে মতুয়াদের নিজেদের প্রার্থীও আছেন। ভোটের অঙ্কও তাই বহুমুখী। যে অঙ্কের আড়ালে পড়ে গেছে হরিচাঁদের সমাজচেতনা। সে বিষয়ে কথা বেশ কম।

ক্ষমতার রাজনীতিতে 'ঠাকুরবাড়ি':

বাংলাদেশের মতুয়ারা গত পঞ্চাশ বছরে কমবেশি পুরোনো এক রাজনৈতিক পছন্দই আঁকড়ে আছেন। কিন্তু পশ্চিমবঙ্গে থাকা একই জনগোষ্ঠীর অপর অংশের অবস্থান সে রকম নয়। দেশভাগের আগে-পরে স্বল্প সময়ের জন্য তাঁদের প্রথম পছন্দ ছিল কংগ্রেস। ১৯৬২ সালের বিধানসভা নির্বাচনে পি আর ঠাকুর কংগ্রেসের মনোনয়নে প্রথম বিধানসভার সদস্য হন নদীয়ার হাঁসখালী থেকে। স্বল্পকাল পরই তিনি কংগ্রেস ছাড়েন।

তারপর পশ্চিমবঙ্গে শুরু হয় বামফ্রন্টের কাল। মতুয়া জগতেও লাল পতাকার প্রভাব দেখা যায়। এটা অস্বাভাবিক ছিল না। নমো কৃষক সমাজে বামপন্থীদের প্রভাব দেশভাগের বহু আগে থেকে এবং বরিশাল-ফরিদপুরের পুরোনো দিনের কৃষক আন্দোলন তার সাক্ষী। তারও আগে গত শতাব্দীর প্রথমার্ধে দক্ষিণবঙ্গ ও ময়মনসিংহ অঞ্চলে নমোরা ফজলুল হকের কৃষক প্রজা পার্টির সমর্থক ছিলেন।

ঐতিহাসিক সেই সিলসিলা হিসেবে হয়তো ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে জ্যোতি বসুদের উত্থানে তখনকার উদ্বাস্তু এসব মানুষের বড় ধরনের শুভকামনা ছিল। ছিল প্রত্যাশাও। বামরা মতুয়াদের পুনর্বাসনের কথাও বলত। কিন্তু ১৯৭৯ সালের জানুয়ারিতে সুন্দরবন-

এরপর ১৬ পৃষ্ঠায়



পশ্চিমবঙ্গে দলিত তাত্ত্বিকেরাও এ অবস্থায় সাহসী ও স্বতন্ত্র কোনো রাজনৈতিক পথ দেখাতে পারেননি। তা ছাড়া বাস্তব ওই কৌশলের সঙ্গে ক্ষমতার রাজনীতির ছোঁয়াও যুক্ত হয়। পরিবর্তনবাদী রাজনীতিতে কষ্টকর তৃতীয়-চতুর্থ গ্রোত হওয়ার চেয়ে দর-কষাকষির পথেই সহজে এমপি-এমএলএ হওয়ার সম্ভাবনা দেখা গেল। সংগত কারণে মতুয়া অনেক সংগঠককে 'ব্রাহ্মণ্যবাদ বিরোধিতা'র অতীত তীব্রতা কমাতে হলো। আরএসএসের জন্য এ-ও উদ্‌যাপনের মতো বড় এক উপলক্ষ বটে। তারা হয়তো একে 'ঘর ওয়াপসি' বলবে। কিন্তু 'উদ্বাস্তু' পরিচয় থেকে মুক্ত হয়ে 'নাগরিক' হওয়া মতুয়ারা আদি নিশান যে আবারও ওঠাতে চাইবেন না, তার নিশ্চয়তা কোথায়? বিশেষ করে যখন খোদ হরিচাঁদ তাঁর 'দ্বাদশ আজ্ঞা'র ষষ্ঠটিতে বলে গেছেন, 'জাতিভেদ করবে না'

# দেশে ‘ভালো মানুষের’ সংখ্যা এত বেশি কেন

আমিনুল ইসলাম

সামাজিক যোগাযোগমাধ্যম এখন আমাদের জীবনের একটা অংশ হয়ে গিয়েছে বলা যায়। ‘অনলাইন’ ও ‘অফলাইন’ জীবন বলেও কিছু টার্ম এখন চর্চিত বিষয়। অর্থাৎ একটা মানুষের যেমন অনলাইনে এক রকম জীবন কিংবা জীবনদর্শন থাকতে পারে; ঠিক তেমনি অফলাইন কিংবা বাস্তবেও অন্য আরেকটা জীবন আছে। সমস্যাটা তৈরি হয়, যখন বাস্তবের সঙ্গে অনলাইন জীবন কিংবা জীবনদর্শনের কোনো মিল খুঁজে পাওয়া যায় না।

ধরুন অনলাইন, বিশেষ করে ফেসবুক ও ইউটিউবে আপনি একজন মানুষকে যেভাবে দেখছেন। সেই মানুষই হয়তো বাস্তব জীবনে সম্পূর্ণ ভিন্ন। এই ভিন্ন হওয়াটাও দোষের কিছু নয়। একজন মানুষের বিভিন্ন পরিচয় যেমন থাকতে পারে, তেমনি একজন মানুষ এক জীবনে নান রকম কর্মকান্ডের সঙ্গে যুক্ত থাকবে, এটাও স্বাভাবিক। কিন্তু সমস্যাটা বাধে তখনই, যখন আপনি অনলাইনকে ব্যবহার করে মানুষের আবেগ কাজে লাগিয়ে নিজের ফায়দা হাসিল করছেন।

ইদানীং ফেসবুক কিংবা ইউটিউব খুললেই দেখা যায়, অনেকেই সমাজের জন্য অনেক কিছু করে বেড়াচ্ছে। কেউ গরিবদের নানাভাবে সাহায্য করছে। কেউ অসহায় মানুষদের থাকার ব্যবস্থা করে দিচ্ছে। কেউ আবার বিনা মূল্যে বিভিন্ন

> একজন মানুষের বিভিন্ন পরিচয় যেমন থাকতে পারে, তেমনি একজন মানুষ এক জীবনে নান রকম কর্মকান্ডের সঙ্গে যুক্ত থাকবে, এটাও স্বাভাবিক। কিন্তু সমস্যাটা বাধে তখনই, যখন আপনি অনলাইনকে ব্যবহার করে মানুষের আবেগ কাজে লাগিয়ে নিজের ফায়দা হাসিল করছেন

জিনিস বিলিয়ে বেড়াচ্ছে। এসব তারা ভিডিও করে অনলাইনে ছাড়ছে। এরপর মানুষের আবেগ কাজে লাগিয়ে কেউ দাতব্য প্রতিষ্ঠান খুলেছে। কেউ মিলিয়ন মিলিয়ন ভিউ পেয়ে কোটি টাকা দামের গাড়ি-বাড়ি করছে। এখন প্রশ্ন হচ্ছে, তারা কি সবাই বাস্তব জীবনে সত্যি সত্যি এমন দানবীর কিংবা সমাজসেবক?

আজকাল প্রায়ই পত্রপত্রিকায় কিছু ঘটনা সামনে চলে আসছে। অনলাইনের এমন কিছু সেলিব্রিটিকে বাস্তবে দেখা যাচ্ছে সম্পূর্ণ নীতিনৈতিকতাবিবর্জিত কাজ করে বেড়াতে। কেউ অসহায় মানুষকে আশ্রিয় দেওয়ার কথা বলে উল্টো তাদের ওপর অত্যাচার করছে। কেউ মানুষকে ফ্রি জিনিসপত্র বিলিয়ে বেড়ানোর ভিডিও বানিয়ে নিজেই কিংবা নিজের পরিবারের ঋতখেলাপির পক্ষে সাফাই গাইছে। অর্থাৎ অনলাইনের সঙ্গে বাস্তবের কোনো মিল নেই! কিন্তু মানুষের আবেগ তারা ঠিকই কাজে লাগাতে পারছে।



এরপর তাদের পক্ষে-বিপক্ষে মানুষ দাঁড়িয়ে যাচ্ছে। এ নিয়ে আবার অনলাইনে নানা বিতর্ক চলছে। অর্থাৎ একজন অসৎ, অন্যায়কারীর পক্ষেও এ দেশে মানুষ দাঁড়িয়ে যাচ্ছে। এখন প্রশ্ন হচ্ছে, কেন এটা হচ্ছে? কেন একজন অন্যায়কারীর পক্ষেও মানুষ পাওয়া যাচ্ছে?


কারণ, অনলাইনের এই ‘সমাজসেবকেরা’ এর মধ্যেই অনেক মানুষের আবেগকে কাজে লাগিয়ে ফেলেছে। সেই আবেগ থেকে সাধারণ ফ্যান-অনুসারীরা আর বের হতে পারছে না। এমন অনলাইন সেলিব্রিটির সংখ্যা দিন দিন বাড়ছে বাংলাদেশে।

পৃথিবীর উন্নত দেশগুলোয় তো এমন দেখা যায় না খুব একটা। সেখানে তো শত শত সমাজসেবককে অনলাইনে পাওয়া যায় না। শত শত ভালো মানুষকে অনলাইনে দেখা যায় না। তাহলে বাংলাদেশে কেন তাদের সংখ্যা এত বাড়ছে?

অনলাইনের এই ভালো মানুষগুলো কি আদৌ ভিডিও বানাবে, যদি ভিডিও দেখিয়ে টাকা রোজগার করা না যায়? কই, বছর কয়েক আগেও তো এত সমাজসেবককে অনলাইনে খুঁজে পাওয়া যেত না। এখন এত এত পাওয়া যায় কেন? উত্তরটা খুব সহজড়ভিডিও বানিয়ে অর্থ উপার্জন করা যায়। এতেও কোনো সমস্যা নেই। সমস্যাটা হয় যখন মানুষের আবেগকে কাজে লাগিয়ে বাস্তব জীবনে তারা অনৈতিক কাজ করে বেড়ায়। এখন এ থেকে মুক্তির উপায় কী? উত্তরটা খুব সহজ। উন্নত দেশগুলোয় তো এত সমাজসেবক দেখা যায় না। এর কারণ, রাষ্ট্রই মানুষ ও সমাজের সেবা করে। আপনি অসুস্থ হলে রাষ্ট্র আপনার দেখভাল করবে। আপনি অসহায় হলে রাষ্ট্র আপনাকে আশ্রয় দেবে। আপনার যদি খাদ্য কিংবা বস্ত্রের অভাব থাকে, রাষ্ট্রই এর ব্যবস্থা করবে। জনগণের ট্যাক্সের টাকা রাষ্ট্র এসব কাজে ব্যয় করে। আর আমাদের দেশে কী হয়?

দুর্নীতির কারণে সাধারণ মানুষ এসব সেবা থেকে বঞ্চিত। আর সেই সুযোগে কিছু মানুষ সমাজসেবক বনে যায় মানুষের আবেগকে কাজে লাগিয়ে। তখন সাধারণ মানুষ তাদের সাধু ভাবতে শুরু করে। এরপর খুব সহজেই এসব মানুষের আবেগকে কাজে লাগিয়ে বাস্তব জীবনে অনৈতিক কাজ করে বেড়ানোও যায়।

একটা দেশের মানুষ যদি তাদের এরপর ১৬ পৃষ্ঠায়



> দুর্নীতির কারণে সাধারণ মানুষ এসব সেবা থেকে বঞ্চিত। আর সেই সুযোগে কিছু মানুষ সমাজসেবক বনে যায় মানুষের আবেগকে কাজে লাগিয়ে। তখন সাধারণ মানুষ তাদের সাধু ভাবতে শুরু করে। এরপর খুব সহজেই এসব মানুষের আবেগকে কাজে লাগিয়ে বাস্তব জীবনে অনৈতিক কাজ করে বেড়ানোও যায়। একটা দেশের মানুষ যদি তাদের সাধারণ মৌলিক চাহিদাগুলো ঠিকভাবে পায়, তাহলে আনাচকানাচে মানুষের আবেগকে কাজে লাগিয়ে এরকম ‘মুখোশধারী’ সমাজসেবক গড়ে ওঠার সুযোগ নেই। তাই রাষ্ট্রকে মানুষের দায়িত্ব নিতে হবে। একটা রাষ্ট্র যখন তার দায়িত্বগুলো ঠিকভাবে পালন করবে, তখন সে রাষ্ট্রই সমাজসেবকে পরিণত হয়

# ‘রাফসান দ্য ছোট ভাই’কে নিয়ে কেন বিতর্ক

রাফসান গালিব

> রাফসানের আগেও অল্প সময়ের মধ্যে অনেকে জনপ্রিয় হয়ে উঠেছিলেন, তাঁরা এখন কোথায়? এখানে আয়মান সাদিকের কথা আলাদাভাবে বলতে হবে। কারণ, তাঁর কনটেন্ট বানানো বিনোদন দেওয়ার জন্য ছিল না। এখানে বড় উপাদান হচ্ছে শিক্ষা। যেটি তাঁকে টেন মিনিটস স্কুলের মতো একটি প্রাতিষ্ঠানিক ভিত্তি তৈরি করতে সহায়তা করেছে। যে স্কুলের পাঠসহায়তা নিয়ে দরিদ্র পরিবারের ছেলেমেয়েও ভালো জায়গায় উচ্চশিক্ষা নেওয়া সুযোগ পেয়েছেন, এমন উদাহরণও আছে। ফলে গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে, একজন কনটেন্ট ক্রিয়েটরের পেশা বা জনপ্রিয়তার ‘আয়ু’ আসলে কত দিন? রাফসান নিশ্চয়ই অনেক তরুণের জন্য ‘সাময়িক অনুপ্রেরণা’ হবেন। তবে সবাইকে তাঁর মতো হতে হবে, তাঁকে দেখে ভাবতে হবে- তিনি পারলে অন্যরা কেন পারেন না, এমন আলোচনা মূল্যহীন



এ কী করলেন রাফসান দ্য ছোট ভাই! দামি বা বিলাসবহুল গাড়ি দিয়ে মা-বাবাকে চমকে দিয়েছেন। আবেগে আপ্লুত হয়ে তাঁদের চোখে খুশির অশ্রু। রাফসানের মতো কয়জন তরুণইবা এমনটি করতে পারেন? তেমন নজিরই কি আছে?

রাফসানের মূল নাম ইফতেখার রাফসান। যাঁর বয়স ২৬ বছর। তাঁর বয়সী তরুণদের অনেকে এখনো সেশনজটে আটকে পড়ে পড়াশোনাই শেষ করতে পারেননি যেখানে, টিউশনি করে অনেককে পরিবারে টাকাও পাঠাতে হয়, অনেকে চাকরির পরীক্ষা দিতে দিতে হতাশাগ্রস্ত, অনেকে বিসিএসের স্বপ্ন দেখে এখন গ্রামে গিয়ে প্রাথমিকের মাস্টারিকেই বেছে নিয়েছেন, তাঁদের পক্ষে মা-বাবাকে এভাবে চমকে দেওয়া তো দূরে থাক, স্বপ্ন দেখাও দুঃসাহসী ব্যাপার নয় কি?

কিন্তু রাফসান পারলে কেন তাঁরা পারবেন না? বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করে কী লাভ হলো তাঁদের? সামাজিক যোগাযোগমাধ্যমে এ নিয়ে আলোচনার শেষ নেই।

রাফসান দ্য ছোট ভাই-সময়ের আলোচিত কনটেন্ট ক্রিয়েটর বা আধেয় নির্মাতা। সে সুবাদে হয়ে উঠেছেন একজন ইনফ্লুয়েন্সারও। কোনো না কোনো সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করেন কিন্তু জেনজির এই তরুণকে চেনেন না, এমন মানুষ খুব কমই আছেন।

বড়ছোট, ছেলে-বুড়ো অনেকেরই প্রিয় চরিত্র এই রাফসান। অল্প বয়সের ছেলেমানুষির সরল অভিব্যক্তি ও সংকোচহীনভাবে সেসবের উপস্থাপনের মধ্য দিয়ে রাফসান কয়েক বছরের মধ্যে পৌঁছে গেছেন লাখ লাখ মানুষের কাছে।

কাউকে হেয়প্রতিপন্ন করা বা কারও সঙ্গে তর্কবিতর্কে বা উত্তপ্ত কোনো ইস্যুতে না জড়ানোর ব্যাপারে বেশি সাবধানীই বলা চলে তাঁকে। অন্যদের ছাড়িয়ে যাওয়ার এটিও তাঁর বড় একটি কারণ।

নানাভাবেই তিনি আলোচনায় থাকেন। যেমন লুঙ্গি পরে দামি রেস্তোরাঁয় খেতে গিয়ে, রাস্তায় খাবার বা পানি বিতরণ করে, বন্যার্তদের মধ্য ত্রাণ বিতরণ করে, ভয়াবহ তাপপ্রবাহের সময় ১০ লাখ গাছ লাগানোর ঘোষণা দিয়ে, নিজের পানীয় পণ্য বাজারে ছেড়ে, ভক্তদের দামি আইফোন উপহার দিয়ে, হেলিকপ্টারে চড়ে এভারেস্টে গিয়ে ইত্যাদি ঘটনায়। প্রতিটি ঘটনা মূলত তাঁর একেকটি কনটেন্ট। ফলে সেখানে যুক্ত হয়ে পড়েন তাঁর লাখ লাখ অনুসারীও।



সর্বশেষ রাফসান আলোচনায় এখন মা-বাবাকে গাড়ি উপহার দিয়ে। যে সে গাড়ি নয়। জার্মান কোম্পানি আউডির গাড়ি। ইউরোপ-আমেরিকায়ও এ গাড়ি বিলাসবহুল হিসেবে দেখা হয়। বাংলাদেশেও খুব কম মানুষের কাছে এ গাড়ি আছে।

দেশে প্রতিবছর ১৫ হাজারের ওপরে ব্যক্তিগত গাড়ি আমদানি হয়। সেখানে প্রথম আলোর ২০২৩ সালের একটি প্রতিবেদন বলছে, গত পাঁচ বছরে আউডি গাড়ি আমদানি হয়েছে ২৯৭টি। ২০২২ সালে আউডি গাড়ি আনা হয়েছে মাত্র ৬৯টি।

ট্যাক্সনিউজ বিডি ডটকম নামে একটি অনলাইন সংবাদমাধ্যম ২০১৯ সালের এক প্রতিবেদনে এনবিআর সূত্রে বলছে, বিআরটিএর সরবরাহ করা তালিকায় আউডি গাড়ি ব্যবহারকারী ব্যক্তি মাত্র ২৭ জন।

এ থেকেই ধারণা করা যায়, শুধু বড়লোক হলেই আউডি গাড়ি কেনা সবার পক্ষে সম্ভব হয় না। কারণ, দেশের বাজারে আউডি গাড়ি বিক্রি হচ্ছে দুই কোটি টাকার ওপরে। ধরে নিই, সেটি রিকন্ডশন বা সেকেন্ড হ্যান্ড গাড়ি। এরপরেও কিন্তু সেটির দাম কম হওয়ার কথা না।

তার মানে রাফসান দ্য ছোট ভাই সেই গাড়ি কেনার মতো সামর্থ্যবান হয়েছেন, তাও ফুড বা ট্রাভেল ভ্লগিং করে, মানে কনটেন্ট বানিয়ে, এটি কিন্তু চাট্টিখানি কথা নয়।

সবাইকে ‘কনটেন্ট ক্রিয়েটর’ হতে হবেড়সামাজিক যোগাযোগমাধ্যমের দুনিয়া মানুষের মধ্যে এমন একটি ফেনোমেনা বা প্রপঞ্চ তৈরি করেছে।

শুধু কনটেন্ট বা আধেয় নির্মাণ করলেই হবে না, সেটি পৌঁছে দিতে হবে হাজার হাজার বা লাখো মানুষের কাছে। কারণ, এটি এখন অর্থ উপার্জনের বড় মাধ্যম। যত বেশি মানুষ দেখবে, তত বেশি অর্থ আয় হবে। আবার শুধু অর্থও নয়, জনপ্রিয়তার সাফল্যও এখানে বড় হয়ে উঠেছে।

ফলে মানুষকে আকৃষ্ট করতে বৈচিত্র্যময় ও সৃজনশীল বিষয় যেমন এখানে উঠে আসছে; আবার অদ্ভুত, অশ্লীল, ধর্মীয়-অধর্মীয়, কদর্য ও প্রতারণামূলক বিষয়েও ভরে উঠছে সামাজিক যোগাযোগমাধ্যমগুলো। অনেকেরই এখন হাজার হাজার বা লাখ লাখ ফলোয়ার। কিন্তু সবাই কি রাফসান দ্য ছোট ভাই হতে পেরেছেন?

রাফসানের ভিডিওগুলো দেখে অনেকেরই মনে হতে পারে, সামর্থ্যবান কোনো মধ্যবিত্ত পরিবার থেকে অনেক কষ্ট করে উঠে এসেছেন তিনি। আজকের অবস্থানে পৌঁছাতে তাঁকে দীর্ঘ প্রচেষ্টা ও ধৈর্যের মধ্য দিয়ে যেতে হয়েছে, তাতে কোনো সন্দেহ নেই। তবে মা-বাবাকে গাড়ি উপহার দেওয়ার ভিডিওতেই বোঝা যায়, তিনি উচ্চমধ্যবিত্ত পরিবারেরই সন্তান। এর আগে তাদের তিনটি ব্যক্তিগত গাড়ি ছিল। ফলে বলাই যায়, তিনি সমাজের বিশেষ সুযোগ-সুবিধাপ্রাপ্তদের একজন। এবার তাঁর সঙ্গে তুলনা করুন তো পাবলিক বিশ্ববিদ্যালয়ের অসংখ্য এরপর ২৬ পৃষ্ঠায়

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত






পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




DELTA AIR LINES
American Airlines
Biman BANGLADESH AIRLINES
KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
Emirates
QATAR AIRWAYS

**প্যাকেজ বিবরণ**

বিমান ভাড়া ও হোটেল।
ভিসা, মোয়াল্লেম।
জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
মক্কা ও মদিনায় জিয়ারা।
মক্কা ও মদিনায় যাতায়াত।
৫/৩ ষ্টার হোটেল।

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি



Mohammad B Hossain (Belal)
President & CEO

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ

### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372
E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com
Web: www.karnafullytravel.com

# পশ্চিমবঙ্গে আদর্শ রক্ষা ও ভোটের দোলাচলে মতুয়ারা

১১ পৃষ্ঠার পর

লাগোয়া মরিচঝাঁপিতে বাংলাভাষী উদ্বাস্তুদের ওপর বাম প্রশাসনের দমন-পীড়ন বামফ্রন্ট-মতুয়া মৈত্রীতে মনস্তাত্ত্বিক ফাটল তৈরি করে।

এরপর ২০১১ সাল থেকে এই সম্প্রদায় হেলে পড়তে থাকে তৃণমূলের দিকে। হরিচাঁদ ঠাকুরের জন্মদিনে ছুটি ঘোষণা, হরিচাঁদ-গুরুচাঁদের নামে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাসহ মমতা বন্দ্যোপাধ্যায় এই সম্প্রদায়কে তুষ্ট রাখতে অনেক কিছু করেন। পি আর ঠাকুর ও বীণাপানি দেবীর দ্বিতীয় পুত্র মঞ্জুলকৃষ্ণ ঠাকুরকে গাইঘাটা থেকে বিধানসভার সদস্য করলেন, রাজ্যের মন্ত্রী বানালেন। ২০১৪ সালে মঞ্জুলকৃষ্ণ ঠাকুরের বড় ভাই কপিলকৃষ্ণ ঠাকুর তৃণমূলের মার্কা নিয়ে বনগাঁ থেকে লোকসভার সদস্য হলেন। এভাবে তৃণমূলে ভরে গেল ঠাকুরবাড়ি। কিন্তু এই সবই ছিল ক্ষমতার রাজনীতি ও বামফ্রন্টকে নিয়ে অভিমানের ফল। তৃণমূল মতুয়াদের কোনো অগ্রসর রাজনীতি দিতে পারেনি। তারই ফল হিসেবে ভরদুপুরে বজ্রপাতের মতো ২০১৯ সালে এসে দেখা গেল, মতুয়া গ্রামগুলোয় গেরুয়া সুনামি শুরু হয়েছে। ২০১৫ থেকেই ধীরলয়ে এ প্রক্রিয়া শুরু। শেষমেশ ২০১৯-এ বনগাঁ থেকে বিজেপির মার্কা নিয়ে লোকসভায় সদস্য হলেন পি আর ঠাকুরের নাতি ও মঞ্জুলকৃষ্ণ ঠাকুরের ছেলে শান্তনু ঠাকুর। রানাঘাট, ব্যারাকপুরড়এসব আসনও গেল পদ্মফুলের পক্ষে।

বলা বাহুল্য, ভোটের রাজনীতি শান্তনু ঠাকুর পর্যন্ত আসতে আসতে মতুয়াদের 'ঠাকুরবাড়ি'র ঐক্য ছত্রখান হয়ে গেছে। পি আর ঠাকুরের বড় ছেলের বউ লড়ছেন দেবরের ছেলের সঙ্গেড়দৃশ্যটা রাজনীতিতে মানানসই হলেও পারিবারিক সংস্কৃতিতে অস্বস্তিকর। এ রকম ভেদাভেদে নতুন উপাদান যুক্ত করেছে নাগরিকত্ব সংশোধন আইন বা 'সিএএ-১৯'।

বিজেপি যখন নাগরিকত্বের প্রতিশ্রুতি দিল:

মতুয়া সমাজ প্রথম দফায় বিপদে পড়ে দেশভাগ-পরবর্তী বছরগুলোয়। তখন কেবল দুটি পরিচয় 'হিন্দু' ও 'মুসলমানের' ভিত্তিতে ভারতবর্ষ ভাগ হয়ে গেল। মতুয়ারাও তখন রাজনীতিতে স্রেফ 'হিন্দু'। কিন্তু সেই পরিচয়ও থাকল না ঠিকমতো। যাঁরা পশ্চিমবঙ্গে গিয়েছিলেন বহু দশকের জন্য, তাঁদের পরিচয় হলো 'উদ্বাস্তু'।

এসব উদ্বাস্তু মানুষের আবারও 'নাগরিক' হয়ে ওঠার আকুতি কংগ্রেস-বামফ্রন্ট-তৃণমূলের চেয়ে বেশি গুরুত্ব দিয়ে বুঝতে পেরেছিল বিজেপি। পশ্চিমবঙ্গের প্রায় অপ্রতিরোধ্য রাজনৈতিক মোজাইক চৌচির করার একটা রাস্তাও তাদের জন্য তৈরি হলো এভাবে। ভারতীয় নাগরিকত্ব আইনের সংশোধন করল তারা। খুবই সাম্প্রদায়িক ধারায় ছিল এই সংশোধন। অমুসলিম উদ্বাস্তু হলে সুবিধা মিলবে, মুসলমান হলে নয়।

কংগ্রেস, বামপন্থীরাসহ বহু দল নীতিগত কারণে এর বিরুদ্ধে দাঁড়াল। বহু মানুষ মরল ভারতজুড়ে। কিন্তু 'উদ্বাস্তু হিন্দু'রা নাগরিকত্ব পাওয়ার সম্ভাবনায় একে খারিজ করলেন না। উদ্বাস্তুদের 'অবৈধ নাগরিক' বলা হবে নাড়বিজেপির এ ঘোষণা তাঁদের কাছে অনেক স্বস্তিকর হলো। কারণ, ইতিমধ্যে আসামে আরআরসি বা নাগরিকপঞ্জি হয়েছে। এতে প্রচুর বাংলাভাষী হিন্দু নাগরিকত্ব পানি। পশ্চিমবঙ্গেও 'অবৈধ নাগরিক' হওয়ার শঙ্কা একটা ভীতিকর বিষয় হয়ে উঠেছিল।

হরিচাঁদের বিভেদবাদবিরোধিতা এ সময় আপাতত স্থগিত থাকল মতুয়া সমাজে। বলা বাহুল্য, বামফ্রন্ট ও তৃণমূলের পুরোনো একটা ভোটব্যাংক ঐভাবেই ভাঙল। একই উদ্যোগে বিজেপি আরও অনেকভাবে সফল হয়। 'সিএএ' বাংলাভাষী হিন্দু-মুসলমানের দূরত্বও বেশ বাড়াল। বামদের জন্য পরিস্থিতি বেশ কঠিনই হয়ে গেল। শ্রেণি রাজনীতি দিয়ে মানুষকে ধর্মীয় পরিচয়ের বাইরে আর আটকে রাখা গেল না।

সবচেয়ে বেশি যা হলো, রাজনৈতিকভাবে মতুয়াদের বিভক্তি এবং অসাম্প্রদায়িক ঘরানার রাজনীতি থেকে তাদের একাংশের ফারাক তৈরি হওয়া। কিন্তু এখনো কেউই নিশ্চিত জানেন না যে পশ্চিমবঙ্গের প্রায় এক কোটি মতুয়া ভোট এবার কতটুকু কোন দিকে যাবে! সবটাই বিজেপির দিকে যাবে কি না?

মতুয়া ভোটব্যাংকের চেহারা:

লোকসভার ৪২টি আসন পশ্চিমবঙ্গে। তার অন্তত ছয়টিতে মতুয়াদের বড়সড় প্রভাব আছে বলে দাবি করা হয়। ছয়টির মধ্যে বনগাঁ, রানাঘাট, ব্যারাকপুর ও বারাসাতে তাদের প্রভাব মোটা দাগে। লোকসভার হিসাবের সঙ্গে তুলনা করলে বিধানসভায় মতুয়াদের প্রভাবের পরিসর দাঁড়ায় ৪০টির মতো আসন। বলা যায়, দক্ষিণ চব্বিশ পরগনা থেকে নদীয়া পর্যন্ত পুরো এলাকায় মতুয়া ভোটের একটা প্রভাব তৈরি হয়ে আছে ইতিমধ্যে। অনেকটা যেন বাংলাদেশের কোটালীপাড়া, রাজৈর, মুকসুদপুর, নাজিরপুর, চিতলমারীর মতো এলাকাগুলো।

এবারের লোকসভা নির্বাচনে মতুয়া ভোটব্যাংকের পরিণতি খানিকটা আগাম বুঝিয়ে দেবে, পশ্চিমবঙ্গের পরবর্তী বিধানসভা নির্বাচনে কারা সরকার গড়তে যাচ্ছে। এই বিবেচনায় মতুয়া ভোটের হিসাব-নিকাশ বাংলাদেশের জন্যও বিশেষভাবে মনোযোগ পাচ্ছে। কারণ, বিজেপি এখন মতুয়া 'উদ্বাস্তু'দের 'সিএএ' অনুযায়ী নাগরিকত্ব পেতে আবেদন করতে বলছে।

অন্যদিকে তৃণমূল বলছে, যাঁরা এতে আবেদন করবেন, তাঁরা 'বাংলাদেশি' হিসেবে চিহ্নিত হবেন। অর্থাৎ তাঁরা ইতিমধ্যে পশ্চিমবঙ্গ সরকার থেকে চালু সামাজিক বিভিন্ন ভাতা থেকে বঞ্চিত হবেন। ভোট এলেই কোনো না কোনো দল এভাবে বাংলাদেশকে হাজির করে পশ্চিমবঙ্গের মাঠে।

তবে আঞ্চলিক, আন্তর্জাতিক ও রাজ্যভিত্তিক এসব বিবেচনার বাইরে মতুয়া ভোটের রাজনীতি দক্ষিণ এশিয়ার জন্য ভিন্ন এক সাংস্কৃতিক তাৎপর্য নিয়েও হাজির আছে। এই অঞ্চলে ব্রাহ্মণ্যবাদ ও জাতপাতের বিভেদের বিরুদ্ধে দুটি বড় দার্শনিক ধারা হলোড়আম্বেদকরপন্থা ও মতুয়াবাদ। শেষোক্তটি ছিন্নভিন্ন হলে আরএসএসের সামনে বাকি থাকলেন কেবল আম্বেদকর।

রাজনৈতিক আদর্শ কি পাল্টাল:

মতুয়া আন্দোলনের জন্মপ্রেরণা 'ব্রাহ্মণ্যবাদ মোকাবিলা' হলেও ১৯৫০ সাল থেকে এই ঘরানার মনোযোগের বড় একাংশ হয়ে দাঁড়ায় পশ্চিমবঙ্গে নাগরিকত্ব পাওয়ার প্রচেষ্টা। যার বড় প্রকাশ হিসেবে ২০১০ সালে কলকাতায় বড় এক সমাবেশ করে মতুয়া মহাসংঘ। এই সমাবেশেই মতুয়া আন্দোলনকে মতুয়া ভোটব্যাংক আদল দেয়। নজরকাড়া এই সমাবেশের ভেতর দিয়ে পশ্চিমবঙ্গ ও ভারতে জাতপাতের রাজনীতির মধ্যে নতুন এক বর্গ হয়ে ওঠে তারা। একই দাবিতে 'নিখিল ভারত বাঙালি উদ্বাস্তু সমন্বয় সমিতি'সহ আরও কিছু সংগঠনও কাজে নামে।

কিন্তু এ রকম উদ্যোগগুলো কখনো স্বতন্ত্র কোনো 'দল' আকারে নিজেদের প্রকাশ ঘটাতে পারেনি। চায়ওনি হয়তো। বরং ২০১০ সালের সমাবেশশক্তিকে উদ্বাস্তু পরিচয় ঘোচাতে উঁচু জাতের রাজনীতিবিদদের সঙ্গে দর-কষাকষির কাজে লাগানো হয়। পশ্চিমবঙ্গে দলিত তাত্ত্বিকেরাও এ অবস্থায় সাহসী ও স্বতন্ত্র কোনো রাজনৈতিক পথ দেখাতে পারেননি। তা ছাড়া বাস্তব ওই কৌশলের সঙ্গে ক্ষমতার রাজনীতির ছোঁয়াও যুক্ত হয়।

পরিবর্তনবাদী রাজনীতিতে কষ্টকর তৃতীয়-চতুর্থ স্রোত হওয়ার চেয়ে দর-কষাকষির পথেই সহজে এমপি-এমএলএ হওয়ার সম্ভাবনা দেখা গেল। সংগত কারণে মতুয়া অনেক সংগঠককে 'ব্রাহ্মণ্যবাদবিরোধিতা'র অতীত তীব্রতা কমাতে হলো। আরএসএসের জন্য এ-ও উদ্‌যাপনের মতো বড় এক উপলক্ষ বটে। তারা হয়তো একে 'ঘর ওয়াপসি' বলবে। কিন্তু 'উদ্বাস্তু' পরিচয় থেকে মুক্ত হয়ে 'নাগরিক' হওয়া মতুয়ারা আদি নিশান যে আবারও ওঠাতে চাইবেন না, তার নিশ্চয়তা কোথায়? বিশেষ করে যখন খোদ হরিচাঁদ তাঁর 'দ্বাদশ আজ্ঞা'র ষষ্ঠটিতে বলে গেছেন, 'জাতিভেদ করবে না।'

**লেখক: দক্ষিণ এশিয়ার ইতিহাস বিষয়ে গবেষক।**

# দেশে 'ভালো মানুষের' সংখ্যা এত বেশি কেন

১২ পৃষ্ঠার পর

সাধারণ মৌলিক চাহিদাগুলো ঠিকভাবে পায়, তাহলে আনাচকানাচে মানুষের আবেগকে কাজে লাগিয়ে এরকম 'মুখোশধারী' সমাজসেবক গড়ে ওঠার সুযোগ নেই। তাই রাষ্ট্রকে মানুষের দায়িত্ব নিতে হবে। একটা রাষ্ট্র যখন তার দায়িত্বগুলো ঠিকভাবে পালন করবে, তখন সে রাষ্ট্রই সমাজসেবকে পরিণত হয়।

**লেখক: জ্যেষ্ঠ প্রভাষক, এস্তোনিয়ান এন্ট্রাপ্রেনিউরশিপ ইউনিভার্সিটি।**

# ডোনাল্ড লুর বাংলাদেশ সফর বিশেষ তাৎপর্য আছে কি?

৫ পৃষ্ঠার পর

মিয়ানমারের সশস্ত্র বাহিনীর বেশকিছু সদস্য আশ্রয় নিয়েছে বাংলাদেশে। এবং আমাদের দেশ স্বাভাবিকভাবেই যত দ্রুত রোহিঙ্গাসহ তাদের পাঠাতে পারে, সে ব্যাপারে কাজ করছে। এ বিষয়টি নিয়েও হয়তো আলোচনা বাংলাদেশ করতে চাইবে। কারণ রোহিঙ্গা জনগোষ্ঠীর যারা বাংলাদেশে আশ্রয়ে আছে, তাদের প্রতি সমর্থনের অন্যতম অংশীদার হলো আমেরিকা। কাজেই রোহিঙ্গা সমস্যাটি কোনদিকে যাচ্ছে, এগুলোও তাদের চিন্তাভাবনার মধ্যে হয়তো রয়েছে। কারণ এ বিষয়ে মিয়ানমার বিশেষ আইন করেছে।

যেহেতু বাংলাদেশ সরকার ফিলিস্তিন বিষয়ে খুব স্পষ্ট অবস্থান প্রকাশ করেছে যে, ইসরাইল যা করছে তা গণহত্যা ছাড়া কিছুই নয়; একাধিকবার বলাও হয়েছে, এর সঙ্গে আমেরিকাও জড়িত। আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিজে) যে মামলা দক্ষিণ আফ্রিকা দিয়েছে, আমরা নিজেরাও তার অংশীদার। আমরাও আইসিজেতে সাবমিশন দিয়েছি ইসরাইলের বিপক্ষে। তাই এটাও আমি মনে করি যে, এ ইস্যু নিয়েও আলোচনা তার সফর পরিকল্পনায় থাকতে পারে। আমেরিকায় ইসরাইলবিরোধী যে ছাত্র আন্দোলন হচ্ছে, এর পক্ষে আমাদের প্রধানমন্ত্রী স্পষ্টই দাঁড়িয়েছেন। কাজেই এ ধরনের একাধিক আলোচনা দুই পক্ষের মধ্যে হওয়াটাই স্বাভাবিক।

আরেকটি বিষয় উল্লেখ করতে হয়, আমাদের দেশে একধরনের মানসিকতার এখনো পরিবর্তন হয়নি যেমন: আমেরিকার কোনো উচ্চপদস্থ কর্মকর্তা বাংলাদেশ সফরে এলেই তা বিশেষ খবর হয়। অন্য দেশে আমার মনে হয় না এটা নিয়ে কোনো খবর হতো। হলেও হয়তো কোনো পত্রিকার ভেতরের পাতায় ছোট করে ৩-৪ লাইনে ছাপা হতো। কিন্তু আমরা বড় আকারেই ছবি দিয়ে নিউজ করি। আমার মনে আছে, ডোনাল্ড লু একবার সাক্ষাতে বলেছিলেন, 'আমি অবাক হয়ে গেছি আমার ছবি পত্রিকায় ছাপা হয়েছে।' আমিও সেখানে ছিলাম। যখন দিল্লি থেকে তিনি বিমানে এখানে আসছিলেন, তখন বাংলাদেশের পত্রিকার পাতায় নিজের ছবি দেখে অবাক হয়েছিলেন। কাজেই আমার মনে হয়, আমাদেরও সচেতন ও পেশাদারির পরিচয় দেওয়া দরকার-কোনটা খবর করব, কোনটা করব না। কারণ, অনেক সময় এ ধরনের খবরের ফলে তাদের মধ্যেও একটা অন্য ধারণা তৈরি হয়। হয়তো তারা ভাবে, বাংলাদেশ নিশ্চয়ই কোনো কিছু বলতে চাইছে পত্রিকার মাধ্যমে। আবার অনেক সময় নিজেদের দুর্বলতাও প্রকাশ পায়। আমার মনে হয়, তারাও এতদিনে বুঝতে পেরেছে যে, খবরের রিয়ালিটি আর বাস্তব এক নয়। আমি মনে করি, নির্বাচনের সময় নিশ্চয়ই তারা বুঝতে পেরেছে, পৃথিবী যেহেতু একটা মাল্টি পোলার বা বহুকেন্দ্রিক ব্যবস্থার দিকে যাচ্ছে এবং বহুমাত্রিক কাঠামো তৈরি হয়েছে, সেখানে এ ধরনের খবর অনেকটা আগের যে মানসিকতা আছে আমাদের, তার ভিত্তিতেই ছাপা হচ্ছে বা প্রকাশিত হচ্ছে। কিন্তু বৈশ্বিক পরিস্থিতিতে বাস্তবে অনেক পরিবর্তন হয়েছে।

সব মিলে আমার মনে হয় না, ডোনাল্ড লুর সফরে বড় কোনো পরিবর্তন হবে। তবে দেখা দরকার তারা নতুন ধরনের বিনিয়োগ নিয়ে আসবে কি না। আবার এটাও মনে রাখতে হবে, যে কোনো বিনিয়োগের ক্ষেত্রে আমরা স্বাভাবিকভাবেই দেখব বাংলাদেশ এতে উপকৃত হচ্ছে কি না। এমন কোনো বিনিয়োগে আমরা যাব না, যেটায় তৃতীয় দেশকে বাদ দেওয়ার পরিকল্পনা থাকবে। অর্থাৎ আমার সঙ্গে থাকলে অন্য দেশের সঙ্গে ব্যবসা করা যাবে না, এ ধরনের শর্তে বাংলাদেশের কখনোই রাজি হওয়া উচিত নয়, তেমন সম্ভাবনাও নেই। কারণ, বাংলাদেশের পররাষ্ট্রনীতির মধ্যে খুব স্পষ্টই উল্লেখ করা আছে : সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়। (অনুলিখন)

**লেখক: অধ্যাপক ও আন্তর্জাতিক সম্পর্ক বিশেষজ্ঞ।**


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Brooklyn Office
345 Broadway
Brooklyn, NY 11211
Tel: 718-384-1671

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (11Am to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

SmartTech
IT Solutions Inc.
We built your dream job in (IT)

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

SALESFORCE ADMINISTRATOR

Earn Yearly : 80K - 120K

Learn QA Test Engineer

SDET
MANUAL & AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ

- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

Ph: (917) 293-5724
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372



হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
Dl. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020

জ্যাকসন হাইটস্ অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA
POLITICAL ASYLUM

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা




# হৃদরোগীদের ব্যায়ামে যত সতর্কতা



ডা. খাজা নাজিম উদ্দিন

যাদের আগে হার্ট অ্যাটাক হয়েছে বা হার্টে বাইপাস সার্জারি কিংবা রিং বসানো হয়েছে, তারাও কি নিশ্চিন্তে ব্যায়াম করতে পারবেন? হ্যাঁ, হৃদরোগীরা ব্যায়াম করতে পারবেন। শুধু তাই নয়, ব্যায়াম করাটা তাদের চিকিৎসার অংশ হিসেবে বিবেচিত।





* হার্ট অ্যাটাকের সাত দিন পর থেকেই স্বাভাবিক কাজকর্মের মতো টুকটাক কয়েক মিনিট করে হাঁটাহাঁটি শুরু করা যায়। প্রতিদিন তিন থেকে পাঁচ মিনিট করে বাড়িয়ে এক মাস পর আধ ঘণ্টায় পৌঁছবেন। রক্তনালিতে রিং পরানো বা বাইপাস সার্জারির পরও একই পরামর্শ। তবে গাড়ি চালানোর আগে ছয় সপ্তাহ অপেক্ষা করতে হবে।

* কিছু ক্ষেত্রে ব্যায়াম নিষেধ। যেমন অনিয়মিত হৃদস্পন্দন, হার্টের ভালভের অধিক সরুত্ব, জন্মগত ত্রুটি এবং রক্তচাপ যখন খুবই অনিয়ন্ত্রিত থাকে।

* অনেক হার্ট ফেইলিউরের রোগী সামান্য পরিশ্রমে হাঁপিয়ে যান। তারা ততটুকু হাঁটবেন যতটুকুতে শ্বাসকষ্ট শুরু না হয়, অতিরিক্ত ক্লান্তি বা নিস্তেজ না হয়ে পড়েন, বুকে চাপ বা ব্যথা না হয়।

এক. ব্যায়ামের আগে পাঁচ মিনিট ওয়ার্ম আপ এবং শেষে পাঁচ মিনিট কুল ডাউন করবেন।

দুই. হৃদরোগীদের জন্য ভারি ব্যায়ামের চেয়ে হাঁটাহাঁটি বা জগিংই ভালো।

তিন. প্রতিদিন একই সময়ে হাঁটা ভালো। সকাল-বিকাল কোনো পার্থক্য নেই, তবে ভরা পেটে হাঁটবেন না। খুব ঠাণ্ডা বা গরম আবহাওয়ায় হাঁটবেন না। কোনো কারণে শরীর খারাপ লাগলেও না।

চার. একসঙ্গে কষ্ট হলো ভাগ করে হাঁটতে পারেন।

পাঁচ. বাড়ির কাছাকাছি বা সঙ্গীসহ হাঁটা ভালো। যাতে হঠাৎ শরীর খারাপ লাগলে সাহায্য নিতে পারেন।

ছয়. বুকে চাপ বা ব্যথা লাগলে সঙ্গে রাখা নাইট্রোগ্লিসারিন স্প্রে জিভের নিচে দিন।

সাত. ব্যায়ামের পর গোসল করার আগে ১০-১৫ মিনিট সময় নিন। বাড়ি ফেরে বিশ্রাম নিন এবং পানি পান করুন।

**লেখক: অধ্যাপক, মেডিসিন বিভাগ, বারডেম হাসপাতাল, ঢাকা।**

# পেটের ডানপাশে ব্যথা মানেই অ্যাপেন্ডিসাইটিস নয়

ডা. মো. নাজমুল হক মাসুম



অ্যাপেন্ডিসাইটিস একটি সাধারণ সার্জিক্যাল সমস্যা। কারও যদি অ্যাপেন্ডিসাইটিস হয়ে থাকে, তাহলে প্রথমে নাভির চারপাশে ব্যথা করে, তারপর সেই ব্যথাটা তলপেটের ডান দিকে চলে আসে। ব্যথার সঙ্গে হালকা জ্বর, বমি বমি ভাব থাকতে পারে। এটিই সাধারণত অ্যাপেন্ডিসাইটিস হলে হতে পারে। এ ছাড়াও তলপেটের ডান দিকে বিভিন্ন কারণে ব্যথা থাকতে পারে। যেমন-কারও যদি ডান মূত্রনালিতে পাথর থাকে সেক্ষেত্রেও ব্যথা থাকতে পারে। এটা ছাড়াও কারও যদি হঠাৎ করে গ্যাস্ট্রোএনটাইরাইটিস অর্থাৎ পেট খারাপ হয়ে থাকে, সেক্ষেত্রেও তলপেটে ব্যথা হতে পারে। মা-বোনদের ক্ষেত্রে একটোপিক প্রেগন্যান্সি যদি হয়, অর্থাৎ কারও গর্ভধারণ যদি জরায়ুতে না হয়ে জরায়ু নালিতে হয়ে যায়, বিশেষ করে ডান দিকের নালিতে যদি হয়; সেক্ষেত্রেও কিন্তু তলপেটে ব্যথা হতে পারে। কারও যদি ডান ডিম্বাশয়ে ব্যথা হয় তাহলেও তলপেটে ব্যথা হতে পারে। কাজেই ডান দিকে ব্যথা হলেই যে আমরা অ্যাপেন্ডিসাইটিস মনে করব, সেটি কিন্তু নয়। অনেকেই বলে থাকেন অ্যাপেন্ডিসাইটিস হলেই অপারেশন করতে হবে, অপারেশন না করলে অ্যাপেন্ডিক্সটা ফেটে যেতে পারে এবং রোগী মারা যেতে পারে। অ্যাপেন্ডিসাইটিস বিভিন্ন রকম হতে পারে, কারও একিউট অ্যাপেন্ডিসাইটিস হতে পারে। কারও দেখা যায় বারে বারে ব্যথা হয়, যেটাকে আমরা রিকারেন্ট অ্যাপেন্ডিসাইটিস বলে থাকি। প্রাথমিক অবস্থায় কারও যদি অ্যাপেন্ডিসাইটিস হয়, রোগীর যদি খুব বেশি সমস্যা না থাকে, তার শারীরিক অবস্থা যদি ভালো থাকে, তার যদি ডায়াবেটিস না থাকে, সে যদি প্রেগন্যান্ট না থাকে এরপর ৩৮ পৃষ্ঠায়

# ফ্যাটি লিভার প্রতিকারে ১০ সুপারিশ

আজকাল স্বাস্থ্য ডেস্ক

বাংলাদেশে ফ্যাটি লিভারের চিকিৎসার ন্যূনতম অর্থনৈতিক মূল্য ৭৫ হাজার ৬৯০ কোটি টাকা, যা জাতীয় বাজেটে স্বাস্থ্য খাতে বরাদ্দের দ্বিগুণ। ষষ্ঠ আন্তর্জাতিক ন্যাশ দিবস উপলক্ষ্যে বুধবার সকালে রাজধানীর সিরডাপ মিলনায়তনে হেপাটোলজি সোসাইটি আয়োজিত গোলটেবিল বৈঠকে এ তথ্য জানিয়েছেন সোসাইটির সাধারণ সম্পাদক ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শাহিনুল আলম। বৈঠকে সভাপতিত্ব করেন লিভার বিশেষজ্ঞ ও হেপাটোলজি সোসাইটির সভাপতি অধ্যাপক মবিন খান। এতে প্রধান অতিথি ছিলেন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা মেজর জেনারেল (অব.) অধ্যাপক ডা. এএসএম মতিউর রহমান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- ন্যাশনাল লিভার ফাউন্ডেশন অব বাংলাদেশের প্রতিষ্ঠাতা মহাসচিব অধ্যাপক মোহাম্মদ আলী, বাংলাদেশ একাউন্টিং অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ডা. এম হারুন উর রশিদ, সিনিয়র সাংবাদিক আমির খসরু ও গ্লোবাল লিভার ইনস্টিটিউটের সভাপতি ডোনা ক্রাইয়ার। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের হেপাটোলজি বিভাগের কনসালটেন্ট ডা. মো. সাইফুল ইসলাম এলিন বাংলাদেশের ফ্যাটি লিভারের প্রাদুর্ভাব সম্পর্কে বলেন, দেশে প্রায় সাড়ে ৪ কোটি লোক ফ্যাটি লিভারে আক্রান্ত। দিনে দিনে তা বেড়েই চলেছে। তাই ফ্যাটি লিভার প্রতিরোধে চিকিৎসকদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।




ফ্যাটি লিভার প্রতিরোধ বিষয়ে আলোকপাত করে একই বিভাগের বিশেষজ্ঞ অধ্যাপক গোলাম মোস্তফা বলেন, জীবনাচরণ পরিবর্তনের পাশাপাশি ৭ থেকে ১০ শতাংশ ওজন হ্রাস হচ্ছে ফ্যাটি লিভার প্রতিরোধের মূলমন্ত্র।


ফ্যাটি লিভারের কারণে দেশে যে অর্থনৈতিক বোঝা তৈরি হচ্ছে তার একটি হিসেব দেখান হেপাটোলজি সোসাইটির সাধারণ সম্পাদক অধ্যাপক ডা. শাহিনুল আলম । তার টিমের গবেষণালব্ধ উপাত্ত অনুযায়ী, প্রতিটি ফ্যাটি লিভার রোগীর হাসপাতালে একবার চিকিৎসা নিতে গড়ে ১৬ হাজার ৮১০ টাকা ব্যয় হয়। সে হিসেবে, সব রোগী এক বারের জন্য চিকিৎসা নিতে হাসপাতালে গেলে মোট ব্যয় ৭৫ হাজার ৬৯০ কোটি টাকা, যা জাতীয় বাজেটে স্বাস্থ্য খাতে বরাদ্দের দ্বিগুণ। অধ্যাপক আলম জানান, ফ্যাটি লিভারজনিত সিরোসিস ও লিভার ক্যান্সারের রোগী ক্রমাগত বাড়ছে। এ সংক্রান্ত এরপর ৪৯ পৃষ্ঠায়




# মা হওয়ার পর যে ব্যায়াম জরুরি

ডা. খাজা নাজিম উদ্দিন

সন্তানধারণ ও জন্মদানের পর মায়ের শরীরে ঘটে নানা পরিবর্তন। বয়সের সঙ্গেও বদলাতে থাকে অনেক কিছু। এসব কারণে পরবর্তী জীবনে কিছু অস্বস্তিকর সমস্যায় পড়তে পারেন মায়েরা। হাঁচি বা কাশির সময় হঠাৎ সামান্য একটু প্রসাব বেরিয়ে যাওয়া এমনই এক সমস্যা। প্রস্রাবের চাপ লাগার সঙ্গে সঙ্গেই বাথরুমে না গেলে কাপড় নষ্ট হয়ে যায়। অনেকের জরায়ু কিংবা জরায়ুমুখ ধীরে ধীরে নেমে আসতে থাকে। এসব বিব্রতকর সমস্যা এড়াতে সন্তান জন্মদানের পর বিশেষ ব্যায়াম শুরু করা উচিত। প্রস্রাব আটকে রাখার চেষ্টা করার সময় একেবারে নিচের দিকে চাপ দিতে হয়। প্রস্রাব না লাগলেও ওই অংশের মাংসপেশিগুলো চাপ দিয়ে ধরা এ ব্যায়ামকে পেলভিক ফ্লোর এক্সারসাইজ বলে। যেন জরায়ুমুখের মাংসপেশিগুলো আপনি নিজে নিজে চাপ দিয়ে সংকুচিত করছেন। কিংবা পায়ুপথ দিয়ে বেরিয়ে আসা বাতাস আটকানোর চেষ্টা করছেন। শুরুতে তিন থেকে পাঁচ সেকেন্ড পর্যন্ত চাপ দিয়ে রাখুন মাংসপেশিগুলো। চাপ ছেড়ে দেওয়ার পর আরামদায়ক অবস্থায় থাকুন তিন থেকে পাঁচ সেকেন্ড। এভাবে পর্যায়ক্রমে ১০ বার পরপর করুন। প্রতিদিন অন্তত তিন-চারবার। প্রথমবার ব্যায়াম শুরু করবেন শোয়া অবস্থায়। পরে খানিকটা অভ্যস্ত হয়ে গেলে বসে, এমনকি দাঁড়ানো অবস্থাতেও ব্যায়ামটি করা যায়। পেশি চাপ দিয়ে রাখার সময়ও বাড়ান ধীরে ধীরে। অভ্যস্ত হয়ে গেলে ১০ সেকেন্ড পর্যন্ত চাপ দিয়ে রাখতে পারবেন।



এ ব্যায়ামের সময় অন্য কোনো পেশি টান টান করা যাবে না। অর্থাৎ পেট, পা এবং শরীরের অন্য অংশগুলো স্বাভাবিক ও আরামদায়ক অবস্থায় রাখতে হবে, ব্যায়ামের সময় শ্বাস-প্রশ্বাস স্বাভাবিক রাখবেন। অভ্যস্ত হয়ে গেলে এ ব্যায়ামের জন্য আলাদা সময় বরাদ্দ না রাখলেও চলবে। দৈনন্দিন কাজের মধ্যেই বসা বা দাঁড়ানো অবস্থায় ব্যায়ামটি করা সম্ভব। বাজারে গেলে যেমন প্রস্রাব আটকিয়ে রাখেন- সেভাবে অভ্যাস করলেই চলবে।

**লেখক: অধ্যাপক, মেডিসিন বিভাগ, বারডেম হাসপাতাল, ঢাকা।**

EAT
EXPERT AUTOMATION TEAM

Learn and Start a Career in Tech.

Earn $90k to $115k Annually.
Job Placement Assistance Available

646-321-7507 | 646-262-0268
info@expertautomationteam.com
www.ExpertAutomationTeam.com

**QA Automation with Java Selenium**

**QA Automation with Python Selenium**

**QA Automation with Cypress JavaScript**

**QA Automation with API Testing**

**QA Automation with Performance Testing**

# DevTangle

Fullstack IT Solutions and Digital Marketing Agency

Do you have an online presence? Would having additional business revenue help?

Contact Us Today.

646-321-7507
ask@devtangle.com
www.DevTangle.com

**Custom Web Development**

**Custom Software Development**

**Mobile App Development**

**UI/UX Design**

**Tech Consulting and Strategy**

**Digital Marketing**

# ভালোবেসে বেঁধে রেখো

দেখবি এই বোনটাকেই তোর একমাত্র আপন বলে মনে হবে। পৃথিবীতে একটা বোনের খুব দরকার রে মা। বয়সের ফারাক তাতে কি ? বোনতো বোনই।

শুনেছি বাবার কথাতে বুবুর মন গলেছিল বেশ। যে কয়দিন বাবার বাড়িতে ছিল আমাকে আর রন্টুকে নিয়ে বেশ একটা সুন্দর সময় কাটিয়েছিল। আমার থেকে এক বছরের বড় রন্টুকে খালা ডাক শিখিয়েছিল। যাবার সময় মাকে বলে গিয়েছিল, আমার জন্য ভাগীদার এনে ভালই করেছো ।

আমার সাত বছর বয়সে একবার মাত্র বুবুর বাড়িতে যাওয়া পড়েছিল। বুবুর দুই বছর বয়সী ছেলে রুবায়েতের জন্মদিনে। মা যেতে চায়নি। আমি হওয়াতে মার মনের দ্বিধাদন্দ্ব তখনও কাটিয়ে উঠতে পারেনি। যায়নি এক অর্থে ভালই হয়েছিল। বাবার হাত ধরে ও বাড়ির চৌকাঠ পেরোতে না পেরোতেই যখন দেখলাম বুবুর দজ্জাল শ্বাশুড়িটা বাবাকে নিয়ে নানারকম রসিকতা করছে আমি তখন ভালোমত না বুঝলেও বাবার লজ্জাটা ঠিকই ধরে ফেলেছিলাম। এ ধরনের বিকৃত রসিকতায় বাবা বেশিক্ষণ ও বাড়িতে থাকতে চায়নি। অনুষ্ঠান শেষ হবার আগেই তড়িঘড়ি করে বাড়ির পথ ধরেছিল। মা সব শুনে বলেছিল দরকার নেই আর ও বাড়িতে যাবার। কিন্তু মানুষের সিদ্ধান্তই তো শেষ সিদ্ধান্ত হয়না। ওপর ওয়ালা বলে তো একজন আছেন। দৃশ্য অদৃশ্যের সব হাতিয়ার তো তার হাতেই।

আমার আর সব বন্ধুদের জন্মদিন বেশ ঘটা করে হতে দেখতাম। আমার তেমন করে কখনই কিছু হয়নি। বেশী বয়সে জন্ম দেওয়াটা এর কারণ কিনা কখনো ভেবে দেখিনি। আমাদের বাড়ি ছিল উপজেলা শহরে। বাবার একটা বইয়ের দোকান ছিল। মা শুধুই গৃহিনী। ঘরের কাজকর্ম আর আমাকে নিয়ে ব্যস্ততার মাঝেই দিন শেষ করত। এই শহরেই বাবা চার কামরার একটা ঘর বানাতে পেরেছিল। শুনেছি গ্রামের বাড়িতে অল্প কিছু জমি জমা আছে তা আমার একমাত্র ছোট চাচার দখলে। আমার বুবুর বিয়ে হয়েছে পাশাপাশি উপজেলা শহরে। বাসে করে যেতে বড়জোর বিশ মিনিটের পথ। মাকে আমিই বলেছিলাম এবারে আট বছরের জন্মদিনটা আমি ঘটা করে করতে চাই। সবাই করে। বাবা চট করে রাজি হয়ে যায়। মোটামুটি জনা তিরিশেক মানুষকে দাওয়াত দেওয়া হয়। বুবুর শ্বশুর বাড়ির লোকদেরকেও বলা হয়। সব প্রস্তুতি প্রায় শেষ। হঠাৎ করে খবর এল আমার নানু হার্ট এ্যাটাকে মারা গেছে। বাবা মা আমাকে বুবুর বাসায় রেখে তড়িঘড়ি করে ছুটল নানী বাড়িতে। সেই সময় একটা বিরাট বাস এ্যাকসিডেন্ট হয়েছিল ফরিদপুরের মাঝামাঝি সড়কে। বহুলোকের প্রানহানী হয়েছিল তাতে। দুঃখের বিষয় হোল আমার বাবা মাও ছিলেন সেই লাশের মিছিলে। নানি বাড়ি আর পৌছাতে পারেননি। যখন খবর এসে পৌছাল বুবু তখন ক্ষণে ক্ষণে জ্ঞান হারাচ্ছে আর আমি খড়কুটোর মত বুবুকে আঁকড়ে ধরে অনবরত কেঁদে চলেছি।

ঠিক ঐ সময় থেকেই জীবনের কঠিনতম অধ্যায় শুরু হয়ে গেল আমার জীবনে। শুধু আমার নয় আমার বুবুর জীবনেও। যে আমাকে নিয়ে বুবুর এত শঙ্কা সেই আমিই বুবুর ঘাড়ে চেপে বসলাম। বুবুর শ্বশুর বাড়িতে এক অপাংক্তেয় অনধিকার প্রবেশকারী হয়ে রয়ে গেলাম বহুদিন। আমাদের তেমন কেউ না থাকাতে আট বছরের আমাকে কোথাও রেখে শ্বশুর বাড়ির যন্ত্রণা থেকে রক্ষা পাওয়ার কোনো উপায়ই ছিলনা বুবুর। একান্নবর্তী পরিবারে দুলাভাই ভালো রোজগার করলেও বাবা মায়ের ওপর কথা বলার সাহস ছিলনা একেবারেই। বাধ্য হয়ে বুবু বাড়ির আর সবার কাছে ছোট হয়ে আমাকে চাতক পাখির মত আগলে রেখে সব অপমান নিরবে হজম করেছে। আমিও ধীরে ধীরে ওদের সবার ফাইফরমায়েশ খাটতে খাটতে কখন যে বুবুর শ্বশুরবাড়ির লোকদের কাছে অপরিহার্য্য কাজের মেয়ে হয়ে উঠলাম নিজেও বুঝতে পারিনি।

বুবু আমাদের চার কামরার বাড়িটার বাথরুম আর রান্নাঘরসহ তিন কামরা ভাড়া দিয়ে দিল। কোনার ঘরটা রেখে দিল আমাদের জন্য যার সাথে একটা এ্যাটাচড বাথরুম আছে এবং আলাদা করে বাইরে বেরুবার একটা দরজাও আছে। উঠানের একপাশে ছোট্ট টিন দেওয়া একটা রান্নাঘর আগে থেকেই ছিল। মা মাঝে মাঝে গরমে এখানে রান্না করত। আর একটা কাজ বুবু করেছিল। বাবার বহুদিনের বইয়ের দোকানটা বিক্রি করে যে পাঁচ লাখ টাকা পেয়েছিল তা আমার নামে ফিক্সড করে রেখেছিল। এসব কাজ বুবু একাই করেছে। দুলাভাইকে সাথে নেয়নি ।ঐ অতটুকুন বয়সে আমি কিছুই জানতে পারিনি তখন । জেনেছি অনেক পরে। শুধু এটুকু বুঝতাম আমার জন্য এ বাড়িতে বুবুর কোনো দাম ছিলনা। সবই ঠিকঠাক মত চলছিল। স্কুলের সময়টুকু ছাড়া আমার কোন ফুসরত ছিলনা। সরাক্ষণই দৌড়ের উপর থাকতে হচ্ছিল। দুলাভাইয়েরা তিন ভাই তাদের দুটো করে ছেলেমেয়ে তিন বউ, শ্বশুর শ্বাশুড়ি আর আমি মিলে পনের জনের সংসার। দুলাভাইদের অবস্থা ছিল আমাদের থেকে ঢের গুন ভালো। তার উপর বুবুর বড় জা বড় লোকের একমাত্র কন্যা হওয়াতে তার কদর ছিল এ বাড়িতে সবার উপরে। ছোট বউ ফ্যামিলি প্ল্যানিং এ চাকরি করত। একমাত্র বুবু তার শ্বাশুড়ির মন যোগাতে সকাল থেকে সন্ধ্যা অবধি খাটত। সাথে তো আমি ছিলামই। কিন্তু কেন জানি বুবুর শ্বাশুড়ি কোন কিছুতেই খুশী হতে পারত না। প্রায় প্রায় বুবুকে শুনতে হোত, মজা করল কারা বোঝা টানছে কে ?

বুবু একদিন দুলাভাইকে বলল, রায়হান আমি তো কিছু ভাড়া পাই, নীতুর খাওয়া বাবদ যদি কিছু মাকে দিই কেমন হবে? ওসব কথা ভুলেও মনে এনো না। তাহলে নীতুকে এখানে রাখাই যাবেনা।

বুবু আর ওপথে হাঁটেনি। আমাকে সবসময়ই বলত লেখাপড়াটা ভালো করে কর। আমাদের তো মা বাবা ভাই কেউই নেই। আমি চাই তুই নিজের পায়ে দাড়া। আমি খুব মন দিয়ে পড়তাম। যদিও সময় খুব কম পেতাম। আমাকে পড়তে বসতে দেখলেই বুবুর শ্বাশুড়ির মাথা খারাপ হয়ে যেত। বলত কাজ ফেলে পড়তে বসলি যে বড়। জজ ব্যারিষ্টার হবি নাকি ? দেখতাম বুবু খুব কষ্ট পেত। কাছে এসে ছোট করে বলত , কোনো কথাই কানে তুলবি না। পড়তে হবে। কষ্ট করেই বাচতে শিখতে হবে।

বুবুর আর সব জায়েরা ছুটিছাটাতে ছেলেপুলে নিয়ে বাবার বাড়িতে ঘুরতে যেত। দশ পনের দিন ঘুরে এসে ফুরফুরে মেজাজে বাচ্চাগুলো নানা বাড়ির গল্প বলত। রন্টু রুবায়েত আর আমার খুব মন খারাপ হোত। বুঝতাম এটা নিয়েও বুবুর খুব কষ্ট ছিল। একদিন সকাল বেলা ঘুম থেকে উঠে দেখি বুবু কাপড় চোপড় পরে রেডি। রন্টু রুবায়েতও। আমাকে বলল ভালো একখান জামা পরে আয়। আমি কিছু বুঝে ওঠার আগেই বুবু শ্বাশুড়ির সামনে গিয়ে বলল, মা আজ আমি রন্টু রুবায়েতের নানা বাড়ি যাচ্ছি। কাল সকালেই চলে আসব। প্রত্যেক মাসের প্রথম শুক্রবার আমাকে যেতে হবে। আপনি কিন্তু না করতে পারবেন না। বুবুর শ্বাশুড়ি হতভম্ব হয়ে গেল। বলে কি মেয়ে ! বাড়ির সবাই অবিশ্বাসের ভঙ্গিতে বুবুকে দেখতে লাগল। দুলাভাই ভয়ে তাড়াতাড়ি ঘরের ভিতর ঢুকে গেল। বুবুর শ্বাশুড়ি মিহি করে বলতে লাগল, ওদের আবার নানা বাড়ি বলে কিছু আছে নাকি? শুনেছি ভাড়া দিয়ে দিয়েছো। বুবু এবার বেশ দৃঢ় কণ্ঠে বলল ,

ভাড়া দিয়েছি ঠিকই তবে সবটুকু না। বাবার বাড়িতে ওঠার মত একখানা ঘর আছে আমাদের। যেখানে থাকার মত সবকিছুই আছে আর আছে আমার মা বাবার গায়ের গন্ধ। সবাই নানা বাড়ি যায় রন্টু রুবায়েতের যাওয়া হয়না কোথাও। এবার থেকে ওরাও যাবে।

জীবনে চলার পথে সবটুকুই কিন্তু অন্ধকার থাকেনা। মাঝে মাঝে আলো আসে, খুশী আসে আনন্দ আসে। আমার বুবু সেই আনন্দটুকু নিজের বুদ্ধিতে আমাকে আর রন্টু রুবায়েতকে উপহার দিয়েছিল। আমরা প্রথম যেবার বাবার বাড়িতে এলাম সেকি উত্তজনা আর আনন্দ আমাদের। সারা রাস্তা উড়তে উড়তে মনের সবকটা বাতিঘর জ্বালিয়ে ছুটতে ছুটতে চলে এলাম আমার বাবার বাড়ি আর রন্টু রুবায়েতের নানাবাড়ি। বুবু চার হাজার টাকা ভাড়া তুলে বাজার থেকে বড় একটা রুইমাছ আর ঝুটিওয়ালা লাল মোরগ কিনে এনে খুব যত্ন করে রাঁধল। আমার পাতে রুইমাছের মাথাটা দিযে বলল নে মজা করে খা। ও বাড়িতে তো ভালোমন্দ তোর পাতে তুলতে পারিনা। এখন এটা আমাদের বাসা যা মন চায় তাই খাবি। যা ইচ্ছে তাই করবি। আমার চোখ দিয়ে পানি চলে এল। বললাম ,

এসো আমরা ভাগ করে খাই। তুমিওতো খেতে পারনা।

বুবু রন্টু রুবায়েতকে দুটো রানের টুকরো দিয়ে বলল, এবার খুশী তো? নানা বাড়িতে কিন্তু মজার মজার খাওয়া হচ্ছে। আমাদের সারাটা দিন আর রাত যে কিভাবে কাটল বলতে পারবনা। শুধু মনে হোল আমি তো অপাংক্তেয় কিছু নই আমারও একটা বাবার বাড়ি আছে।

এভাবেই প্রতিমাসের প্রথম শুক্রবার বুবু আমাদের জীবনে সুখ কিনে দিয়েছিল। মনে রাখবার মত স্মৃতি তৈরি করেছিল। এর মধ্যে রন্টু ভালো রেজাল্ট করে ঢাকার নটরডমে ভর্তি হয়েছে। সামনে আমার পরীক্ষা। টেষ্টে খুব ভালো রেজাল্ট এসেছে। বুবুর চিন্তা এ বাড়িতে থাকলে আমার পড়াশোনাটা ঠিকমত হবেনা। কারণ একটাই, কাজের চাপে পড়ার ফুসরত খুব কমই পাওয়া যায়। বুবুর শ্বাশুড়ি নিত্যদিন বলছে এত পড়িয়ে কি হবে ? বোনকে বিয়ে দিয়ে দাও।

বুবু অনেক ভেবে জমিলা খালাকে খবর দিল। জমিলা খালা বুবুর ছোটবেলা থেকই আমাদের বাড়িতে। একমাত্র ছেলেকে পলিটেকনিকে পড়িয়ে মানুষ করেছে। ভালো চাকরি করে কিন্তু বিয়ের পর মাকে দেখেনা। জমিলা খালা বুবুর কাছে এসে প্রায়ই কাঁদে। আমি জমিলা খালাকে নিয়ে চলে এলাম আমার নিজের বাড়িতে। বুবু বলল, নীতু মন দিয়ে পড়। বড় একটা কিছু করে আমাকে দেখা। টাকা পয়সা নিয়ে চিন্তা করবিনা। সব ব্যবস্থা আমার করা আছে। জমিলা খালাকে বলল, তোমাকে ছেলের বাসায় আর থাকতে হবেনা। মনে কর এটাই তোমার বাসা। শুধু নীতুকে নিজের মেয়ের মত করে দেখে রেখো। আমাদের ভাড়াটিয়া চাচা বাবার বন্ধু ছিল। ছেলেমেয়েরা বিয়ে শাদি করে চলে গেছে যে যার মত। চাচা চাচি নিজেদের মত করে আছে। বুবু রহমত চাচাকে বলল আমাকে দেখে রাখবার জন্য। চাচা বলল, কোনো চিন্তা কোরনা মা, আমরা তো আছি।

খুব ভালো একটা রেজাল্ট শেষে আমাদের বাড়ির কাছেই গভরমেন্ট কলেজে ভর্তি হয়ে গেলাম। রেজাল্ট বের হবার পর বুবু পাঁচ কেজি মিষ্টি হাতে আমাকে নিয়ে শ্বাশুড়ির সামনে গিয়ে বলেছিল , নীতু মাকে সালাম কর। হাজার হলেও ওদের দয়াতে এ বড়ি থেকেই তো বড় হতে পেরেছিস।

আমি যে এত ভালো রেজাল্ট করব এ বাড়ির কেউই ভাবতে পারিনি। তবে এ বাড়ি থেকে বেরিয়ে যাওয়াকেও ওরা খুব একটা ভালো চোখে নেইনি।

হ্যাঁ কেন গিয়েছিলাম? শুধু কি পড়ার কারণে? না তাতো নয়। অন্য একটা কারণ ছিল। হঠাৎ করে বড় হয়ে যাওয়া আমাকে আর কেউ না হোক বুবুর ছোট দেবর কেন জানি অন্য নজরে দেখতে লাগল। যেটা ছিল আমার জন্য খুবই অস্বস্তিকর। একটা মেয়ে সে ঠিকই বুঝতে পারে লোকটার মনের মধ্যে কি চলছে।

ঘটনাটা ঘটেছিল এভাবে। এক বৃষ্টিমুখর সন্ধ্যায় বুবুর ছোট দেবর আমার কাছে পানি চেয়েছিল। এ বাড়ির ছোট বউ তখনও কাজ থেকে ফেরেনি।

পানি হাতে ঘরে ঢুকতেই লোকটা আমাকে শক্ত করে চেপে ধরেছিল। আচমকা এরকম কোনো কিছুর জন্য প্রস্তুত ছিলাম না আমি। ঘৃণায় আমার সমস্ত অন্তরাত্মা কেঁপে উঠেছিল। কোনোরকমে নিজেকে ছাড়িয়ে হাঁফাতে হাঁফাতে বুবুর কাছে এসে বলেছিলাম, বুবু আমি আর এ বাড়িতে থাকব না। আমাকে আমার বাড়িতে রেখে এসো। বুবু অবাক বিস্ময়ে আমার মুখের দিকে তাকিয়ে বলেছিল কিছু হয়েছে নীতু ? ঠিক সেই মুহূর্তে আমি কিছু বলতে পারিনি। বুবুর জহুরী চোখ কি বুঝেছিল কে জানে!

বুবু কষ্ট পাবে দেখে আজও সে কথা বলা হয়নি। হয়ত বলবও না কোনোদিন।

আজ আমি সফল ডাক্তার। রন্টু বুয়েট থেকে পাশ করে বড় চাকরি করে। রুবায়েত অষ্ট্রেলিয়াতে পি এইচ ডি শেষ করে বউ বাচ্চা নিয়ে আছে। রন্টু আমি সবাই বিয়ে করে বাচ্চা নিয়ে সুখেই আছি। দুলাভাই গত হয়েছেন বেশ ক'বছর। আর আমাদের জীবনের সাফল্যের কারিগর অসম যোদ্ধা আমার বুবু সুটকেস হাতে দৌড়ের ওপর থাকে। কখনো রন্টুর বাসা কখনো আমার বাসা, আবার কখনও অষ্ট্রেলিয়া। তবে আমার বাসায় একটু বেশী থাকে। বলে, বুঝলি নীতু জীবনে একটা বোনের খুব দরকার রে। যত জায়গায়ই যাইনা কেন যেখানেই থাকিনা কেন তোর কাছে আসলে আমার যত শান্তি এ আমি কোথাও পাইনা। বাবা ঠিকই বলেছিল।

পরম যত্নে আগলে রাখা আমি আমার মায়াবতী বোনটাকে দেখি। কাছে এসে গভীর মমতায় তাকে ছুঁয়ে দিই। বলি তুমি শুধু আমার বোন না, আমার মা। চিরকাল এভাবেই আগলে রেখো বুবু। ভালোবাসি তোমাকে। খুব ভালোবাসি।

**লেখক: কথাসাহিত্যিক, মায়ামি।**





# হিজরতে তাওহিদের বার্তা

দীদার মাহদী



নবী (সা.)-এর জীবনের প্রতিটি অধ্যায় মানব জাতির জন্য পথনির্দেশক। রাসুল (সা.)-এর প্রতিটি কাজে কোনো না কোনো শিক্ষা থাকেই উম্মতের জন্য। মক্কার জীবনে কাফেররা তার ওপর বহু নির্যাতন করে। তিনি নীরবে তা সহ্য করে যান। এক পর্যায়ে আল্লাহতায়ালা তাকে মদিনায় হিজরতের আদেশ দেন। আল্লাহর আদেশ পেয়ে তিনি আবু বকর (রা.)-কে সঙ্গে নিয়ে মদিনায় হিজরত করেন। হিজরতের শুরু-শেষ এমন কিছু ঘটনা রয়েছে, যা আল্লাহর কুদরতের নিদর্শন ও তাওহিদের আলোকবর্তিকা হিসেবে প্রকাশিত হয়েছে।

**নবীজিকে হত্যার পরিকল্পনা :** নীতি-আদর্শে যখন মানুষ কুলিয়ে উঠতে পারে না, তখন গোপন ষড়যন্ত্রে লিপ্ত হয়। বিভিন্ন কলা-কৌশলে প্রতিপক্ষকে ঘায়েল করার চেষ্টা করে। মক্কার কাফেররা এর ব্যতিক্রম ছিল না। রাসুল (সা.) মক্কাবাসীকে মূর্তির পূজা ছেড়ে এক আল্লাহর ইবাদত করার জন্য আহ্বান করতেন। পূজারিরা তা মেনে নিতে পারেনি। তাই এক পর্যায়ে তারা মহানবীকে হত্যার পরিকল্পনা গ্রহণ করে। আর এ জঘন্যতম কাজটা সম্পন্ন করতে প্রত্যেক গোত্রের শক্তিশালী যুবকদের নির্বাচন করল তারা, যাতে হত্যা-পরবর্তীকালে নবীর গোত্রের লোকেরা সব গোত্রের বিপক্ষে হত্যার প্রতিশোধ নিতে না পারে। সিদ্ধান্ত নিয়ে তারা ঘোষণা করল, মুহাম্মদ (সা.)-কে যে জীবিত অথবা মৃত 'নদওয়া' গৃহে হাজির করতে পারবে, তাকে ১০০ উট পুরস্কার দেওয়া হবে। মক্কার সব গোত্রের শক্তিশালী যুবকরা একত্রিত হয়ে শপথ নেয়, সেদিন রাতেই মুহাম্মদ (সা.)-এর বাড়ি ঘেরাও করা হবে এবং তাকে চিরতরে শেষ করে দেওয়া হবে। তাদের সব পরিকল্পনা আল্লাহ নস্যাৎ করে দিলেন। রাতেই আল্লাহ তায়ালা ওহির মাধ্যমে এই চক্রান্তের কথা তাঁর রাসুলকে জানিয়ে দিলেন। আল্লাহ বলেন, 'হে নবী, আপনি ওই সময়টি স্মরণ করুন, যখন কাফেররা চক্রান্ত আঁটছিল যে, তারা আপনাকে বন্দি করবে অথবা হত্যা করবে কিংবা করবে দেশান্তর। তারা তাদের ষড়যন্ত্র করছিল আর আল্লাহ আপন কৌশল করছিলেন। নিশ্চয়ই আল্লাহ সর্বোত্তম কৌশলী।' (সুরা আনফাল : ৩০)।

**শত্রুবেষ্টিত গৃহত্যাগ :** শত্রুরা রাসুল (সা.)-এর গৃহ বেষ্টন করে আছে। অপেক্ষায় আছে রাসুল (সা.) ঘর থেকে বের হলেই তারা তাঁকে হত্যা করবে। এদিকে আল্লাহতায়ালা ওহির মাধ্যমে সবকিছু জানিয়ে দিলেন নবী (সা.)-কে। আল্লাহ নবীজিকে নির্দেশ দিলেন, রাতে স্বীয় গৃহে শয়ন না করে তাঁর স্থানে হজরত আলী (রা.)-কে রাখতে। প্রিয়নবী (সা.) হজরত আলী (রা.)-কে বললেন, 'তুমি আমার এই সবুজ হাদরামি চাদর গায়ে দিয়ে আমার বিছানায় শুয়ে থাকো। ওদের হাতে তোমার কোনো ক্ষতি হবে না।' প্রিয়নবী (সা.) এই চাদর গায়ে জড়িয়ে রাতে ঘুমাতেন। (ইবনে হিশাম, প্রথম খণ্ড, পৃ.৪৮২, ৪৮৩)। নবীজি হিজরতের জন্য আল্লাহর আদেশের অপেক্ষায় ছিলেন। যে রাতে শত্রুরা তাঁকে হত্যার ষড়যন্ত্রে মেতে উঠেছিল, সে রাতেই হিজরতের নির্দেশ পান। জিবরিল (আ.) হিজরতের নির্দেশ সংবলিত আসমানি বার্তা নিয়ে এলেন। আয়াত নাজিল হলো, 'আর হে নবী! আপনি বলুন, হে আমার রব! আমাকে প্রবেশ করান কল্যাণের সঙ্গে এবং আমাকে বের করান কল্যাণের সঙ্গে। আর আমাকে আপনার পক্ষ থেকে দান করুন সাহায্যকারী শক্তি।' (সুরা বনি ইসরাইল : ৮০)। এর পর রাসুলুল্লাহ (সা.) এক মুঠো ধুলো নিয়ে বাইরে এলেন এবং কাফেরদের দিকে নিক্ষেপ করলেন। ধুলো গিয়ে পড়ল সবার চোখে-মুখে। এতেই আল্লাহতায়ালা তাদের অন্ধ করে দিলেন। ফলে তারা আল্লাহর রাসুলকে দেখতে পেল না। সে সময় নবীজি (সা.) এই আয়াত তেলাওয়াত করছিলেন যে, 'আমি ওদের সামনে প্রাচীর ও পশ্চাতে প্রাচীর স্থাপন করছি এবং ওদেরকে আবৃত করছি। ফলে ওরা দেখতে পায় না।' *(সুরা ইয়াসিন : ৯)*। এর পর তাদের ওই অন্ধ অবস্থায় তিনি ধীর পায়ে এগিয়ে *এরপর ২৮ পৃষ্ঠায়*



# শান্তি প্রতিষ্ঠায় বিশ্বনবী মুহাম্মদ (সা.)

আবু নাঈম ফয়জুল্লাহ



সবাই শান্তি চায়। সে শান্তির বার্তা নিয়েই পৃথিবীতে আগমন করেছিলেন বিশ্বনবী মুহাম্মদ (সা.)। পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার মহানায়ক ছিলেন তিনি। মহানবীর আগমন না হলে পৃথিবীর ইতিহাস হতো ভয়ংকর। এক অন্ধকারাচ্ছন্ন পৃথিবী গ্রাস করে রাখত আমাদের। অজ্ঞতা ও অশান্তির আঁধার ঘনীভূত হতে হতে পাশবিকতায় ছেয়ে যেত পৃথিবী। এর সবচেয়ে বড় প্রমাণ হলো, পৃথিবী নবী যুগ থেকে যত দূরে সরে যাচ্ছে, ততই অশান্ত হয়ে উঠছে। বস্তুতান্ত্রিক উন্নতির চূড়ান্ত শিখরে আরোহণ করেও ধীরে ধীরে মানুষের বসবাসের অযোগ্য হয়ে উঠছে পৃথিবী। মানুষের সমাজগুলোতে পাশবিকতা ছেয়ে যাচ্ছে। ভালো মানুষরা আস্তে আস্তে বেঁচে থাকার আগ্রহ হারিয়ে ফেলছেন।

থেকে দেড় হাজার বছর আগের পৃথিবী এর চেয়েও ভয়াবহ ছিল। কোথাও কোনো আলোর ছিটেফোঁটা ছিল না। প্রকৃত সত্য দুনিয়া থেকে উধাও হয়ে গিয়েছিল। ব্যক্তি থেকে পরিবার, সমাজ, রাষ্ট্র সর্বত্র অশান্তির ছায়া নেমে এসেছিল।

সেই অশান্ত পৃথিবীতে শান্তির আবে হায়াত ছড়িয়ে দিয়েছিলেন আমাদের মহানবী মুহাম্মদ (সা.)। এ জন্যই আল্লাহতায়ালা বলেছেন- 'আমি আপনাকে জগতগুলোর জন্য রহমত হিসেবেই প্রেরণ করেছি।' (সুরা আম্বিয়া : ১০৭)।

**নবুওয়াতপূর্ব জীবনে শান্তি প্রচেষ্টা :** তৎকালীন অন্ধকারাচ্ছন্ন আরব সমাজের নানা অরাজকতা বাল্যকাল থেকেই নবীজিকে ব্যথিত করে তুলেছিল। মানুষের জানমালের নিরাপত্তাহীনতা, ইজ্জত-সম্মানের ওপর মারাত্মক আঘাত নবীজিকে অস্থির করে তুলেছিল। তাই কিশোর বয়সেই তিনি সমমনা চিন্তাশীল মানুষদের নিয়ে গড়ে তুলেছিলেন হিলফুল ফুজুল নামক সামাজিক সংঘ। এর মাধ্যমে তিনি বহিরাগতদের জানমালের নিরাপত্তা বিধান, মা-বোনদের ইজ্জত আবরুর হেফাজত, ঋণগ্রস্ত অসহায় মানুষের পাশে দাঁড়ানোসহ সামাজিক শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠায় নানামুখী অবদান রেখেছেন।

**মক্কি জীবনে শান্তি প্রচেষ্টা :** তৎকালীন বিশ্ব আদর্শিকভাবে একেবারেই ভেঙে পড়েছিল। অনুকরণীয় কোনো মতাদর্শ তখন পৃথিবীতে ছিল না। ফলে আদর্শ মানুষও তখন বিদ্যমান ছিল না। তাই আল্লাহতায়ালা মানবতার মুক্তির দিশা দিয়ে মুহাম্মদ (সা.)-কে নবুয়ত দান করেন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ জীবনাদর্শ আল- কোরআন অবতীর্ণ করার মাধ্যমে *এরপর ৩৮ পৃষ্ঠায়*



# পিতামাতার অধিকার

মুফতি শাহাদাত হোসাইন

পিতামাতার সেবা ও আনুগত্য একটি বড় নেয়ামত। এ নেয়ামতের মাধ্যমে বান্দা দুনিয়া ও আখেরাতে সফলতা লাভ করে। পিতামাতার গুরুত্ব বোঝাতে আল্লাহতায়ালা তাঁর ইবাদতের প্রতি বান্দাকে আহ্বান করার সঙ্গে সঙ্গে পিতামাতার আনুগত্যের আদেশ জুড়ে দিয়েছেন। তিনি বলেন, তোমরা তাঁর সঙ্গে কাউকে শরিক করো না এবং পিতামাতার প্রতি অনুগ্রহ কর *(সুরা নিসা : ১৩৫)*।

**কোমল আচরণ :** আল্লাহতায়ালা পিতামাতার সঙ্গে ধমকের স্বরে কথা বলতে নিষেধ করেছেন এবং তাদের সঙ্গে কোমল আচরণের হুকুম দিয়েছেন। আল্লাহ বলেন, 'যদি তাদের দুইজনে অথবা একজন বার্ধ্যকে পৌঁছে তাহলে তাদের সঙ্গে চিৎকার করে ধমকের স্বরে কথা বলো না এবং তাদের সঙ্গে নরম স্বরে কথা বলো। *(সুরা ইসরা : ২৩)*। নবীজি তাঁর উম্মতের সন্তানদের পিতামাতার প্রতি যত্নশীল হতে আদেশ দিয়েছেন এবং তাদের অধিকারের প্রতি কঠোরভাবে খেয়াল রাখতে বলেছেন। পিতামাতার অধিকারের ব্যাপারে সতর্ক থাকতে হবে সদাসর্বদা। পিতামাতা কষ্ট পাবেন এমন আচরণ করা যাবে না। তাদেরকে ধমক দিয়ে কথা বলা কবিরা গোনাহ। একজন আদর্শ সন্তান হিসেবে নিজেকে গড়ে তোলার সর্বাত্মক চেষ্টা অব্যাহত *এরপর ২৮ পৃষ্ঠায়*

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City — মে-২০২৪

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১৮ | ৪:০৪ | ৫:৩৬ | ১২:৫২ | ৫:৫৯ | ৮:১০ | ০৯:৪২ |
| ১৯ | ৪:০৩ | ৫:৩৫ | ১২:৫৩ | ৫:৫৯ | ৮:১১ | ০৯:৪৩ |
| ২০ | ৪:০২ | ৫:৩৪ | ১২:৫৩ | ৬:০০ | ৮:১২ | ০৯:৪৪ |
| ২১ | ৪:০০ | ৫:৩৩ | ১২:৫৩ | ৬:০০ | ৮:১২ | ০৯:৪৬ |
| ২২ | ৩:৫৯ | ৫:৩৩ | ১২:৫৩ | ৬:০১ | ৮:১৩ | ০৯:৪৭ |
| ২৩ | ৩:৫৮ | ৫:৩২ | ১২:৫৩ | ৬:০১ | ৮:১৪ | ০৯:৪৮ |
| ২৪ | ৩:৫৭ | ৫:৩১ | ১২:৫৩ | ৬:০২ | ৮:১৫ | ০৯:৪৯ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842


## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



গল্প



# ভালোবেসে বেঁধে রেখো



## নার্গিস চৌধুরী

আসল সত্যটা কখনই বুবুকে জানাতে পারিনি। হয়ত পারতাম কিন্তু সেই সত্যটা বুবুর হৃদয়ে যে কতখানি আঘাত হানতে পারে ঐ বয়সে সেটা বুঝবার ক্ষমতা আমার হয়ে গেছে। আমি নীতু। বুবুর ছোট বোন। আমরা দুই বোন। বুবুর থেকে আমার বয়সের ফারাক প্রায় বিশ বছরের। আমার যখন জন্ম হয় বুবু তখন বিয়ে শাদি করে এক বাচ্চার মা হয়ে গেছে। আমার মায়ের বয়স তখন চল্লিশের কোঠায়। এই বয়সে মা হওয়ার কারণে মা বাবা যেমন লজ্জা পেয়েছিল বুবু তার থেকে অনেক বেশী। রাগ করে বাবার বাড়িতে আসেনি ক'বছর। শ্বশুর বাড়ির লোকেদের কাছে এই নিয়ে কম হেনস্তা হতে হয়নি। এসব কথা মায়ের কাছ থেকে শোনা। যেদিন প্রথম বুবু আমাকে দেখতে গিয়েছিল তখন আমার বয়স ছিল পাঁচ। এক হ্যাঁচকা টানে আমাকে কোলে তুলে নিয়ে বলেছিল,




কি দরকার ছিলরে তোর এতদিন পর আসার? আমি একা ছিলাম ভালোই তো ছিলাম।

মা রাগ করে বলেছিল, কিরে মিতু, কোথায় বোনকে একটু আদর করবি তা নয়ত ধমকা ধমকি শুরু করেছিস। তোর পেটে এত হিংসে কেন?

বুবু আরো রাগ করে আমাকে মায়ের কোলে ধপাস করে ফেলে দিয়ে তার ছেলে রন্টুর হাত ধরে সোজা বাবার কাছে গিয়ে হাউ হাউ করে কেঁদে পড়েছিল। বুবু সেদিন আবেগে ছেলেমানুষ হয়ে গিয়েছিল। বহুদিন বুবু একমাত্র সন্তান হওয়াতে বাবার আদর একটু বেশীই পেয়েছিল।

বাবা বুবুর মাথায় হাত রেখে বলেছিল, এখন কাঁদছিস! একদিন এরপর ২০ পৃষ্ঠায়

রম্য গল্প



# বন্ধু দর্শন ও ছাছা মিছার কাহিনী



## ইশতিয়াক রুপু

১৯৯৪ সনে লন্ডন পৌছার ১৫/২০ দিন চলে গেলো স্বজনদের আব্দার মেটানো আর নানা উপাচার পালনে। এ দিকে আমার কাঁধে পাহাড় সমান আর্থিক দায়। সারাক্ষণ এক ভাবনা কিভাবে কাজের জোগাড় হবে। আমার জন্য সে সময় কাজের জোগাড় করাই আমার একমাত্র ফরজ কাজ। আর সেই খারাপ সময়ে পেয়ে গেলাম বড় ভাই শাহগীর বখত ফারুককে। পূর্ব লন্ডনের ব্রিক লেইনে শাহনান জব সেন্টারের কর্নধার। লন্ডনে আমার প্রথম অবস্থান ফারুক ভাইর বাসার কাছেই। সকালে কাজে যাওয়ার সময় তার মার্সিডিজ গাড়িতে উঠিয়ে নিজ অফিসে নিয়ে গেলেন। যেতে যেতে ফারুক ভাইর সঙ্গে নানা বিষয়ে অনেক কথা হল। লন্ডনের সমাজ ব্যবস্থা সহ বাঙ্গালী জীবন যাত্রার ছোট খাটো চিত্র আমায় দিলেন। সকাল বেলা অফিস খুলে কাজের জন্য লন্ডনের পার্শ্ববর্তী বিভিন্ন জায়গায় ফোন করা শুরু হলো। ফারুক ভাইয়ের ভাষায় কপাল ভাল ছিল বলে সাসেক্স ওয়ার্দিং নামের শহরে প্রথম শ্রেনীর ভারতীয় রেস্তোরাঁয় কিচেন সহকারীর চাকুরী পাওয়া গেলো। চাকুরী প্রাপ্তি সাপেক্ষে কিছু নিয়ম কানুন তথা আনুষ্ঠানিকতা মিটানো তখন সহজ ছিলো না। ফারুক ভাই হতাশ না হলেও দিনের শুরু বিনা প্রাপ্তিতে হওয়ায় তিনি সম্ভবত মন কিছুটা খারাপ করলেন। এর জন্য মোটেও তৈরী ছিলেন না। এর পরও ফারুক ভাইয়ের মুখাবয়বে সন্তোষের স্পষ্ট ছাপ দেখি। রেস্টুরেন্টের নাম ঠিকানা ও যাতায়াত নির্দেশিকা সহ সকল তথ্য একটি কাগজে লিখে দিলেন যত্ন করে। তাগিদ দিলেন বার দুয়েক। ব্রিক লেন থেকে বের হয়ে ২৫ নাম্বার বাস ধরলাম। গন্তব্য ইস্ট লন্ডনের বাঙ্গালী অধ্যুষিত ফরেষ্ট গেইট। আমার প্রাথমিক অবস্থান বাসায় ঢুকে শুনি সাউথ ওয়েস্টের এক ছোট্ট শহর পেইংটন থেকে এক বন্ধু ফোন করেছে। কিছুক্ষণ পর আবার ফোন করবে। অনুরোধ করেছে ফিরে এলে আমি যেন ওকে ফোন করি। চিন্তায় পড়ে গেলাম কে হতে পারে? নাম কি ? ঠিক তখনই আবার ফোন।ওমা এ দেখি হুমায়ূন! আমি একেবারে হতবাক। ভাবছি সে এতো তাড়াতাড়ি আমার ফোন নাম্বার কোথা থেকে পেলো। ফোন ধরতে না ধরতে বেশ কিছু কঠিন গালাগাল দিয়ে খোঁজ নেয়া শুরু করল। ওকে জানালাম চাকুরির খবর। হুমায়ূন হাসতে হাসতে ফিট হবার জোগাড়। ভীষন রাগ হলো এরপর ২৬ পৃষ্ঠায়

# এ সপ্তাহের কবিতা



## বারমুডা ত্রিভুজ
### এইচ বি রিতা

অপেক্ষার শিকড় বুড়ো হচ্ছে স্টারবাক্সের পার্কিং-লটে,
ছাপ রেখে গেছে যে কফির কাপে পাহাড়ের বাঁকা রাস্তা পেরুবে বলে,
সন্ধ্যা ছেড়ে সেও রাত ডিঙ্গাতে গিয়ে ঘুমিয়ে পড়ে যিশুর সন্তানের কোলে; তিনশূন্য শূন্য মাইল দূরে।
নাইবা হলাম প্রতিবেশীর কাব্য, জুঙ্গিয়ান বিশ্লেষণ অথবা তুমুল একাকিত্বের দিনে চিন্ত্যের-অ, কি আসে যায়?
মানুষের হৃদয় সে তো ডিলিউশনের একটি সার সংক্ষেপ
যেখানে সমাপ্তির সংজ্ঞায় বিরতি কেবল এক তৃতীয় হাত।
প্রিয় সুর বেসুরো হয় ঘড়ির কাঁটায় জেনেও ডাহুক থেমে নেই,
যেমন থেমে নেই বিশ্ব বর্বরতা কিংবা কম দামে শরীরের বেচাকেনা।
চলছে তো কি চলছে, কে-ই বা চালাচ্ছে নাটাই সুতো,
কে হারছে কাকে জিতাবে বলে?
জীবন এক অমীমাংসীত বারমুডা ত্রিভুজ, যেখানে বেতার তরঙ্গ প্রেরণে ব্যর্থ হওয়া
জাহাজটির মতই অদৃশ্য হয়ে যায় মানুষ
প্রেম আর প্রতিশ্রুতির জায়গা থেকে।
তবু থেমে নেই নিঃশ্বাস, চলছে তো চলছেই ফুসফুসের অগ্রভাগ থেকে;
সাঁ সাঁ সাঁ!

**লেখক: কবি, নিউইয়র্ক।**



## ভালোবেসো
### নেলী ইসলাম

বাতাসের গায়ে চিরকুট লিখে দিয়েছি, চলে যাচ্ছি
আর কথা হবে না আগের মতো।
হিসেব নেই কত কালের,
ঠিকমতো ওষুধ খেয়ো তুমি
চশমার গ্লাসটা কেউ যদি মুছে না দেয়,
একটু কষ্ট কওে নিজেই কওে নিও।
আমার মতো করে কেউ বলবেনা কিন্তু তোমাকে।
লেখাটা শেষ করতে পারছি না,
আজকাল আর আগের মতো লিখতেপারিনা
ভারবার আটকে যায় কলম।
সবাই যখন মুখ ফিরিয়ে নিচ্ছে
তখন তারই বা দোষ কি
এক দিন তোমায় বলেছিলেম যা খুশি তাই করো
ভালো শুধু আমায় বেসো..
এটুকুই পেলাম না!
খুব কি বেশি চেয়েছিলাম?
আমি জানি, তুমি শুধু আমারই।

**লেখক: কবি, নিউইয়র্ক।**



## রঙ্গমঞ্চ
### জেবুন্নেছা জোৎস্না


জীবনের রঙ্গশালায় হরেকপাটের ভূমিকায়
ব্যস্ত নারী ও পুরুষ! আপাত দৃষ্টিতে সব কিছু
স্বাভাবিক মনে হলেও, আসলে তা কিন্তু নয়!

অন্ধকাওে খসে গেলে মেকাপের পুরু আস্তরণ
ক্যামেফ্লেজ মুখোশে স্ট্রবেরী চাঁদেও গ্রহণ!
কংকালসার হনু'র কোটরাগত দৃষ্টির গ্যালারিতে
আলোর পতঙ্গ মওে হ্যামিলনের বাঁশিতে!
দাবদাহে পোড়ে মন, খড়িমাটি বন
বাতাসের গোঙানিতে অতৃপ্ত বিলাপ
ব্যর্থতার অভিশাপে জীবন্মৃত ক্ষরণ!

এরা এ্যমিবায়িক চলনে স্বরূপ বদলায় বারে বারে
উঁই পোকায় খুঁটে খায় বিলুপ্ত ঢিবির মহাকাল
দেখেছে চিলেকোঠার আঁধার, চিলতে চৌকাঠ
কোলাব্যাঙের আঁচিলে স্বপ্নবসত গড়ার-
আলোতে দেখেনি রোদের ত্রসরেণু, ভোরের প্রভাত !

এরা বাতাসে সঙ্গম করে, নর্দমায় ছুঁড়ে ফেলে ডিম
পরশ্রী মশকীহুলে, করোটি খননে যায় রাত-দিন!
আদিম উদ্যানে কুন্তল এদের জ্বলে সর্প তেলে!
আর রঙ্গমঞ্চে আর্বিভূত হয়, 'দ্যা টেম্পেস্ট' নাটকের
অর্ধেকমানব, অর্ধেক দানব।
আঁশটে গন্ধের ক্যালিবান চরিত্রে অথবা 'মেজার ফর মেজারে'
বন্ধু ক্লাউডিও কর্তৃক জুলিয়েটের গর্ভবতী হওয়ায়
শ্লেষকারী দুষ্টু লুসির ব্যাঙ্গাত্মক পালাবদলের চরিত্রে!

**লেখক: কবি, নিউইয়র্ক।**



No cameras are allowed inside the Manhattan courtroom where Donald Trump's hush money trial is underway, but sketch artists captured the scenes as Michael Cohen was cross-examined by the defense today while the former president listened nearby. By Christine Cornell

## Hush money trial

# Trump defense grills Michael Cohen

**Shah Nawaz**



The moment when defense indicated that Michael Cohen's call to Donald Trump's bodyguard Keith Schiller was for help with harassment he was receiving — not to speak with Trump about Daniels, as he testified Monday — "was the most dramatic" point of the cross-examination, CNN's Kara Scannell said. "It was the most dramatic moment of the cross examination. Cohen looks like he made up that one call after he saw some records form the prosecution and filled in the blank. It casts doubt on Cohen's memory of phone calls in 2016," Scannell said.

But, she added: "It's up to the jury to decide whether he made up this one call or all calls."

Here's how Cohen explained it in the afternoon, according to CNN's Jeremy Herb: "Even if he didn't recall the circumstances of every call, he remembers the calls themselves."




# Stormy's husband says they'll likely leave country if Trump is acquitted



**Ajkal Report**

The husband of adult film actress Stormy Daniels said on Tuesday that there's a "good chance" the couple will leave the country if former President Donald Trump is acquitted in his Manhattan criminal trial.

Barrett Blade spoke to CNN's Erin Burnett about the vitriol his wife, who is a key figure in the controversy over a 2016 hush money payment allegedly made to Daniels on Trump's behalf, has faced.

"Either way, I don't think it gets better for her. I think if it's not guilty, we got to decide what to do. Good chance we'll probably vacate this country," Blade said on "OutFront," adding that if Trump is found guilty, he believed Daniels would still face hate from the presumptive Republican presidential nominee's supporters.

"I don't see it as a win situation either way," he said. "I know that we would like to get on with our lives. I know that she wants to move past this. We just want to do what I guess you'd say normal people get to do in some aspects but I don't know if that ever will be, you know, and it breaks my heart.



# Why Biden's eager to debate Trump

**Opinion**

**Ajkal Report**

President Joe Biden and former President Donald Trump have both accepted an invitation from CNN to debate on June 27, nearly four years since they last clashed onstage.

Biden, who was first to accept the invitation Wednesday morning, posted on X: "I've received and accepted an invitation from @CNN for a debate on June 27. Over to you, Donald. As you said: anywhere, anytime, any place."


Trump later told CNN's Kaitlan Collins he also accepted.

The June date, much earlier in the general election cycle than usual, is a reflection of the growing importance of early voting as well as the voracious appetite for political news on cable television and social media.

And later Wednesday morning, both men said they also accepted an invitation from ABC to a second debate on September 10.

For the first time in decades, whether there would even be debates had been uncertain. During the Republican primaries, Trump refused to debate his opponents in the five GOP debates that were hosted from August 2023 to last January, hoping to make them seem beneath him. He preferred to get his own airtime on social media and Fox News.

But Trump can't resist a chance to take on the president.



# Hundreds of Pro-Palestine supporters rally in Astoria

## On anniversary of Nakba

**Mohammad Hasanuzzaman**

Hundreds of Pro-Palestine protesters took to the streets of Astoria on Wednesday, May 15, for what is known as Nakba Day.

Nakba, which translates to 'catastrophe' in Arabic, refers to the ethnic cleansing and forced expulsion of 700,000 people from what is now Israel in 1948. This year, protesters around the world commemorated the 76th anniversary of the displacement while continuing to call for a ceasefire in Gaza.

The rally began around 5 p.m. outside of the Al-Iman Mosque on Steinway Street, where it stayed for two hours as the crowd grew. Despite the rain, many more supporters trickled in as the group marched down 30th and 31st Avenues.

Protesters clad in kufiya scarves chanted, "We will free Palestine within our lifetime" and "From the sea to the river, Palestine will live forever." Some lit up green and red flares while others waved the Palestinian flag.

In response to the scheduled demonstration, the NYPD increased its presence in the area before the number of protestors swelled.

The NYPD arrested two individuals, one Staten Island resident for disorderly conduct and another New Jersey resident for resisting arrest, reckless endangerment, obstructing governmental administration, disorderly conduct and harassment in the second degree.

Another Nakba Day rally, organized by WOL, is scheduled for Saturday, May 18, in Bay Ridge.



# Man beaten, stabbed by couple

● Crime

**Abubakar Siddique**

Detectives from the 114th Precinct are investigating a bizarre attack in broad daylight near the Woodside Houses NYCHA complex on Wednesday afternoon. A 37-year-old man initiated a physical altercation with a couple and was beaten and stabbed repeatedly when the man and woman fought back. The instigator approached the couple as they were walking a dog on Newtown Road at 49th Street near the Broadway intersection just before 3 p.m. He struck the man from behind while he was moving with the aid of a riding scooter with an apparent injury to his right foot; the woman who was walking alongside him retaliated immediately while continuing to hold on to the dog's leash. The man on the scooter pulled out a sharp object and stabbed his assailant multiple times in the head, neck, back and lower torso, according to an NYPD spokeswoman. She could not say what precipitated the initial attack. The couple and the dog fled the scene, heading east on Broadway toward Northern Boulevard. EMS responded to the location and rushed the wounded man to Elmhurst Hospital where he was listed in stable condition. Investigators are working to locate the couple. There are no arrests and the assault investigation remains ongoing. Anyone with information regarding this incident is asked to call the NYPD's Crime Stoppers Hotline at 1-800-577-TIPS (8477) or for Spanish, 1-888-57-PISTA (74782).



# Tigers leave for USA

● Sports

**Abubakar Siddique**

Bangladesh cricket team left for the USA in the early hours of Thursday for the T20 World Cup, which begins in USA and the West Indies on June 2.

A 17-member Bangladesh team led by Najmul Hossain Shanto, including two reserve players and coaching staff, left for Dallas, USA in the early hours on Thursday.

The Tigers will play three T20I matches against USA on May 21, 23 and 25 before embarking on the World Cup campaign with the game against Sri Lanka on June 8.

Bangladesh have been pitted against Sri Lanka, Nepal, South Africa and Netherlands in Group D of the World Cup. Top two teams from each of the four groups will advance to the Super 8s.

# 'It was a journey of self-discovery'

## Asif Islam on his award-winning debut film

**Ajkal Report**

From passion project to international acclaim, filmmaker Asif Islam's debut film "Nirvana" won the Special Jury award at the 46th Moscow International Film Festival. "Nirvana's" journey doesn't end with Moscow as the director has received offers to screen the film at festivals in Morocco, Spain, London, and India. We were sitting in the living room of Bangladeshi filmmaker Asif Islam's apartment after watching his debut film "Nirvana", which had just won the Special Jury award at the 46th Moscow International Film Festival. The lingering heatwave did little to dissipate the serene and evocative effect of the black-and-white silent film, as I bombarded Asif with questions.

Asif is a familiar face in the Bangladeshi media landscape. A freelance director of photography, he has appeared in numerous advertisements. With a background in Graphic Design and Animation and a master's degree in Audio Visual Production, filmmaking is his passion. For Asif, "Nirvana" was more than just a film—it was a journey of self-discovery. "As a filmmaker, it is like self-discovery," he shared. Despite his extensive experience, Asif relied less on his formal training and more on creative intuition. Several viewers in Moscow likened the film to a painting, and its second screening was sold out. "We didn't have proper lighting; the entire film was made using natural light. We didn't have money, but we had time. We used to wait for the sun to move to a certain angle and then shoot," he explained. The film's shoestring budget led to creative decisions that ultimately enhanced its impact. Initially, Asif and writer and co-producer Muhammad Anwar Hossain envisioned a colour film, but the cost of maintaining a specific palette was prohibitive. Asif, who also served as the costume designer, noted that recreating sets and providing costumes for extras was financially unfeasible. Interestingly, "Nirvana" was inspired not by a story but by a location—a family-owned transformer factory in Gazipur. The factory's incessant noise made recording






dialogue impractical, steering the film towards its silent nature. The project organically evolved from a three-page screenplay into an 83-minute movie that resembles a picture album. "At first, we had only one character, Priyam (Archi)," Asif said. "Then we added one or two supporting characters. As we developed these characters, they became more interesting, so we expanded their roles and increased their screen time."

# বন্ধু দর্শন ও হাছা মিছার কাহিনী

২৩ পৃষ্ঠার পর

আমার। ওকে জানালাম, আমাকে এই কাজে যেতে হবে। আবার আরো একটি শক্ত গালি দিয়ে বলল, তুই এসব কাজ করতে পারবি না, অকালে মারা যাবি। সারাজীবন নবাবজাদার ন্যায় চলেছিস। বেটা তোর জন্য এই কাজ না। মন দিয়ে শোন আমি কি বলি। আমার এখানে চলে আয়। দেখি তোকে কোন সাহায্য করতে পারি কিনা। জিজ্ঞেস করলাম তুই থাকিস কোথায়? বলল তোর জানার দরকার নাই বাসায় অন্য কাউকে ফোন দে। আমার মামাকে নির্দেশ দিল আমাকে ইন্টারসিটি ট্রেনে তুলে দিতে। বন্ধুর নির্দেশ মেনে চড়লাম ইন্টার সিটি রেলে। বিলাতে ট্রেনের ভাড়া অভিনব। ভ্রমণ একমুখি হলে ভাড়া আসবে ৩০ পাউন্ড আর ফিরতি যাত্রা সহ মোট ভাড়া আসবে মাত্র ৩২ পাউন্ড। তাও ছয় মাস সময়ের বৈধতা সহ। যেতে হবে যুক্তরাজ্যের সাউথ ওয়েষ্টে। সাগরের কূলে গড়ে ওঠা একটি শহর, নাম পেইংটন। সরাসরি যাওয়া যাবে না। মধ্যে নিউটন অ্যাবট নামক জায়গায় ট্রেন বদলাতে হবে। ছোটবেলায় কোথাও যেতে যেতে আমাদের বড় চাচার মুখে শুনতাম, চল মওলার কল। আমিও সেই পুরাতন বাক্য মনে মনে আউড়িয়ে শংকিত চিত্তে চড়লাম ইন্টার সিটি রেলে। বৃটেনের দ্রুতগামী ট্রেন চলায় যেমন আছে দ্রুতগতি তেমনি আছে আভিজাত্য। জানালার পাশে বসে বাইরে দেখছি দারুণ সব চিত্র। খ'নিক পর পর লন্ডনের ল্যান্ডস্কেপ বদলে যাচ্ছে দ্রুত। তা উপভোগ করতে করতে বন্ধু দর্শনে চলেছি।

ঘন্টা চারেক পর ট্রেন এসে থামলো নিউটন অ্যাবট নামের ছোট্ট ও ছিমছাম রেল ষ্টেশনে। সেখানে ট্রেন বদল করে সাগরের তীর ধরে আরেক শহর সাগর কন্যা পেইংটনে যেতে হবে। লোকাল ট্রেনে চড়তে গিয়ে ঘটলো বিপত্তি। যা পাউন্ড পকেটে ছিল তা ব্যয় হয়ে যায় ইন্টার সিটি রেলের টিকেট কিনতে। তারপরও ভাগ্য ভাল মানি ব্যাগে ছিলো ডলার। তা দিয়ে জরুরী কর্মটি সারতে ডলারের সহায়তা ছিলো স্মরনীয়। পেইংটনগামী ট্রেন আকারে ছোট হলেও চলছে বেশ দ্রুত। কোথাও একেবারে সাগরের তীর ঘেঁসে, মনে হচ্ছে সাগরের উপর দিয়ে ট্রেন চলছে। এ সব দেখে বেশ মজাই পাচ্ছি। কিছুক্ষণ চলার পর রেলগাড়ী পেইংটন স্টেশনে থামল ধীরে ধীরে। ট্রেন থেকে নেমে বন্ধুকে খুঁজছি চারদিকে চোখ রেখে। কিন্তু কোথায়ও চোখে পডছে না তাকে। হঠাৎ দেখি বেশ দুরে একজন বাঙ্গালী আদলের মধ্যবয়স্ক লোক। যার দুই হাতে দুটো দশাশই কুকুরের রশি। দূর থেকে আমার দিকে চেয়ে মিটমিট করে হাসছে। মাথার পিছনে ঝুলানো লম্বা চুলের বেনী। ভালো করে তাকিয়ে দেখি দুই পাশে দুটো কুকুর নিয়ে দাঁড়ানো ভদ্রলোকটি আমারই বন্ধু হুমায়ূন। সহাস্যে জিজ্ঞেস করলাম, দোস্ত তোমার এ কি অবস্থা ? একদম চিনতে পারি নাই। তোমার পাশে দাঁড়ানো দুজনকে কিন্তু আমি ভীষণ ভয় পাই। যদি কামড়ে দেয়। অভয় দিয়ে হুমায়ূন বললো, ভাবিস না আমার হাছা মিছা কালো চামড়ার কাউকে কামড় দেয় না। কখনো শেতাঙ্গদের ভয় দেখায় ইচ্ছে করে। জানতে চাইলাম কোনজন হাছা আর কোনজন মিছা। দুই হাতের মধ্যে ডান হাতে ধরা রশিটি উঁচু করে দেখালো বাদামী রঙের বড় সড় আকারের জার্মান প্রজাতির কুকুরকে। যার অভিধানিক নাম জার্মান শেফার্ড। অন্যটি কালো রঙের রুথ ভায়লার। এই কুকুরের হিংস্রতা সর্বজন পরিচিত। হুমায়ূন বললো, ভয় নেই ট্রেনিং দেয়া আছে। স্টেশন থেকে সামান্য দুরে বন্ধুর বাসায় এসে দেশী স্টাইলে রান্না করা পাবদা মাছের ঝোল দিয়ে সারা হলো লাঞ্চ। দোতলায় একটি শোবার রুম দেখিয়ে বললো, বিশ্রাম নে।এটা তোর থাকার জায়গা। বিকালে এসে ডেকে নেবো। হুমায়ূন তার পোষা কুকুর হাছা ও মিছাকে দেখভালের জন্য একজন জার্মান মহিলাকে নিয়োগ দিয়েছে। যার জন্য ব্যয় করে মোটা অঙ্কের পাউন্ড। হাছা মিছার জন্য হুমায়ূনের ভালবাসা ছিলো দারুণ। রাতে টেইকওয়ের কাজ সেরে বৃষ্টি কিংবা তুষার মাথায় নিয়ে ওদের পার্কে নিয়ে যায় ব্যায়াম করানোর জন্য। এর উপর আছে মোটা অঙ্কের পাউন্ড ব্যয় করে দুইসপ্তাহ পর পর ডাক্তার দেখানো। জীবের প্রতি বন্ধু হুমায়ূনের অসাধারণ মমত্ববোধ দেখে বার বার বলতে ইচ্ছে হলো, 'জীবে দয়া করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বরে'।

**লেখক : কথাসাহিত্যিক, নিউইয়র্ক।**

# সর্বত্র ছড়িয়ে গেছে কলম্বিয়ার ছাত্র আন্দোলনের আগুন

৬ পৃষ্ঠার পর

মানুষকে হত্যা করা হচ্ছে। আমাদের এই অস্ত্র ও অর্থে নিরপরাধ মানুষ হত্যার মাত্রা আরও বাড়ছে। ইজরায়েল বাহিনী গণহত্যার বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে দায়েরকৃত মামলার যখন সমস্ত তত্ত্ব উপাত্তের ভিত্তিতে রায় হবে। তখন ২৪শে এপ্রিল ১২জন রিপাবলিকান সিনেটর আন্তর্জাতিক আদালতের প্রধান প্রসিকিউটর করিম খান বরাবর নজিরবিহীন ভীতিপ্রদর্শন, হুমকি,ও বিচারের বাধা সৃষ্টি করে চিঠি লেখেন। তারা বলেন, ইজরাইলের প্রধানমন্ত্রী ও অন্যান্য কর্মকর্তাদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করলে আন্তর্জাতিক আদালতের সমস্ত ব্যক্তিবর্গ ও তাদের পরিবার আমেরিকার কঠোর নিষেধাজ্ঞার কবলে পড়বে। ইজরায়েলকে কেউ টার্গেট করলে আমরাও তাদের টার্গেট করবো। এ ধরনের প্রচেষ্টা শুধু ইজরায়েল নয়, তা মার্কিন যুক্তরাষ্ট্রের সার্বভৌমত্বের বিরুদ্ধে হুমকি বলে গন্য করা হবে।

আমেরিকার সচেতন মানুষকে হতবাক করে শত বাধা সত্ত্বেও গত পহেলা মে, মার্কিন যুক্তরাস্ট্রের কংগ্রেসে বিতর্কিত আইন পাশ হয়। কোন ব্যক্তি যদি আমেরিকায় ইহুদি ধর্ম অথবা ইজরায়েল রাস্ট্রের বিরুদ্ধে কোন কথা বলে তবে তাকে গ্রেফতার করে ইহুদি বিদ্বেশ ছড়ানোর দায়ে বিচার করা হবে। তাহলে কি কোন ব্যক্তি ইজরায়েল রাষ্ট্র, বা ইহুদি, জায়েনিস্টদের ব্যাপারে কোন কথা বা পক্ষে বিপক্ষে আলোচনা করতে পারবে না? এটা তো আমেরিকার সংবিধানের সাথে সাংঘর্ষিক। মানুষের মৌলিক অধিকার হরণ করা হচ্ছে। কিন্তু একটি রাষ্ট্রের অভ্যন্তরীণ বা পররাষ্ট্র নীতির ব্যাপারে ভালো মন্দ যে কোন ব্যাপারে আলোচনা করতে পারে। এর মানে এই নয় যে তার ধর্মের ব্যাপারে বিদ্বেষ ছড়ানো হচ্ছে। রাষ্ট্র ও ধর্ম দুই জিনিস। আমাদের আইন প্রণেতারা এতই অন্ধ হয়েছেন যে ইহুদি রক্ষার স্বার্থে দেশে নাগরিকদের ভূল আইন প্রণয়নের মাধ্যমে হয়রানি করা হবে। তারা কি দেখেন না আরিজোনা স্টেইট বিশ্ববিদ্যালয়ের একজন মুসলিম ছাত্রীর দিনের বেলায় টেনে হিচড়ে তার মাথার হিজাব খুলে নেওয়া হলো। এটা কি মুসলিম বিদ্বেষ নয়? একটি রাস্ট্রের সকল নাগরিকদের সমান চোখে দেখা উচিৎ। আমরা কোন ধর্মের বিরুদ্ধে বিদ্বেষ ছড়ানোতে বিশ্বাসী নই। যে কোন ধর্মের লোক স্বাধীন ভাবে তার ধর্ম চর্চা ও মত প্রকাশের স্বাধীনতা থাকবে। এটাই গণতন্ত্রের সৌন্দর্য। বিশ্বের মানুষ জায়েনিস্ট, দখলদার, গনহত্যাকারীদের বিরুদ্ধে প্রতিবাদ করছে।

গত ১৬ই এপ্রিল কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে আন্দোলন শুরুর সাথে সাথেই নিউইয়র্ক সহ আমেরিকার সকল নামীদামি বিশ্ববিদ্যালয় হারভার্ড, ইয়েল, প্রিন্সটন, এমআইটি-সহ সকল কলেজ বিশ্ববিদ্যালয়ের ছড়িয়ে পড়ে। শাসক গোষ্ঠী দমন পীড়নের পথ নিলে মূহুর্তেই আন্দোলনের দাবানল ইউরোপ, এশিয়া, মধ্যপ্রচ্যে উত্তর আমেরিকার দেশে দেশে ছড়িয়ে পড়ে। তার মধ্যে বিশেষ করে ইংল্যান্ডের নামকরা বিশ্ববিদ্যালয় অক্সফোর্ড, লিডস, নিউক্যাসল, ব্রিস্টল ইত্যাদি বেশ কিছু বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাবু গেড়ে অবস্থান নিয়ে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আন্দোলন এবং ফিলিস্তিনিদের প্রতি সমর্থন জানিয়েছে।

ফ্রান্সের সবচেয়ে নামকরা বিশ্ববিদ্যালয়ের অন্যতম প্যারিসের সরবন ও সায়েন্সস পো বিশ্ববিদ্যালয় সহ নামকরা বিশ্ববিদ্যালয় গুলো ক্লাস বর্জন করে বিভিন্ন জায়গায় সমাবেশ করে। তারা বলেন, কলম্বিয়া হার্ভার্ড, প্রিন্সটন, ইয়েল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আন্দোলন আমাদের অনুপ্রাণিত করেছে। এবং ফিলিস্তিনিদের দাবি ন্যায় সংগত। এই মুহূর্তে গণহত্যা বন্ধ করা উচিৎ।

অস্ট্রেলিয়ার সিডনি, ব্রিসবেনে, কুইন্সল্যান্ড সহ পঞ্চাশ টির বেশি কলেজ, বিশ্ববিদ্যালয়ের যুদ্ধ বিরোধী সমাবেশ হয়েছে। এবং গনহত্যা বন্ধের দাবি জানান হয়।

প্রতিবেশী দেশ কানাডায় ও আন্দোলনের প্রভাব পড়েছে। মন্ট্রিয়লের উপকণ্ঠে ম্যাকগিল, টরন্ট্রো, ভ্যাংকুভারের ব্রিটিশ কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাবু খাটিয়ে অনবরত বিক্ষোভ, প্রতিবাদে করতে থাকেন। ইজরায়েল প্রধানমন্ত্রী বেনইয়ামীন নেতানিয়াহু কে এ যুগের হিটলার আখ্যায়িত করে অনতিবিলম্বে যুদ্ধ বন্ধের দাবি জানান।

ভারতের খ্যাতিনামা জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়, জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়, ইতালির রোমে স্যাপিয়েঞ্জা বিশ্ববিদ্যালয়, মেক্সিকোর ন্যাশনাল অটোনোমাস বিশ্ববিদ্যালয়, লেবাননের আমেরিকান বিশ্ববিদ্যালয় অব বৈরুত, মাতৃভূমি বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ, এভাবে সারা পৃথিবীর শিক্ষার্থীরা একই দাবিতে ক্যাম্পাসে মুখরিত। বিভিন্ন দেশের শহরের রাস্তায় শান্তির পক্ষের প্রতিবাদী মানুষেরা একাকার। ছাত্র জনতার দাবি একাত্ম হয়ে পুরো বিশ্বের জায়েনিস্ট এবং তাদের দোসরদের জানিয়ে দিতে চায় আমরা সত্য ন্যায়ের পক্ষে আছি, থাকবো। নির্যাতিত, নিপিড়িত ফিলিস্তিনিদের ভুলি নাই ভুলবো না।

**লেখক: রাজনীতিক ও কলামিস্ট, নিউইয়র্ক।**

# ফুটন্ত কড়াই নাকি জ্বলন্ত উনুন

৭ পৃষ্ঠার পর

আগুনের বাইরে থাকা নিবু নিবু উনুনের আর তুলনা হয় না।

আমাদের বরং এটিও বোঝা বাঞ্ছনীয় যে সুষ্ঠু নির্বাচন হলে ক্ষমতাবদলের সমূহ সম্ভাবনা থাকে বলে কড়াই আর উনুনড়কোনোটিই বেশি ভয়াবহ হয়ে উঠতে পারে না। সুষ্ঠু নির্বাচনের বাধ্যবাধকতা থাকলে ক্ষমতায় থাকা দলের এই আশঙ্কা থাকে যে পাঁচ বছর পর তাদের ক্ষমতা হারাতে হতে পারে। তখন অন্য দল ক্ষমতায় এসে তাদের সব অপকর্মের বিচার করতে পারে, প্রচারমাধ্যমে সবকিছু তুলে ধরতে পারে, প্রতিটি ইটের জবাব পাটকেল দিয়ে দিতে পারে। এসব আশঙ্কা বজায় থাকলে ক্ষমতায় থাকা দল পরের নির্বাচনে পরাজয় এড়ানোর চিন্তা করে এবং এই চিন্তা থেকে কিছুটা হলেও অপকর্ম কম করার চেষ্টা করে। কিন্তু ভুয়া নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় টিকে থাকায় বারবার সফল হতে পারলে কোনো শাসক দলের এসব আশঙ্কা আর থাকে না। অনাচার, দুর্নীতি ও অপকর্ম করার আত্মবিশ্বাস তখন তুঙ্গে ওঠে। অন্যদিকে বহু বছর ধরে নির্যাতিত ও নিপীড়িত থাকার কারণে অন্য দলটির তখন প্রতিরোধ গড়ে তোলার ক্ষমতা খর্বতর হতে থাকে। এমন পরিস্থিতিতে কর্তৃত্ববাদী শাসক দলকে কম খারাপ ভাবা, অন্যদিকে সুষ্ঠু নির্বাচন হলে ক্ষমতাসীন হয়ে উপরিউক্ত দলটিকে জবাবদিহির আওতায় আনতে পারেড়এমন বিরোধী দলকে বড় শয়তান ভাবা কতটুকু যৌক্তিক, তা আমরা ভেবে দেখতে পারি। আমি একমত যে দ্বিতীয় দলটি ক্ষমতায় এসে নিজেরাও অনাচার করতে পারে, কিন্তু এর মাত্রা নির্বাচন বাদেই ক্ষমতায় থাকতে পারায় আত্মবিশ্বাসী দলের অনাচারের চেয়ে বেশি হতে পারে না। ১৯৯১ থেকে ২০০৮ সালের নির্বাচনে বারবার পরিবর্তিত সরকারগুলোর সঙ্গে ২০১৪ থেকে ২০২৪ সাল পর্যন্ত নামমাত্র নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় থাকা দলটির পারফরম্যান্স নির্মোহভাবে তুলনা করলে আমরা সহজেই তা বুঝতে পারব। আমাদের প্রধান ফোকাস তাই হওয়া উচিত সুষ্ঠু নির্বাচন তথা মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠা, মানুষের সম্মতিহীন ক্ষমতার বিরুদ্ধে সবার অবস্থান নেওয়া।

০৪.

নাগরিক সমাজ থেকে আমরা প্রায়ই রাজনৈতিক দলগুলোকে আত্মসমালোচনা করতে বলি। আমার মনে হয়, একই কাজ আমাদের নাগরিক সমাজেরও করা উচিত। অহমিকা, ক্ষুদ্র স্বার্থচিন্তা, সংকীর্ণ বিবেচনাবোধ আমাদেরও রয়েছে। এসব দুর্বলতা দেশে গণতন্ত্র, সুশাসন, মানবাধিকার ও সাম্য প্রতিষ্ঠায় আমাদের শক্তিকে ক্ষতিগ্রস্ত করেছে। যেমন কড়াই আর উনুনতত্ত্বে বিভক্ত থেকে কর্তৃত্ববাদী শাসনব্যবস্থার শক্তি বৃদ্ধিতে পরোক্ষভাবে হলেও আমরা অবদান রাখছি, নিজেরাও অনেকে সেই শাসনব্যবস্থার নিপীড়নের শিকার হচ্ছি।

এসব অপ্রিয় সত্য আমরা কি ভেবে দেখতে রাজি আছি?

**লেখক: ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক।**

# 'রাফসান দ্য ছোট ভাই'কে নিয়ে কেন বিতর্ক

১২ পৃষ্ঠার পর

শিক্ষার্থীর; যাঁরা খেয়ে না খেয়ে, গণরুমে পড়ে থেকে; রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজে টিউশনি করিয়ে পড়াশোনা করছেন বা শেষ করছেন। প্রাইভেট বিশ্ববিদ্যালয়েও এখন আর শুধু বড়লোকের সন্তানেরা পড়েন না, সাধারণ মধ্যবিত্তের পরিবারের অনেকেই সেখানে পড়েন এবং অনেক কষ্ট করেই।

পরিবারের প্রত্যাশা পূরণ ও নিজের প্রতিষ্ঠিত হওয়ার চাপ, জীবনযাত্রার ব্যয় বেড়ে যাওয়া, বাস্তবতাহীন শিক্ষাব্যবস্থায় পড়াশোনা করা, চাকরির বাজারের দুরবস্থার মধ্যে 'সোনার হরিণ' সরকারি চাকরির জন্য প্রস্তুতি নিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারের সামনে প্রতিদিন ভোরে শত শত শিক্ষার্থী কেন ভিড় করবেন না?

তবে এটি ঠিক, শুধু চাকরিমুখী না হয়ে নিজের মেধা ও সৃজনশীলতা নিয়ে অনেকে সংগ্রাম করে থাকেন নিজে কিছু একটা করতে। এতে সফলতার ঝুঁকি তো অবশ্যই থাকে, এরপরও অনেকে সে পথই বেছে নেন নিজের স্বপ্নপূরণের জন্য। অনেকে সফল হন, সবাই নন।

রাফসান দ্য ছোট ভাইকে প্রশংসা করা যায় এই জায়গায়, তিনি স্বপ্নপূরণে নিজেকে গড়ে তুলেছেন, দক্ষতা তৈরি করেছেন এবং ঝুঁকি নেওয়ার সাহস দেখিয়েছেন। এর জন্য অবশ্যই বড় ভূমিকা রেখেছে পরিবারের সহযোগিতা। নিজে কিছু একটা করতে গেলে সামাজিক ও পারিবারিক হীনম্মন্যতা পেয়ে বসা তো এখানকার কালচার। একটি ভালো রেজাল্ট বা ভালো চাকরি না পাওয়া মানে এখানে 'তোকে দিয়ে কিছুই হবে না বা কিছুই হলো না'।

সেদিক দিয়ে রাফসানকে ভাগ্যবানই বলতে হবে। তবে তিনি অন্য তরুণদের জন্য প্রতিষ্ঠিত হওয়ার মানদন্ড হতে পারেন কি? আমরা কে না জানি, এক্সেপশন ইজ নট অ্যান এক্সাম্পল।

আরও একটি বিষয় হচ্ছে পড়াশোনা করা বা শিক্ষিত হওয়ার উদ্দেশ্য কি শুধু বড়লোক বা বিত্তবান হওয়া? অর্থবিত্তের মালিক হওয়াই কি শুধু প্রতিষ্ঠিত হওয়া বোঝায়? সমাজে কেউ চিকিৎসক হবেন, কেউ শিক্ষক, কেউ ব্যাংকার, কেউ সরকারি চাকরিজীবী হবেন। সবাই খুব বেশি হয়তো অর্থবিত্তের মালিক হবেন না কিন্তু পরিবার, সমাজ ও দেশের জন্য সারা জীবন অবদান রেখে যাবেন।

রাফসান দ্য ছোট ভাইয়ের কনটেন্টগুলো আমাদের বিনোদন দেয়, এটি তো অবশ্যই গুরুত্বপূর্ণ বিষয়। তবে তিনি অল্প বয়সে যে বিত্তময় ও চটকদারি জীবন পেয়েছেন, শুধু কনটেন্ট বানিয়ে সেটি কি তিনি সারা জীবন ধরে রাখতে পারবেন? রাফসানের আগেও অল্প সময়ের মধ্যে অনেকে জনপ্রিয় হয়ে উঠেছিলেন, তাঁরা এখন কোথায়? এখানে আয়মান সাদিকের কথা আলাদাভাবে বলতে হবে। কারণ, তাঁর কনটেন্ট বানানো বিনোদন দেওয়ার জন্য ছিল না। এখানে বড় উপাদান হচ্ছে শিক্ষা। যেটি তাঁকে টেন মিনিটস স্কুলের মতো একটি প্রাতিষ্ঠানিক ভিত্তি তৈরি করতে সহায়তা করেছে। যে স্কুলের পাঠসহায়তা নিয়ে দরিদ্র পরিবারের ছেলেমেয়েও ভালো জায়গায় উচ্চশিক্ষা নেওয়া সুযোগ পেয়েছেন, এমন উদাহরণও আছে। ফলে গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে, একজন কনটেন্ট ক্রিয়েটরের পেশা বা জনপ্রিয়তার 'আয়ু' আসলে কত দিন? রাফসান নিশ্চয়ই অনেক তরুণের জন্য 'সাময়িক অনুপ্রেরণা' হবেন। তবে সবাইকে তাঁর মতো হতে হবে, তাঁকে দেখে ভাবতে হবেড়তিনি পারলে অন্যরা কেন পারেন না, এমন আলোচনা মূল্যহীন।

**লেখক: সাংবাদিক. ঢাকা।**

# ধর্মনিরপেক্ষতা ও গণতান্ত্রিক অধিকার রক্ষার লড়াই

১১ পৃষ্ঠার পর

ধর্মনিরপেক্ষতা যদি পরিত্যক্ত হয় তার সাথে সাথে গণতন্ত্রেরও অন্তর্জ্বলিযাত্রা শুরু হয়ে যাবে। তখন ভারত হয়ে উঠবে বহুমুখী দ্বন্দ্ব-সংঘাতময় অশান্ত এক ব্যর্থ রাষ্ট্র। ফ্যাসিস্ত চরিত্রের অতি দক্ষিণপন্থী হিন্দুত্ববাদী শাসনের কড়া চাবুকেও তাকে বেঁধে রাখা যাবে না। চূড়ান্ত বিশৃঙ্খলার মধ্যে খন্ড-বিখন্ড হয়ে যাবে ভারতের ঐক্য। ধর্মের ভিত্তিতে দেশভাগের ফলে মুসলিমদের জন্য পাকিস্তান তৈরি হয়েছিল ঠিকই কিন্তু পরবর্তীকালে মুসলিম পাকিস্তানও ভাষার ভিত্তিতে ভাগ হয়ে বাংলাদেশ তৈরি হয়েছে। ভারত জন্ম থেকেই সব ধর্মের, সব জাতিগোষ্ঠীর, সব্ ভাষার ও সব সংস্কৃতির মানুষের দেশ। ধর্মনিরপেক্ষতা মানে ভারতে কোনও একটি ধর্মের মানুষের প্রাধান্য নয়। সব ধর্মের মানুষেরই সমান প্রাধান্য। ধর্ম মানুষের ব্যক্তিগত বিশ্বাস ও আচরণের বিষয়। সব মানুষেরই তার বিশ্বাস মতো ধর্মাচরণের অধিকার আছে। সেই অধিকারে রাষ্ট্র বা অন্য কোন ধর্মবিশ্বাসী হস্তক্ষেপ করতে পারে না। প্রকৃত গণতান্ত্রিক রাষ্ট্রের কোনও ধর্মীয় পরিচিতি থাকতে পারে না। তেমনি সংখ্যাগুরুর দোহাই দিয়ে কোনও ধর্মীয় গোষ্ঠী রাষ্ট্রের উপর ছড়ি ঘোরাতে পারে না।

নরেন্দ্র মোদীর নেতৃত্বে আরএসএস-বিজেপির সরকার গত দশ বছর ধরে সেই গর্হিত কাজটাই করে চলেছে। রামমন্দির উদ্বোধনে, নতুন সংসদ ভবন উদ্বোধনে এমনকি কাশী বিশ্বনাথ করিডোর উদ্বোধনে প্রধানমন্ত্রী স্বয়ং হিন্দু ধর্মযাজকের ভূমিকায় অবতীর্ণ হয়ে ধর্মীয় যাবতীয় উপাচার পালন করেছেন। এবং এই সব অনুষ্ঠানকে রাষ্ট্র প্রযোজিত ইভেন্টে পরিণত করা হয়েছে। মোদী সচেতনভাবে সংবিধানের ধর্মনিরপেক্ষতাকে কদর্যভাবে লঙ্ঘন করেছেন। ধর্মীয় সংখ্যালঘু বিশেষ করে মুসলিমদেও বিরুদ্ধে ঘৃণা বিদ্বেষ তীব্র গতিতে বাড়ছে সরকার ও শাসক দলের মদতে। সশস্ত্র সাম্প্রদায়িকতাকে উস্কানি দিয়ে দাঙ্গার আবহ তৈরি করা হচ্ছে। দেশজুড়ে সংখ্যালঘুদের ওপর হামলা চালানোর বেসরকারি ঠ্যাঙাড়ে বাহিনীকে বৈধতা দেওয়া হয়েছে। পদে পদে ধর্মনিরপেক্ষতাকে পদদলিত করে সংখ্যাগুরুদের জয়গান করে হিন্দুত্বের আধিপত্যের নাগপাশে গোটা সমাজ ও প্রশাসনকে বেঁধে ফেলা হচ্ছে। তাই এই শক্তিকে শুধু ক্ষমতাচ্যুত নয়, নাগরিক সমাজ থেকে বিচ্ছিন্ন করে দিতে হবে। এই নির্বাচন তারই এক মস্তবড় সুযোগ। ধর্মনিরপেক্ষতা ও গণতন্ত্রকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে মোদী বিরোধীদের জয়যুক্ত করতে হবে।

**লেখক: রাজনৈতিক বিশ্লেষক, কলামিস্ট, নিউইয়র্ক।**

সাপ্তাহিক আজকাল

## বিজ্ঞাপনের মূল্য তালিকা

**বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার

**পাত্র/ পাত্রী চাই:** এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার

**লোক আবশ্যক:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

**বেবি সিটার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

**ড্রাইভার:** এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

যে কোন তথ্যের জন্য ফোন করুন।

৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১

Email: ajkalnews@gmail.com

## আদমশুমারিতে অভিবাসীরা বাদ

১ পৃষ্ঠার পর

জনগোষ্ঠীর সংখ্যা বিবেচিত হয়। ১৭৯০ সালে আদমশুমারি শুরু হবার পর থেকেই সিটিজেন ও নন-সিটিজেনরা যুক্তরাষ্ট্রের জনগোষ্ঠী হিসেবে বিবেচিত হচ্ছে। যা সংবিধানের সংশোধনীতেও রয়েছে।

বিলটি হাউজে পাশকালে বিতর্কে অংশ নেন লুইজিয়ানার রিপাবলিক্যান কংগ্রেসম্যান গ্যারেট গ্রেভস ও টেনেসির টিম বারচেট। তারা বলেন, নন-সিটিজেনদের আদমশুমারিতে সংযোজন করে কিছু স্টেট বেশি কংগ্রেশনাল ডিস্ট্রিক্ট ও ইলেকটোরাল ভোট পাচ্ছে। যা ডেমোক্র্যাটদের সুবিধা দিচ্ছে প্রেসিডেন্ট নির্বাচন ও হাউজ কন্ট্রোলে। অবৈধদের গণনায় এনে আমেরিকার রাজনীতিতে প্রভাব বিস্তারের সুযোগ দেয়া যায় না।

সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রশাসন ২০২০ সালের আদমশুমারিতে 'সিটিজেনশীপ' প্রশ্নটি সংযোজন করতে চেয়েছিল। কিন্তু সুপ্রীম কোর্ট সে উদ্যোগ আটকে দেয়।

মেরিল্যান্ড থেকে নির্বাচিত ডেমোক্র্যাটিক কংগ্রেম্যান জেমি রাসকিন বলেছেন, বিলটি সংবিধানের ১৪তম সংশোধনীর পরিপন্থী। বিলটি ইমিগ্রান্ট কমিউিনিটিকে আঘাত করবে। তাছাড়া আদমশুমারির যথার্থতা নিয়েও প্রশ্ন উঠবে।

## বাংলাদেশিকে বন্দুক ঠেকিয়ে ডাকাতি

১ পৃষ্ঠার পর

ছিনিয়ে নেয় ডাকাতরা। এ ঘটনার প্রতিবাদে আজ শুক্রবার ব্যবসায়ী ও কমিউনিটির সদস্যরা এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করেছেন। ১০১ এভিনিউতে অবস্থিত পোশাকের দোকান জারা লাইফ স্টাইলে এ ঘটনা ঘটে। দোকানে বিভিন্ন দেশে টাকা পাঠানোর মানি এক্সচেঞ্জ ব্যবসাও রয়েছে। ঘটনার সময় আখলাকুর রহমান দোকানের একাই ছিলেন। তার বুকে বন্দুক ঠেকিয়ে ক্যাশ থেকে সব টাকা নিয়ে তাকে বাথরুমে আটকে রেখে সটকে পড়ে ডাকাতরা। এছাড়া তাকে শারীরিকভাবে আঘাতও করা হয়। এ ঘটনায় বাংলাদেশি ব্যবসায়ী ও কমিউনিটিতে আতংক ও উঠকণ্ঠা বিরাজ করছে। তাদের অভিযোগ প্রায়ই ওজোন পার্ক এলাকায় ডাকাতি ও ছিনতাইয়ের ঘটানা ঘটছে। কিন্তু কোন প্রতিকার পাওয়া যাচ্ছে না। এজন্য অনেকেই ঘটনা প্রকাশও করেন না। বিষয়টি নিয়ে সিটি পুলিশের সক্রিয় পদক্ষেপ চান তারা। এর আগের সপ্তাহেও একই এলাকার অন্য একটি দোকানে ডাকাতির ঘটনা ঘটে।

জারা লাইফ স্টাইলে ঘটনার সময় দোকানে দায়িত্বে থাকা আখলাকুর রহমান আজকালকে জানান, 'সন্ধ্যা ৯টা ৪০ মিনিটের দিকে এ ঘটনা ঘটে। দোকানে একজন কাস্টমার ছিল, তিনি চলে যাবার পর দোকানে আমি একাই ছিলাম। এমন সময় দুইজন ডাকাত দোকানে আসে। একজন আমার কাছে এসে পিস্তাল বের করে, তাক করে। অন্যজন দোকানের বাইরে পাহারায় ছিল। দোকানের ভিতরের ডাকাত পিস্তল দেখিয়ে ভয় দেখায়। সে আমার বুকে ও মাথায় আঘাত করে ক্যাশে যা আছে তা বের করে দিতে বলে। ক্যাশ থেকে ১০ হাজার টাকার বেশি নিয়ে যায়। এছাড়া আমার আইফোন ১৪ প্রোম্যাক্স এবং ওয়ালেটও ছিনিয়ে নেয়। দোকানের কাস্টমারের টাকা ও দোকান ভাড়া ছিল সবই নিয়ে গেছে। টাকা নেয়ার পর ডাকাত আমাকে পিস্তলের মুখে বাথরুমে আটকে রাখে। কোন ধরনের চিৎকার করতে নিষেধ করে। কিছুক্ষণ পর দোকান থেকে কোন শব্দ না পেয়ে আমি জোরে ধাক্কা ধাক্কি করলে বাথরুমের দরজা খুলে যায়। পরে দোকানে থাকা একটি ইমার্জেন্সি ফোন অন করে মালিককে কল দিই। কল পেয়ে মালিক রাজু আহমেদ পুলিশকে ঘটনাটি জানান। পুলিশ এসে ঘটনাস্থল পরিদর্শন করে। পরের দিনও পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করে। তবে এখনও পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।

জারা লাইফ স্টাইলের মালিক রাজু আহমেদ বলেন, মঙ্গলবারও পুলিশ আসে কিন্তু এ ঘটনার কোন অগ্রগতি নেই বলে জানায়। এমন ঘটনা প্রায়ই ঘটছে। আমরা এর প্রতিকার চাই। অন্যান্য এলাকায় পুলিশের সিকিউরিটি ক্যাম্প আছে, টহল দল আছে। কিন্তু ওজোন পার্ক এলকায় নাই। তাই আমরাও এই এলাকায় পুলিশের সার্বক্ষণিক টহল টিম চাই।

এদিকে একের পর এক ডাকাতি ও ছিনতাইয়ের ঘটানা নিয়ে এক জরুরি সভা করে সিটিলাইন-ওজোন পার্ক বিজনেস এসোসিয়েশন। ব্যবসায়ীদের সঙ্গে কমিউনিটি অ্যাকটিভিস্ট ও স্থানীয় কমিউনিটির নেতৃবৃন্দও এতে উপস্থিত ছিলেন। সভায় প্রতিবাদ র‍্যালি ও সমাবেশের আয়োজন করার সিদ্ধান্ত হয়। এসোসিয়েশন নেতারা বলেন, বেশ কিছু দিন ধরেই এই এলকায় অপরাধের ঘটনা ঘটে চলেছে। তাই সময় হয়েছে ব্যবসায়ী ও এলাকাবাসী মিলে এর প্রতিবাদ করা। লিটল বাংলাদেশ ওয়ে, ১০১ এভিনিউ, ড্রিউ স্ট্রিটে স্থানীয় আল-আমিন মসজিদে আজ শুক্রবার জুমার পর এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হবে। জানা গেছে, গত মঙ্গলবার ওজোন পার্কে এক পথচারীকে ধরে ছিনতাইকারীরা তার সবকিছু কেড়ে নেয়। তিনি কাজ থেকে বাসায় ফিরছিলেন। এ সপ্তাহেই ৮০ স্ট্রিটের একটি দোকানে ঢুকেও টাকা কেড়ে নেয় দুর্বৃত্তরা। বিজনেস এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ আবদুর নূর বলেন, এমন ধরনরে ঘটনা কখনোই আশা করি না। কিন্তু ঘটছেই। ডাকাতির ঘটনায় মঙ্গলবার আমরা জরুরি বৈঠক করেছি। সেখানে এ ঘটনার প্রতিবাদ জানিয়ে সমাবেশ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিজনেস এসোসিয়শেনের সেক্রেটারি খাইরুল ইসলাম খোকন বলেন, সাম্প্রতিক সময়ে এই এলাকায় এমন ঘটনা বেড়ে গেছে। ব্যবসায়ী থেকে শুরু করে এলাকার বাসিন্দা কেউ রেহাই পাচ্ছেন না। এক সপ্তাহেই তিনটি ঘটনা ঘটেছে।

## ফোর্বসের তালিকায় ৯ বাংলাদেশি তরুণ

১ পৃষ্ঠার পর

ফোর্বস গতকাল বৃহস্পতিবার 'থার্টি আন্ডার থার্টি এশিয়া' তালিকা প্রকাশ করেছে। তাতে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল থেকে ৩০০ উদ্যোক্তাকে বাছাই করা হয়েছে। তাঁরা এই অঞ্চলে ব্যবসার ক্ষেত্রে নতুন নতুন উদ্ভাবনী ভাবনা নিয়ে এসেছেন এবং বিভিন্ন শিল্প খাতের রূপান্তরে নেতৃত্ব দিচ্ছেন বলে ফোর্বস উল্লেখ করেছে। ১০টি শ্রেণিতে তরুণদের এই স্বীকৃতি দেওয়া হয়েছে। এগুলো হলো ক্রীড়া ও বিনোদন; ফাইন্যান্স অ্যান্ড ভেঞ্চার ক্যাপিটাল; এন্টারপ্রাইজ টেকনোলজি; গণমাধ্যম, বিপণন ও বিজ্ঞাপন; কনজ্যুমার টেকনোলজি; শিল্প, উৎপাদন ও জ্বালানি; শিল্পকলা; সামাজিক প্রভাব; রিটেইল ও ই-কমার্স এবং স্বাস্থ্যসেবা ও বিজ্ঞান। ফোর্বসের তালিকায় স্থান পাওয়া বাংলাদেশিরা হলেন– আবদুস গাফ্ফার সাদী, মো. তুষার ও মো. শহীদুল ইসলাম, সুলতান মনি ও মুমতাহিনা আনিকা, ফাহাদ আহমেদ, রেদোয়ান আহমেদ, মেহেদী শরণ এবং আনুশা আলমগীর।

**আবদুস গাফ্ফার সাদী, মো. তুষার ও মো. শহীদুল ইসলাম:** এই তিন তরুণ ঢাকাভিত্তিক 'দ্রুত লোন' নামে একটি প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। তাঁরা ক্ষুদ্র ও ছোট ব্যবসায়ীদের ব্যাংক ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্রের কাজ করে দেন। একই সঙ্গে ঋণদাতাদের সুবিধার জন্য যাঁকে ঋণ দেওয়া হবে, তিনি তা পাওয়ার যোগ্য কি না, তা যাচাইয়ে সহায়তা করছে প্রতিষ্ঠানটি। ২০১৯ সালে যাত্রা শুরু করার পর এই প্রতিষ্ঠানের হাত ধরে ২০ লাখ ডলারের (প্রায় সাড়ে ২৩ কোটি টাকা) বেশি ঋণ বিতরণ করা হয়েছে। গত নভেম্বরে প্রতিষ্ঠানটি ১ লাখ ২৫ হাজার ডলার বিনিয়োগ পেয়েছে।

**সুলতান মনি ও মুমতাহিনা আনিকা:** তাঁরা ফিনটেক তথা ফিন্যান্সিয়াল টেকনোলজি (আর্থিক প্রযুক্তি) স্টার্টআপ প্রতিষ্ঠা করেছেন। ছোট কোম্পানিগুলোকে তাদের অ্যাকাউন্টিং সামলাতে প্রযুক্তিগত সহায়তা দেয় এই স্টার্টআপ। তাদের সেবার একটি এমন যে স্মার্টফোনের সঙ্গে যুক্ত একটি বিজনেস ক্যালকুলেটর দিয়ে আর্থিক হিসাব-নিকাশ ও প্রতিবেদন তৈরি করা যায়। ছোট কোম্পানিগুলোকে ই-কমার্স ওয়েবসাইটে সহজ পথ বাতলে দেয় তারা। গত আগস্টে এই স্টার্টআপ ১৬ লাখ ডলার বিনিয়োগ পেয়েছে।



**ফাহাদ আহমেদ:** ২০২২ সালে গড়ে ওঠা উইন্ড ডট অ্যাপের প্রতিষ্ঠাতাদের একজন তিনি। বিদেশ থেকে রেমিট্যান্স আনার সেবা দেন তাঁরা। এই কাজে প্ল্যাটফর্মটি ব্লকচেইন প্রযুক্তি ব্যবহার করে। তাদের সেবা দ্রুত ও সাশ্রয়ী। গত নভেম্বরে তারা ৩৮ লাখ ডলার বিনিয়োগ পেয়েছে। গ্লোবাল ফাউন্ডারস ক্যাপিটাল ও স্পার্টান গ্রুপের নেতৃত্ব কয়েকটি প্রতিষ্ঠান এই বিনিয়োগ করেছে। উইন্ড প্রতিষ্ঠার আগে ফাহাদ রাইড শেয়ারিং অ্যাপ পাঠাও তৈরিতেও যুক্ত ছিলেন। পাঠাওয়ে খাবার ডেলিভারি, পেমেন্ট ও রাইডের জন্য গাড়ি ডাকার সেবা চালুতে তাঁর ভূমিকা রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ফিন্যান্সে স্নাতক করা ফাহাদ নিজে নিজেই কোডিং শিখেছেন।

**রেদোয়ান আহমেদ:** পুরস্কারজয়ী ফ্রিল্যান্স সাংবাদিক রেদোয়ান আহমেদ। বার্তা সংস্থা এএফপির হয়ে রোহিঙ্গা সংকটের খবর সংগ্রহ করেন তিনি। এই কাজের জন্য তিনি ২২তম হিউম্যান রাইটস প্রেস অ্যাওয়ার্ড পেয়েছিলেন। এ ছাড়া ব্রিটিশ সংবাদমাধ্যম গার্ডিয়ানের জন্য তাঁর অনুসন্ধান কাজে বাংলাদেশের তৈরি পোশাক কারখানায় কর্মীদের বঞ্চনার শিকার হওয়ার গল্প উঠে আসে। সংবাদ প্রতিবেদন করার পাশাপাশি রেদোয়ান বাংলাদেশি জার্নালিস্ট ইন ইন্টারন্যাশনাল মিডিয়া নামে একটি ফোরামের প্রতিষ্ঠাতাদের একজন। স্থানীয় সাংবাদিকদের সুরক্ষায় কাজ করে এই ফোরাম। ২০২১ সালের রেহাম আল-ফারা মেমোরিয়াল জার্নালিজম প্রোগ্রামের একজন ফেলো তিনি।

**মেহেদী শরণ:** মেহেদী শরণ ঢাকায় গৃহকর্মী সরবরাহের অ্যাপ হ্যালোটাস্কের প্রতিষ্ঠাতাদের একজন। এই প্রতিষ্ঠান থেকে ঘণ্টাপ্রতি গৃহকর্মীর সেবার জন্য বুকিং দেওয়া, মাসিক সাবস্ক্রিকশন, যেসব গৃহকর্মীকে কাজে দেওয়া হয়, তাঁদের যাচাই-বাছাই এবং তাঁরা যেন সহিংসতা ও নির্যাতনের শিকার না হন, তা নিশ্চিতে কাজ করে থাকে।

হ্যালোটাস্ক বিনিয়োগকারীদের কাছ থেকে তহবিল সংগ্রহের পাশাপাশি বিশ্বব্যাংক ও অক্সফাম থেকে অনুদান পেয়েছে। প্রতিষ্ঠানটি ২০২৫ সাল নাগাদ এক লাখ গৃহকর্মীকে তাদের সেবায় যুক্ত করার লক্ষ্য নির্ধারণ করেছে। পাশাপাশি বিদেশের বাজারেও তারা কার্যক্রম সম্প্রসারিত করতে চায়।

**আনুশা আলমগীর:** বহুমাত্রিক প্রতিভার অধিকারী একজন বাংলাদেশি শিল্পী আনুশা আলমগীর। তিনি লন্ডনের রয়্যাল কলেজ অব আর্ট থেকে আর্কিটেকচারে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনিই একমাত্র বাংলাদেশি নারী, যাঁর 'পর্দা' নামে চলচ্চিত্র ২০২৩ সালের ভেনিস বিয়েনালে অনুষ্ঠিত ১৮তম ইন্টারন্যাশনাল আর্কিটেকচার এক্সিবিশনে প্রদর্শিত হয়েছে। ভাস্কর্য, চিত্রকর্ম, ফটোগ্রাফি ও নানা ধরনের পরিবেশনায় পারদর্শী আনুশা আলমগীর। তাঁর এসব কাজে স্থাপত্যবিদ্যার ধারণার প্রয়োগ লক্ষ করা যায়। তাঁর শিল্পকর্ম লন্ডনের ঐতিহ্য কালেকটিভ, যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের লা-লা ল্যান্ড গ্যালারি এবং ঢাকার দৃক গ্যালারিতে প্রদর্শিত হয়েছে।

## নিউইয়র্কে বেড়েছে মুসলিম বিদ্বেষ

১ পৃষ্ঠার পর

সংখ্যা বৃদ্ধির পেছনের কারণ সম্পর্কে এনওয়াইপিডির কমিশনার এডওয়ার্ড ক্যাবান গণমাধ্যমকে বলেন, নিউইয়র্কে অবৈধ অভিবাসীদের আগমনের কারণে অপরাধ বেড়েছে। জুলাই মাসে নিউইয়র্কের অপরাধ আগের তুলনায় বৃদ্ধি পাওয়ার কারণে নিরাপত্তা জোরদারের কথাও তিনি বলেন। ৩৩ হাজার পুলিশ অফিসার নগরবাসীর সুরক্ষায় নিয়োজিত বলে তিনি উল্লেখ করেন। পুলিশ কমিশনার বলেন, নিউইয়র্কের সাবওয়েতে জঘন্য হামলাকারীদের কোন ছাড় দেওয়া হবে না বলে গভর্নর ক্যাথি হোকুল ঘোষণা করেছেন।

পুলিশ অপরাধীদের দ্রুততম সময়ে গ্রেফতার করলেও তারা জামিনে বের হয়ে আসে এবং আবার একই অপরাধে যুক্ত হয় বলে পুলিশ মনে করছে।

নিউইয়র্ক পুলিশ চলতি বছর বড় অপরাধের জন্য ৪ হাজার ৪৬০ জনকে গ্রেপ্তার করেছে যা গত বছর ২০২৩ সালে এই সময়ে ছিল ৪ হাজার ২৩৩ জন। একই সময়ের তুলনায় গ্রেপ্তার ৫.৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

## ৩১ লাখ ট্যাক্স প্রতারক চিহ্নিত




১ পৃষ্ঠার পর

ট্যাক্স ফাইলে রেকর্ড সংখ্যক আমেরিকান সঠিক সময়ে ট্যাক্স রিটার্নের অর্থ পাননি। যাদেরকেই সন্দেহ হয়েছে তাদের ফাইলই আটকে রেখে স্ক্রুটিনী করেছে আইআরএস। এতে অনেকেই রিটার্ন দেরিতে পেয়েছেন।

কুইন্সের জ্যাকসন হাইটসের একজন সিপিএ জানিয়েছেন, এ বছর আড়াই হাজার ব্যক্তি বা ব্যবসা প্রতিষ্ঠানের ট্যাক্স তিনি ফাইল করেছেন। এতে প্রতি ১০ জনের একজন ট্যাক্স রিটার্ন বিলম্বে পেয়েছেন। অনেকে এখনও পাননি। বরং ডকুমেন্টস পাঠানোর জন্য অনেকে আইআরএস-এর কাছ থেকে চিঠি পাচ্ছেন। কার্যত তাদের ফাইলে রেড এলার্ট সংযোজিত হয়েছে। ট্যাক্স ফাইলে রিটার্ন ক্লেইম করতে গিয়ে যে সব তথ্য তারা দিয়েছেন তার ডকুমেন্টস এখন পাঠাতে হবে। আইআরএস-এর কাছে সন্তোষজনক মনে হলে কেসটির নিষ্পত্তি হবে এবং সংশ্লিষ্টরা ট্যাক্স রিটার্ন পাবেন। এই ট্যাক্স প্রিপারা বলেন, কমিউিনিটির অধিকাংশ কাস্টমারই আমাদের পরিচিত। তাদের মৌখিক কথা বিশ্বাস করে আমরা ট্যাক্স ফাইল করে দিই। ফরম ১০৪০তে স্বাক্ষরও করি। কিন্তু তাদের অসততার জন্য খড়্গ আমাদের উপরও নেমে আসে। যেমন, একজন উবার বা ট্যাক্সি ড্রাইভার তেল, টোল ও গাড়ি মেরামতের জন্য অস্বাভাবিক খরচ দেখালে আমরা তাদের কথা বিশ্বাস করে অনেক সময় তা বসিয়ে দেই।

আইআরএস-এর তথ্যানুসারে, ট্যাক্স ফাইলে সবচেয়ে বেশি অনিয়ম ধরা পড়ছে ক্যালিফোর্নিয়া, নিউইয়র্ক ও টেক্সাস অঙ্গরাজ্যে। যেখানকার বড় একটি অংশ ইমিগ্রান্ট কমিউনিটি। আর অনেকেই ট্যাক্স ফাইল করে থাকেন ইন্ডিপেন্ডেন্ট কন্ট্রাকটর হিসেবে। অনেকে 'সিক ও ফ্যামিলি লিভ' ক্রেডিট দাবি করেছেন ২০২৩ সালেও। অথচ এই ক্রেডিট প্রযোজ্য ছিল করোনাকালীন সময়ে ২০২০ ও ২০২১ সালের ট্যাক্স ইয়ারে। এই ক্রেডিট পেতে তারা ব্যববহার করছেন ফরম ৭২০২। আইআরএস ট্যাক্স ফাইলে এই ফরম দেখার সাথে সাথে তাতে 'রেড ফ্লাগ' লাগিয়ে দিচ্ছে।

## ট্রাম্প দোষী সাব্যস্ত না হলে যুক্তরাষ্ট্র ছাড়বেন স্টর্মি

১ পৃষ্ঠার পর

সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ২০১৬ সালের নির্বাচনের আগে বিষয়টি নিয়ে মুখ বন্ধ রাখতে এই পর্নো তারকাকে ১ লাখ ৩০ হাজার ডলার ঘুষ দেন তিনি। ব্যবসায়িক নথিতে ওই অর্থ লেনদেনের বিষয়টি গোপন রাখায় জালিয়াতির অভিযোগে নিউইয়র্কের আদালতে ট্রাম্পের বিরুদ্ধে মামলা হয়।

জালিয়াতির মামলায় ট্রাম্পের বিরুদ্ধে ৩৪টি অভিযোগ আনা হয়েছে। গত মার্চে আদালতে তাঁর বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়েছে। এখন ওই মামলার বিচার চলছে।

গত মঙ্গলবার সিএনএনকে দেওয়া এক সাক্ষাৎকারে ব্রেড বলেন, 'রায় ড্যানিয়েলসের পক্ষে-বিপক্ষে যাই হোক, কোনো কিছুই তার জন্য ভালো কিছু বয়ে আনবে না। তবে বিচারে তিনি (ট্রাম্প) দোষী সাব্যস্ত না হলে আমরা যা করার তাই করব বলে সিদ্ধান্ত নিয়েছি। খুব সম্ভবত আমরা এ দেশ ছেড়ে চলে যাব।'

ড্যানিয়েলসের স্বামী ব্রেডও পেশায় একজন পর্নো তারকা। সাক্ষাৎকারে তিনি বলেন, 'মামলার রায়কে আমি কোনোভাবেই স্টর্মিকে বিজয়ী দেখছি না। বিচারে ট্রাম্প দোষী সাব্যস্ত হলেও তাঁর সমর্থকদের ঘৃণা বক্তব্য থেকে স্টর্মি রেহাই পাবেন না।' ৫০ বছর বয়সী ব্যারেট আরও বলেন, 'আমরা স্বাভাবিক জীবন যাপন করতে চাই। আমি জানি, স্টর্মি এসব কিছু (ট্রাম্প সম্পর্কিত বিষয়) পেছনে ফেলে এগিয়ে যেতে চান। আশা করি, আপনি আমার সঙ্গে একমত হবেন, একজন সাধারণ মানুষ ক্ষেত্র বিশেষ যা করতে চায়, আমরা তাই করতে চাই। কিন্তু তা সম্ভব হবে কি না, তা আমি জানি না। (এ অনিশ্চয়তা) আমার হৃদয়কে ভেঙে দিচ্ছে।'

ট্রাম্পের জালিয়াতির মামলায় গত সপ্তাহে স্টর্মি ড্যানিয়েলস আদালতে জবানবন্দি দেন। ট্রাম্পের সঙ্গে তাঁর কীভাবে দেখা হয়েছিল, এ বিষয়ে তিনি বিস্তারিত বর্ণনা দিয়েছেন। জীবন নিয়ে শঙ্কার কারণে বুলেটরোধী পোশাক পরে আদালতে হাজির হয়েছিলেন স্টর্মি।

স্টর্মি ড্যানিয়েলসের জীবন ঝুঁকিতে বলে মন্তব্য করেছেন তাঁর কৌসুলি ক্লার্ক ব্রুস্টার।

## ওয়াশিংটন–ঢাকা সম্পর্কে উষ্ণতা

১ পৃষ্ঠার পর

পাশাপাশি কার্যকর কিছু পদক্ষেপও রয়েছে। এই সফরে তিনি বিএনপি'র অনুরোধ উপেক্ষা করে দলটির কারও সঙ্গে সাক্ষাৎ করেননি। মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের বিরুদ্ধে সরকারি মহলের এন্তার অভিযোগ। বিষয়টি অজানা নয় ওয়াশিংটনের।

প্রেসিডেন্ট বাইডেন বাংলাদেশে নতুন মার্কিন রাষ্ট্রদূত হিসাবে ডেভিড মিলের নাম ঘোষণার পর সফরে আসেন ডোনাল্ড লু। এসব পদক্ষেপের মাধ্যমে বরফ কতটা গলবে এখন সেটাই দেখার বিষয়। মন্ত্রীদের সঙ্গে লু'র ভাল বৈঠক হলেও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাক্ষাৎ দেননি। এতে স্পষ্ট যে, যুক্তরাষ্ট্রের ইনটেনশন সতর্কভাবে পর্যালোচনা ও পর্যবেক্ষণ করার পর শেখ হাসিনা বিষয়টি সম্পর্কে নিশ্চিত হবেন।

বাংলাদেশে দ্বাদশ সংসদীয় নির্বাচনের আগে ঢাকার ওপর প্রবল চাপ সৃষ্টি করেছিল যুক্তরাষ্ট্র। বাইডেন প্রশাসনের তরফে বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও অহিংস নির্বাচন করার জন্যে যুক্তরাষ্ট্রের কর্মকর্তারা ঢাকায় এসেছেন। এক পর্যায়ে ওয়াশিংটন বাংলাদেশের ওপর ভিসা নিষেধাজ্ঞা জারি করে। ভিসানীতি নামের এই নিষেধাজ্ঞার আওতায় যারাই অবাধ ও সুষ্ঠু নির্বাচনে বাধার সৃষ্টি করবে; তাদেরকে যুক্তরাষ্ট্র ভিসা দেবে না।

এমনকি তাদের পরিবারবর্গকেও ভিসা দেবে না কিংবা ভিসা থাকলে তা বাতিল করবে বলে ঘোষণা করে। এমন কথাও চাউর হয়েছিল যে, নির্বাচনের আগে কিংবা পরে যুক্তরাষ্ট্র বাংলাদেশের বিরুদ্ধে অর্থনৈতিক কিংবা বাণিজ্যিক নিষেধাজ্ঞা জারি করতে পারে। বাস্তবে নির্বাচনের পর প্রেসিডেন্ট বাইডেন চিঠি দিয়েছেন শেখ হাসিনার কাছে। চিঠিতে শেখ হাসিনাকে প্রধানমন্ত্রী হওয়ায় অভিনন্দন না জানালেও বাংলাদেশের সঙ্গে দ্বিপক্ষীয়, আঞ্চলিক ও বৈশ্বিক ক্ষেত্রে একত্রে কাজ করবে জানানো হয়। কিন্তু বাস্তবে দুই দেশ একত্রে কাজ কতটা করতে পারবে সেটাই এখন দেখার বিষয়।

শেখ হাসিনার সরকার সবচেয়ে বড় অস্বস্তিতে ছিল ঢাকায় মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসকে নিয়ে। নিখোঁজ বিএনপি নেতার বাসায় যাওয়া, বিএনপি অফিসে ভুয়া বাইডেনের উপদেষ্টার উপস্থিতিসহ নানা কারণে তার ভূমিকা পক্ষপাত দুষ্ট বলে মনে করেছে আওয়ামী লীগ। এখন তার পরিবর্তে ঢাকা নতুন রাষ্ট্রদূত হিসাবে ডেভিড মিলের নাম ঘোষণা করেছে। ডেভিড মিল বাংলাদেশে এর আগেও মার্কিন কূটনীতিক হিসাবে দায়িত্ব পালন করেছেন। কিন্তু এবার সরাসরি রাষ্ট্রদূত হয়ে আসছেন।

ডোনাল্ড লু মার্কিন পররাষ্ট্র দফতরে দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক ডেস্কের সহকারী পররাষ্ট্রমন্ত্রী। ফলে দক্ষিণ এশিয়া তার দেখভালের আওতাধীন অঞ্চল। এবারে ঢাকায় আসার আগে ভারত ও শ্রীলঙ্কা সফর করেছেন লু। কলম্বো থেকে ১৪ মে সরাসরি ঢাকায় আসেন। পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠক করেছেন। বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী সাবের হোসেন চৌধুরীর সঙ্গেও বৈঠক করেছেন।

পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন তাকে মধ্যাহ্নভোজে আপ্যায়িত করেন। সফরকালে তিনি সুশীল সমাজের কারও কারও সঙ্গে চা চক্রে মিলিত হয়েছিলেন। সুশীল সমাজের সঙ্গে আলোচনায় নির্বাচন পরবর্তী রাজনৈতিক পরিস্থিতি, শ্রম ও মানবাধিকার পরিস্থিতি, গণমাধ্যমের স্বাধীনতা প্রভৃতি নানা বিষয়ে জানতে চেয়েছেন। অনেকে মনে করেন, এসব বিষয়ে যুক্তরাষ্ট্রের উদ্বেগ এখনও রয়েছে। বিশেষ করে দুর্নীতিবিরোধী লড়াই বাংলাদেশের সঙ্গে কাজ করতে আগ্রহ প্রকাশ করেছে। জলবায়ু পরিবর্তনরোধেও বাংলাদেশের সঙ্গে কাজ করতে চায় যুক্তরাষ্ট্র।

বাইডেন প্রশাসনের অনেকটা ইউটার্ন নেয়ার কারণ সম্পর্কে বিশ্লেষকরা বেশ কিছু কারণ আবিষ্কার করেছেন। তাদের মতে, বাইডেন প্রশাসন বাস্তবতা মেনে শেখ হাসিনার সঙ্গে কাজ করতে আগ্রহী। বাস্তবতা মেনে নেয়ার ঘটনা যুক্তরাষ্ট্রের নতুন নয়। নরেন্দ্র মোদি গুজরাটের মুখ্যমন্ত্রী থাকাকালে সেখানে ভয়াবহ সাম্প্রদায়িক দাঙ্গা হয়েছিল। তখন ওই দাঙ্গার জন্য মোদিকে দায়ী করেছেন অনেকে। যুক্তরাষ্ট্র তখন মোদিকে কালো তালিকাভুক্ত করে। তাকে যুক্তরাষ্ট্র প্রবেশে নিষেধাজ্ঞা দিয়েছিল। ভারতে কেন্দ্রীয়ভাবে তখন কংগ্রেস দল ক্ষমতায়। তবুও জাতীয় ঐক্য সমুন্নত রাখতে দিল্লিতে মার্কিন রাষ্ট্রদূতকে তলব করে কড়া প্রতিবাদ জানিয়েছিল ভারত। মোদি প্রধানমন্ত্রী হওয়ার পর যুক্তরাষ্ট্র তাকে আমন্ত্রণ জানিয়ে সংবর্ধনা দেয়। সেই সংবর্ধনায় তদানীন্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একই মঞ্চে উপস্থিত হয়েছিলেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময়ে যুক্তরাষ্ট্র বিরোধিতা করেছিল।

কিন্তু দেশ স্বাধীন হওয়ার পর পরই বাস্তবতা মেনে নিয়ে বাংলাদেশকে স্বীকৃতি দেয়। এই ধরনের বহু ঘটনা আছে যাতে দেখা যায় মার্কিন যুক্তরাষ্ট্র বাস্তবতা মেনে নেয়।

বৈশ্বিক ও ভূ-রাজনৈতিক পরিস্থিতিও শেখ হাসিনার সঙ্গে কাজ করার জন্যে বাইডেন প্রশাসানকে আগ্রহী করেছে। ভারত মহাসাগর ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চীনের অধিপত্য অর্থনৈতিক ও সামরিকভাবে বেড়েই চলেছে। শ্রীলঙ্কা ও মালদ্বীপের মতো দেশে চীনপন্থী সরকার গঠিত হয়েছে। ফলে দক্ষিণ এশিয়ায় আরেকটি চীনপন্থী রাষ্ট্র হিসাবে বাংলাদেশকে দেখতে চায় না যুক্তরাষ্ট্র। কারণে বাংলাদেশে গোলযোগ হলে সেই সুযোগ চীন নিতে পারে। বাংলাদেশকে যুক্তরাষ্ট্রের মিত্র দেশ বানাতে চায় বাইডেন প্রশাসন।

বাইডেনের সামনে নভেম্বরে প্রেসিডেন্ট নির্বাচন যেখানে তরুণ প্রজন্ম গাজায় নিষ্ঠুরতার বিরুদ্ধে প্রতিবাদ করছে। একদিকে রাশিয়াকে চাপে রাখতে যুক্তরাষ্ট্র ন্যাটোকে নিয়ে ইউক্রেনে যুদ্ধ চালিয়ে যাচ্ছে। অন্যদিকে, গাজায় ইসরাইলি হামলাতেও সমর্থন দিচ্ছে যুক্তরাষ্ট্র। এমন বাস্তবতায় বলাদেশকে পরিপূর্ণ সহযোগী হিসাবে পেতে চায় যুক্তরাষ্ট্র। তিক্ত সম্পর্ক পিছনে ফেলতে চায় যুক্তরাষ্ট্র।

# হিজরতে তাওহিদের বার্তা

২১ পৃষ্ঠার পর

গেলেন। ওতপেতে থাকাদের কেউ কিছুই দেখতে পেল না। নবীজি তখন হজরত আবু বকরের বাড়িতে গিয়ে উপস্থিত হলেন। সেই ঘরের একটি জানালা পথে বেরিয়ে উভয়ে মদিনার উদ্দেশে যাত্রা করলেন। কয়েক মাইল দূরে অবস্থিত সওর পাহাড়ের একটি গুহায় তাঁরা যাত্রাবিরতি করলেন। *(ইবনে হিশাম, প্রথম খণ্ড, পৃ.৪৮৩; জাদুল মাআদ : দ্বিতীয় খণ্ড, পৃ.৫২)*। রাসুল (সা.) তাদের সামনে দিয়েই চলে গেলেন; অথচ তারা তাঁকে দেখতে পেল না। এটা ছিল আল্লাহর কুদরতের প্রকাশ। তাওহিদের নিদর্শন।

**আসমা (রা.)-এর সাহায্য :** বিশ্বনবী যে তাঁর ঘরে নেই কাফেররা তা জানতে পারল সূর্যোদয়ের পরে। তখন অনেক দেরি হয়ে গেছে। কিন্তু কূটবুদ্ধির কুমির আবু জাহেল আবু বকর (রা.)-এর ঘরের দিকে ছুটল। তখনো সে জানত না আবু বকর (রা.) ও আল্লাহর রাসুল (সা.) একসঙ্গে হিজরত করেছেন। তবে এতটুকু সে বুঝেছে নবীজির কথা আবু বকর জেনে থাকবে। বাড়ি পৌঁছেই আবু জাহেল প্রচণ্ডভাবে দরজায় ধাক্কা দিতে থাকল। আসমা (রা.) দরজা খুললেন। সে জানতে চাইল আবু বকর (রা.) কোথায়? আসমা (রা.) খুব শান্তভাবে উত্তর দিলেন- 'আমি কী করে জানব?' আবু জাহেল এতে প্রচণ্ড রেগে গিয়ে আসমা বিনতে আবু বকরকে এত জোরে চড় মারল যে, তার কানের দুল ছিটকে পড়ে গেল। মক্কায় তখন থমথমে। সেই সময় বিশ্বনবীর হিজরতের খবর লুকোনোই না বরং তিন দিন পর্যন্ত আসমা (রা.) এমনভাবে তাদের কাছে খাবার পৌঁছে দিতেন যেন কেউ টের না পায়। পুরো বিশ্বের মুসলিমদের জন্য তিনি আল্লাহর ওপর নির্ভরতার, সাহসিকতার এক মূর্ত প্রতীক। একজন নারী দ্বীন ধর্মের জন্য, আল্লাহর নবীর মহব্বতে কতটা ত্যাগ ও বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছেন তা অভাবনীয়। সে মুহূর্তটা ছিল খুবই ভয়ংকর। আসমা (রা.) এই সময় ভড়কে গেলে কিংবা ভেঙে পড়লে বিশ্বনীর হিজরত বাধার মুখে পড়ে যেতে পারত। এই বিপন্ন মুহূর্তে ঠিক বাবার মতোই শক্ত ভূমিকা পালন করলেন তিনি। আর আল্লাহর প্রতি দৃঢ় বিশ্বাসের অধিকারী আসমা বিনতে আবু বকর মক্কার সব থেকে প্রতাপশালী নেতার মুখোমুখি হয়েছিলেন দৃঢ়তার সঙ্গে। নবীপত্নী আয়েশা (রা.) বলেন, মহানবী (সা.) মদিনায় হিজরতের উদ্দেশে রওয়ানা করার সময় আমরা তাড়াতাড়ি করে কিছু খাবার পাকিয়ে একটি থলেতে করে রেখে দিলাম। কিন্তু থলেটি বাঁধার জন্য রশি-দড়ি জাতীয় কোনো কিছু পাওয়া যাচ্ছিল না। তাই বড় বোন আসমা (রা.) কোমরবন্ধ খুলে দুই টুকরো করে এক টুকরা দিয়ে থলেটির মুখ বাঁধলেন। এ কাজটি তাঁর এত সম্মান বয়ে এনেছে যে, ইতিহাসে তাকে জাতুন-নিতাকাইন বলে স্মরণ করা হয়। (বোখারি : ৩৯০৫)।

**সাওর গুহায় আত্মগোপন :** মক্কা থেকে উল্টো পথ ধরলেন নবীজি (সা.)। যাতে শত্রুরা আঁচ করতে না পারে। প্রায় পাঁচ মাইল পথ দক্ষিণে ইয়েমেনের দিকে হেঁটে সাওর নামক পর্বতের গুহায় এসে যাত্রাবিরতি করেন। পাহাড়টি ছিল খুব উঁচু, পর্বত শীর্ষে আরোহণের পথ ছিল আঁকাবাঁকা ও পাঁক জড়ানো। আরোহণের ব্যাপারটিও ছিল অত্যন্ত কষ্ট ও আয়াশ-সাধ্য। নবীজি উঠতে গিয়ে আঘাতে রক্তাক্ত হয়েছিলেন। পদচিহ্ন মুছে দিতে আঙুলে ভর দিয়ে হেঁটে আসায় যাত্রা ছিল আরও কষ্টসাধ্য। গুহায় আবু বকর (রা.) আগে প্রবেশ করলেন। পরিচ্ছন্ন করে গুছিয়ে নিলেন। কাপড় ছিঁড়ে গর্তগুলো আটকে নিলেন। কাপড়ের টুকরোর ঘাটতির কারণে দুটো ছিদ্রমুখ বন্ধ করা সম্ভব হলো না। সে দুটো গর্তমুখ নিজের পা দিয়ে বন্ধ করে রাখলেন।

**আবদুল্লাহ ও আমির ইবনে ফুহাইরা :** আবু বকর (রা.) এর পুত্র আবদুল্লাহও তাদের সঙ্গে রাত্রীযাপন করতেন। তবে সুবহে সাদিকের আগেই মক্কায় এসে সবার সঙ্গে মিশে যেতেন। মুশরিকরা নবীজি (সা.) এর বিরুদ্ধে কী ষড়যন্ত্র করত সে তথ্য অত্যন্ত সঙ্গোপনে তিনি সরবরাহ করতেন। অন্যদিকে আবু বকর (রা.) এর গোলাম আমির ইবন ফুহাইরা পাহাড়ের পাদদেশে ছাগল চরাত এবং যখন রাতের একাংশ অতিবাহিত হয়ে যেত তখন সে ছাগল নিয়ে গারে সওরের কাছে যেত এবং নবী (সা.) এবং তাঁর সাহাবিকে (রা.) দুগ্ধপান করাত। আবার প্রভাত হওয়ার প্রাক্কালে সে ছাগলের পাল নিয়ে দূরে চলে যেত। পরপর তিন রাতেই সে এরূপ করল। অধিকন্তু আবদুল্লাহ ইবন আবু বকরের গমনাগমন পথে তাঁর পদচিহ্নগুলো যাতে মিশে যায় তার জন্য আমির বিন ফুহাইরা সেই পথে ছাগল খেদিয়ে নিয়ে যেত। ভালো কাজে আল্লাহর পক্ষ থেকে সাহায্য আসে। সার্বিক বিবেচনায় কাজটি নির্ভুল হয়। এটি আল্লাহর কুদরতের একটি নিদর্শন।

**গুহামুখে এসেও ফিরে গেল :** মক্কার কাফেররা থেমে নেই। হন্যে হয়ে খুঁজছে নবীজিকে। একশত উট প্রাপ্যের নেশা তাদের আচ্ছন্ন করে রেখেছে। তারা এমন তুখোড় মেধা ও পদচিহ্ন বিশারদ ছিল যে, খুঁজতে খুঁজতে সাওর পর্বতের মুখে এসে উপস্থিত হলো। নবীজির জীবন শঙ্কায় আবু বকর (রা.) আঁতকে উঠলেন। এই বুঝি নিচে তাকাল। আর দেখে ফেলল! কী হবে প্রাণপ্রিয় নবীর? শত প্রশ্ন মনে। এ সময় রাসুলুল্লাহ (সা.) বলেছিলেন 'চিন্তা করবেন না। অবশ্যই আল্লাহতায়ালা আমাদের সঙ্গে আছেন।' বিষয়টির বর্ণনা আল্লাহ দিয়েছেন এভাবে, 'যদি তোমরা তাকে (রাসুলকে) সাহায্য না কর, তবে মনে রেখো আল্লাহ তাকে সাহায্য করেছিলেন যখন কাফেররা তাঁকে বের করেছিল, যখন তিনি ছিলেন দু'জনের দ্বিতীয়জন। যখন তারা গুহার মধ্যে ছিল। যখন সে তার সাথিকে বলেছিল, চিন্তিত হয়ো না, আল্লাহ আমাদের সঙ্গে আছেন। অতঃপর আল্লাহ তার প্রতি স্বীয় প্রশান্তি নাজিল করলেন এবং তার সাহায্যে এমন বাহিনী পাঠালেন, যা তোমরা দেখনি। আর আল্লাহতায়ালা কাফেরদের শিরকি কালেমা নিচু করে দিলেন। বস্তুত আল্লাহর তাওহিদের কালিমা সদা উন্নত আছেই। আল্লাহ হলেন পরাক্রমশালী ও প্রজ্ঞাময়।' *(সুরা তাওবা : ৪০)*। রক্তপিপাসু শত্রুকে সামনে রেখে ওই সময়ের নাজুক অবস্থায় 'চিন্তিত হয়ো না, আল্লাহ আমাদের সঙ্গে আছেন'- এই ছোট্ট কথাটি মুখ দিয়ে বের হওয়া শুধু তখনই সম্ভব, যখন একজন মানুষ সম্পূর্ণরূপে নিজেকে আল্লাহর ওপরে সোপর্দ করে দেন। বিশ্বনবী জানতেন আল্লাহ অবশ্যই সাহায্য করবেন। শক্তিতে ওদের সঙ্গে কুলিয়ে ওঠা সম্ভব নয়। স্বয়ং আল্লাহর নুসরত ছাড়া। আর আল্লাহই সাহায্য করেছেন। মোমিন বান্দার বিপদে আল্লাহ তার সঙ্গে থাকেন যদি বান্দা আল্লাহর ওপর ভরসা রাখেন। গুহামুখ থেকে শত্রুরা ফিরে যাওয়া এ যে সাক্ষাৎ রবের কুদরতের প্রকাশ!

**আল্লাহর সাহায্য :** সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় হলো তারা সারা পর্বতজুড়ে? নবীজিকে খুঁজেছে। তন্ন তন্ন করে খুঁজে গুহামুখে পৌঁছে কী মনে করে গুহার ভেতরে দৃষ্টি দেয়নি! অথচ নবীজি শুধু তাদের পায়ের আওয়াজ শুধু শোনেননি, তাদের দেখেছেনও। 'গুহামুখ থেকে ফিরে যাওয়া' তাদের এই মনের পরিবর্তনটাই আল্লাহর পক্ষ থেকে ছিল সরাসরি গায়েবি মদদ এবং রাসুল (সা.)-এর অন্যতম মুজিজা। আল্লাহ বলেন, 'তোমার প্রভুর সেনাবাহিনীর খবর তোমার প্রভু ব্যতীত কেউ জানে না।' *(সুরা মুদ্দাছছির : ৩১)*। আর এ কারণেই হাজারো প্রস্তুতি নিয়েও অবশেষে কুফরির ঝান্ডা অবনমিত হয় ও তাওহিদের ঝান্ডা সমুন্নত হয়। আল্লাহ বলেন, 'নিশ্চয়ই আল্লাহ তাদের সঙ্গে থাকেন যারা আল্লাহ ভীরুতা অবলম্বন করে এবং যারা সৎকর্মশীল।' *(সুরা নাহল : ১২৮)*।

**হিজরতের উপকারিতা :** যে মুসলিমরা সহিষ্ণুতার পাশাপাশি নিপীড়ন ও নির্যাতনের শিকার হন, হিজরত তাদের জন্য নতুন কোনো স্থানে স্বাধীনভাবে ধর্ম পালনে উদ্বুদ্ধ করে। মহান আল্লাহতায়ালা কোরআনে বলেছেন, 'যারা নির্যাতিত হওয়ার পর আল্লাহর জন্য গৃহত্যাগ করেছে, আমি অবশ্যই তাদের দুনিয়ায় উত্তম আবাস দেব এবং পরকালের পুরস্কার তো সর্বাধিক; হায়! যদি তারা জানত।' *(সুরা নাহল : ৪১)*।

**হিজরতের তাৎপর্য ও শিক্ষা :** হিজরত প্রকৃতপক্ষে নির্যাতন থেকে সাময়িক বিরতি মাত্র। সহিংসতা উপেক্ষা করে শক্তি সঞ্চয় করে অপ্রতিরোধ্য সাহস গড়ে তোলার প্রশিক্ষণ। হিজরত অত্যন্ত শক্তভাবে আইনশৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে এবং সর্বশক্তিমান আল্লাহতায়ালার প্রতি আনুগত্য প্রদর্শন করে। মুসলিমরা শুধু কোনো নির্দিষ্ট জমিন বা সময়ের জন্য নয়, বরং বিশ্বময় সর্বকালে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠায় বিশেষ নেতৃত্ব ও প্রতিনিধিত্বের জন্য নির্বাচিত এক জাতি। নবী (সা.)-এর পথ ধরে গাইরুল্লাহকে ছেড়ে এক আল্লাহর পথে নিজের স্বার্থ ত্যাগ করাই হিজরতের মূল শিক্ষা।

**লেখক : প্রধান শিক্ষক, দারুল হুদা মডেল মাদ্রাসা কোদালপুর (ডিএস)।**

# যুক্তরাষ্ট্রের ফেডারেল জজ পদে নুসরাত জাহান

৬২ পৃষ্ঠার পর

বাংলাদেশি-আমেরিকান, প্রথম মুসলিম নারী। নুসরাত চৌধুরী ১৯৭৬ সালে ইলিনয়ে জন্মগ্রহণ করেন। তার পৈত্রিক বাড়ি ফেনী জেলার দাগনভূঞা উপজেলার দক্ষিণ আলীপুরে। তিনি যুক্তরাষ্ট্রের ইয়েল ল স্কুল, প্রিন্সটন ইউনিভার্সিটি এবং কলম্বিয়া ইউনিভার্সিটিতে পড়াশুনা করেন। তিনি ২০২০ সাল পর্যন্ত ইলিনয় অঙ্গরাজ্যের আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়নের লিগ্যাল ডাইরেক্টর হিসেবে কাজ করেছেন। এছাড়া তিনি ২০০৮ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত নিউইয়র্কে আমেরিকার সিভিল রাইটস ইউনিয়নে বিভিন্ন পদে কাজ করেছেন। সর্বশেষ ২০১৮ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত তিনি রেসিয়াল জাস্টিস প্রোগ্রামের ডেপুটি ডাইরেক্টর ছিলেন।

# পিতামাতার অধিকার

২১ পৃষ্ঠার পর

রাখা মোমিন বান্দার বৈশিষ্ট্য। পিতামাতা আল্লাহর কাছে গ্রহণীয় ব্যক্তিত্ব। তাদের কষ্ট ও খুশির বিবেচনায় আল্লাহতায়ালা বান্দার জীবনের অনেক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন। বান্দার সুভাগ্য বা দুর্ভাগ্য নির্ভর করে পিতামাতার সন্তুষ্টি ও অসন্তুষ্টির ওপর। এ প্রসঙ্গে নবীজি বলেছেন, পিতামাতার সন্তুষ্টিতে আল্লাহতায়ালার সন্তুষ্টি। পিতামাতার অসন্তুষ্টিতে আল্লাহতায়ালার অসন্তুষ্টি। *(তিরমিজি : ১৮৯৯)*।

**অবাধ্য হওয়া যাবে না :** কোনো অবস্থাতেই পিতামাতার অবাধ্য হওয়া যাবে না। যদি আল্লাহর অবাধ্যতা হয়- এমন আদেশ না করে থাকেন পিতামাতা। ব্যক্তিজীবনে ক্ষতির সম্মুখীন হলেও পিতামাতাকে কষ্ট দেওয়া যাবে না। তাদের প্রতি অমানবিক আচরণ করা যাবে না। এমনকি পিতামাতা কোনো সন্তানকে যদি তাদের সম্পদ থেকে বঞ্চিতও করেন, তার পরও সন্তানের উচিত নয় তাদের অবাধ্য হওয়া। সাহাবি মোয়াজ ইবনে জাবাল বলেন, রাসুলুল্লাহ আমাকে অসিয়ত করেছেন পিতামাতার অবাধ্য হয়ো না যদিও তারা তোমাকে পরিবার ও সম্পদ থেকে বের হয়ে যেতে বলে। *(মাজমাউজ জাওয়ায়েদ : ৮/১৪১)*। পিতামাতা যদি ন্যায়সঙ্গত কারণে এবং দ্বীনদারিকে প্রাধান্য দিয়ে সার্বিক কল্যাণ বিবেচনায় ছেলেকে তার স্ত্রীকে তালাক দিতে বলেন, তাহলে সেক্ষেত্রেও তাদের আদেশ মানা আদব ও জরুরি। আব্দুল্লাহ ইবনে ওমর বলেন, আমার বিবাহে একজন নারী ছিল যাকে আমি পছন্দ করতাম কিন্তু ওমর (রা.) (তার পিতা) তাকে অপছন্দ করতেন। তিনি বললেন, তাকে তালাক দাও। আমি তালাক দিতে অস্বীকৃতি জানালাম। তখন তিনি নবীজির কাছে এলেন এবং ঘটনা বললেন। নবীজি আমাকে বললেন, পিতার অনুসরণ কর। অর্থাৎ তাকে তালাক দাও। *(সহি ইবনে হিব্বান : ৪২৬, ৩৫৪)*।


**পিতামাতার গুরুত্ব :** নবীজি (সা.) ক্ষেত্রবিশেষে পিতামাতার অধিকার ও সন্তুষ্টিকে আল্লাহতায়ালার রাস্তায় জিহাদ করার চেয়েও বেশি গুরুত্ব দিয়েছেন। হাদিসে এসেছে, ইবনে ওমর বলেন, একজন ব্যক্তি এসে নবীজির কাছে জিহাদে যাওয়ার অনুমতি চাইলেন। নবীজি বললেন, তোমার পিতামাতা কি বেঁচে আছেন? তিনি বললেন, হ্যাঁ। এবার নবীজি বললেন, তুমি তাদের মধ্যেই জিহাদ কর *(অর্থাৎ তাদের সেবা করার মাধ্যমে নিজেকে নিয়োজিত রেখে তাদের সন্তুষ্টি লাভের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অর্জন করো)*। *(বোখারি : ৫৯৭২)*। পিতামাতার খেদমত ও অধিকারকে নবীজি হিজরতের মতো গুরুত্বপূর্ণ আমলের ওপরে প্রাধান্য দিয়েছেন। সাহাবি ইবনে ওমর বলেন, একজন ব্যক্তি নবীজির কাছে এসে বাইয়াত হলেন এবং বললেন, আমি আমার পিতামাতাকে ক্রন্দনরত অবস্থায় রেখে আপনার কাছে হিজরতের জন্য বাইয়াত হতে এসেছি। তার এই কথা শুনে নবীজি বললেন, তাদের কাছে ফিরে যাও এবং তাদেরকে হাসাও যেভাবে তাদেরকে কাঁদিয়েছ। *(আবু দাউদ : ২৫২৮)*।

আবু দাউদ শরিফে এসেছে, একজন ব্যক্তি সুদূর ইয়ামেন থেকে হিজরত করে নবীজির কাছে এলে, নবীজি তাকে প্রশ্ন করলেন, ইয়ামেনে কি তোমার পিতামাত আছে? তিনি বললেন, আছে। এবার নবীজি বললেন, তুমি কি তাদের অনুমতি নিয়ে এসেছ? তিনি বললেন, না। নবীজি তাকে আদেশ করলেন, পিতামাতার কাছে ফিরে গিয়ে অনুমতি চাও। তারা আসতে দিলে এসো নচেৎ তাদের সঙ্গে সদাচারণ কর। *(আবু দাউদ : ২৫৩০)*।

পিতামাতাকে বৃদ্ধাশ্রমে নয়, নিজের ঘরে সর্বোচ্চ মর্যাদা দিয়ে রাখা সন্তানের নৈতিক দায়িত্ব। ইসলাম বলে মায়ের পদতলে সন্তানের বেহেশত। পিতার সন্তুষ্টিতে রবের সন্তুষ্টি। হাদিসের এ দুটি কথা মনে রাখলে কোনো সন্তান তার পিতামাতাকে অবহেলার পাত্র বানিয়ে বৃদ্ধাশ্রমে দিয়ে নিজে আল্লাহর রহমত ও সন্তুষ্টি লাভ হতে বঞ্চিত হতে পারে না।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



নিউইয়র্কের সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট
কনকর্ড ট্রাভেল
২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত
আসন সংখ্যা সীমিত
আজই আপনার আসন সংরক্ষণ করুণ


Emirates
السعودية SAUDIA
الاتحاد ETIHAD AIRWAYS
KUWAIT AIRWAYS
TURKISH AIRLINES
QATAR AIRWAYS القطرية
সৌদিয়াতে ওমরার জন্য বিশেষ সেল চলছে
ঢাকা থেকে নিউইয়র্কে আসার টিকেট সেল করা হয়

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

# PROBASHI BARISAL DIVISIONAL WELFARE ASSOCIATION USA INC.
# প্রবাসী বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতি, ইউ.এস.এ ইন্‌ক




## বার্ষিক বনভোজন ২০২৪

## MAY 26, 2024, SUNDAY
মেমোরিয়াল ডে উইকেন্ড

## Southaven County Park
761 Victory Ave, Yaphank, NY 11980

**বাস ছাড়ার স্থান ও সময়**

জ্যাকসন হাইটস: সকাল ৮:৩০টা
ব্রডওয়ে এবং ৭৩ স্ট্রিট (স্টারলিং ব্যাংকের সামনে)

**চাঁদার হারঃ**

শূন্য থেকে ৫ বছর পর্যন্ত বাচ্চাদের জন্য ফ্রি
একক ৫০ ডলার, স্বামী-স্ত্রী দুইজন ১০০ ডলার
পরিবার ১৩০ ডলার (৫ জন পর্যন্ত)
বাবা, মা, শ্বশুর, শাশুড়ি জনপ্রতি ১৫ ডলার

বাসে করে যারা পিকনিকে যাবেন তাদের জনপ্রতি অতিরিক্ত ২০ ডলার প্রদান করতে হবে।

১৫ মে ২০২৪ তারিখের পূর্বে উল্লেখিত নাম্বারে, যোগাযোগ করুন এবং ফি পরিশোধ করে আপনার/আপনাদের উপস্থিতি নিশ্চিত করুন।

সম্মানিত প্রবাসী বরিশাল বিভাগবাসী / সম্মানিত অতিথিবৃন্দ, আসসালামু আলাইকুম,
গ্রীষ্মের শুরুতে সবার মনকে উদ্বেলিত করে চলছে, কোথায় যাবো, কি করবো, তাই আমরা আপনাদের নিয়ে যাচ্ছি সারাদিনব্যাপী এক আনন্দঘন পরিবেশে। সবাই মিলে একত্রে খেলাধুলা, খাওয়া-দাওয়া, গান-বাজনা, আনন্দ ফুর্তি করে এই মে মাসের ২৬ তারিখে শত ব্যস্ততার মাঝেও সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত আমাদের চলমান ঐতিহ্যবাহী বনভোজনের মাধ্যমে দিনটিকে স্মরণীয় ও ক্যামেরা বন্দী করে রাখতে চাই। তাই আগামী ২৬শে মে, রবিবার, ২০২৪, প্রবাসী বরিশাল বিভাগ কল্যাণ সমিতি ইউএসএ ইনকের আয়োজনে লং আইল্যান্ডের নয়নাভিরাম প্রাকৃতিক সৌন্দর্যে ঘেরা সাউথ হেভেন কাউন্টি পার্কে বার্ষিক বনভোজন ও মিলনমেলার আয়োজন করা হয়েছে। এবারের আয়োজনে ভিন্ন মাত্রা যোগ করা হয়েছে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত নিউইয়র্কের সেরা বাবুর্চি দ্বারা পিকনিক স্পটেই রান্নার ব্যবস্থা সকাল ৯:৩০ মিঃ ব্রেকফাস্ট এর মাধ্যমে দিনটি শুরু হবে। এতে থাকছে বারবিকিউ, নান, সুইট বেবি কর্ন, হট ডগ, জুস কোমল পানীয়, ও কলা। চলবে একটানা দুপুর ১টা পর্যন্ত। এরই মাঝে সকাল ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত চলবে খেলাধুলা। দুপুর ১:৪৫ মিনিট নামাজের বিরতি, ২:৩০ মিনিট লাঞ্চ। এরপরে পর্যায়ক্রমে অন্যান্য খেলাধুলা, গান বাজনা, মাঝে মাঝে ঝাল মুড়ি, ফলফলাদি ও চায়ের আড্ডা। রাফেল ড্র তে স্বর্ণের হার সহ থাকছে আরো নানাবিধ আকর্ষণীয় পুরস্কার। সন্ধ্যা ৮টায় ঘরে ফেরা। আপনারা স্বপরিবারে এবং সবান্ধবে সকলে আমন্ত্রিত।

আমন্ত্রণে

**বনভোজন উদ্‌যাপন কমিটি**


মনজুর মোর্শেদ
আহ্বায়ক
(৭১৮) ৪১৪-৫৭৯৮


রুহুল আমিন
মেম্বার সেক্রেটারী
(৩৪৭) ২৮৭-২০৯৭

যুগ্ম আহ্বায়কঃ
এম এম জসিম (৬৪৬-৭৪৪-৭৪৮৫)
মোঃ সাইদুল ইসলাম বাদল (৬৩১) ৪৬৪-৬১০৭
মোঃ তুজাম্বর আলী শেইখ (৬৪৬-৩৬১-৭১৯৭)
মোঃ মিজানুর রহমান খান (৩৪৭- ৫৮৯-৪০৩২)

যুগ্ম সদস্য সচিবঃ
আব্দুর রহমান রুবেল (৯২৯-৩৬১-০৩২২)
আতাউর রহমান মুরাদ (৬৪৬-৩৫৪-৮১৭২)
জুনায়েদ আহমেদ তুর্জ (৯১৪-৪৩৯-৫২৯৬)

ক্রীড়া সম্পাদকঃ মোঃ জাকির হোসেন (৯২৯) ৭০৩-২০৯৯
সহযোগিতায়ঃ মোঃ মনিরুল ইসলাম

স্মরণিকা সম্পাদকঃ
মনিরুজ্জামান মিয়া (৯১৭-৩০২-৫২৪৪)

সাংস্কৃতিক সম্পাদকঃ
নিলুফার ইয়াসমিন (৭৬৫-৭০২-৭৫৭২)

**উষ্ণ সংবর্ধনায়**

নিলুফা ইয়াসমিন | মোসাঃ রাশিদা বেগম বেবি | নুসরাত জাহান

আপ্যায়নেঃ উপদেষ্টাবৃন্দঃ
মিসেস নাজমা বেগম, সৈয়দ হারুন উর রশিদ, মনিরুজ্জামান মিয়া, মনজুর মোর্শেদ, গাজী আমির হোসাইন, প্রফেসর ফরিদ আহমেদ, ড. সৈয়দ এম.বি.রাব্বানী ও আজম মুন্সী।

সার্বিক তত্ত্বাবধানেঃ ড. সৈয়দ মোতোয়াক্কিল বিল্লাহ রাব্বানী, এ.কে. আজাদ জুয়েল

## র‍্যাফেল ড্র
১ম পুরস্কারঃ স্বর্ণের হার
২য় পুরস্কারঃ স্বর্ণের চেইন
এছাড়াও রয়েছে অসংখ্য আকর্ষনীয় পুরস্কার



## সংগীত পরিবেশনায় দেশ ও প্রবাসের জনপ্রিয় শিল্পীবৃন্দ

কাজী জামান উদ্দিন
সভাপতি
৯১৭-৩৪৪-০৭২৬



ড. রফিকুল ইসলাম
সাধারণ সম্পাদক
৬৪৬-৬৬৭-৯০২০



আপনার ফ্যামিলি এবং ফ্রেন্ডস সবাই আমন্ত্রিত। মে ১৫ তারিখের মধ্যে আপনার উপস্থিতি নিশ্চিত করুন।

প্রচার সম্পাদকঃ সানজিৎ দেবনাথ কর্তৃক প্রচারিত ও প্রকাশিত


METRO CINEMA FILM WORKS PRODUCTION
POWERED BY DHAKABANK PLC.
DIGITAL PARTNER TIGER MEDIA
CO SPONSOR MTB
USA DISTRIBUTION BIOSKOPE FILMS LLC
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র
নিউ ইয়র্ক প্রিমিয়ার
TIGER CEMENT PRESENTS
দেয়ালের দেশ
A FILM BY MISHUK MONI
মহাসমারোহে শুভমুক্তি
আগামী শুক্রবার ১৭ মে নতুন থিয়েটার লোকেশন-এ
KEW GARDEN CINEMAS
81-05 LEFFERTS BLVD., KEW GARDENS , NY-11415 .
SHOWTIMES -
5/17 Fri @ 2pm, 5pm & 8:30pm
5/18 Sat @ 2pm, 5pm & 8:30pm
5/19 Sun @ 2pm, 5pm & 8pm
5/20 Mon @ 2pm, 5pm & 8pm
5/21 Tue @ 2pm, 5pm & 8pm
5/22 Wed @ 2pm, 5pm & 8pm
5/23 Thu @ 2pm, 5pm & 8pm
KEW GARDENS CINEMAS
DIRECTIONS -
SUBWAY ROUTE:
TAKE E & F TRAINS TO KEW GARDENS / UNION TPKE SUBWAY STATION;
KEW GARDEN CINEMAS IS A 10 MINUTE WALK FROM THAT LOCATION;
TRAIN ROUTE -
TAKE LONG ISLAND RAIL ROAD (LIRR) MAIN LINE TO KEW GARDENS STATION LOCATED AT AUSTIN STREET / LEFFERTS BLVD. - KEW GARDEN CINEMAS IS A 1-MINUTE WALK FROM THAT LOCATION;
অগ্রিম টিকেট পাওয়া যাবে অনলাইনে www.kewgardenstheatre.com এবং চলচ্চিত্র শুরুর আগে প্রেক্ষাগৃহে


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE HOME CARE
MOMTAZ
Live Concert
AMAZURA HALL
91-12 144TH PL, QUEENS, NY 11435
TICKET PRICE: SILVER:$25 VIP:$100 VVIP:$200
CONTACT FOR SPONSOR & TICKETS: 934-444-1863
TICKETS AVAILABLE AT:
I HOPE DESIGN, 169-22 HILLSIDE AVENUE, JAMAICA, NY 11432
DHANSHIRI RESTAURANT, 169-28 HILLSIDE AVENUE, QUEENS, NY 11432
SMART CAFE, 168-45 HILLSIDE AVE., JAMAICA, NY 11432
HELLO BANGLADESH RESTAURANT, 3005 36TH AVE, ASTORIA, NY 11106
KHALIL BIRYANI HOUSE, 1457 UNIONPORT RD, BRONX, NY 10462
GRAM BANGLA RESTAURANT, 7605 101 AVENUE, OZONE PARK, NY
NABANNO RESTAURANT, 37-22 73RD STREET, JACKSON HEIGHTS, NY
FRIDAY
17 MAY 2024
TIME: 7.30-11PM
SPONSOR:
রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO প্রপার্টি
NURUL AZIM
CEO, ESTERN INVESTMENT
CALL NOW 516-451-3748
NURUL AMIN BABU
BUSINESSMAN NEW YORK CITY.
naveena
MD. ALAM NOMI
718 300 6953
Khalil Biryani House
ন্যূনতম মূল্যে, গুণগত মানের ফার্নিচার আমরাই দিচ্ছি
STAR FURNITURE
একটি নির্ভরযোগ্য বাংলাদেশী প্রতিষ্ঠান
ellexo
WWW.ELLEXO.US
929-538-7903
Fauma
INNOVATIVE INC.
BANGLA TRAVELS
BELAYET HOSSAIN (BELAL)
President & CEO
917-396-4140, 917-592-7828
NEW HOQUE & SONS
নিউ হক এন্ড সনস্
56-16 56th Street, Maspeth, NY 11432, USA
Tel: 718-397-0992
Bioskope Films
BIOSKOPE FILMS LLC
(310) 770-5243
bioskopefilms@gmail.com
www.bioskopefilms.com
Bioskope Films(U.S.)
bfsba
BioskopeFilms
18115 APRICOT WAY, CASTRO VALLEY, CA-94546
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
One Stop Services
ShahGROUP
Shah j. Chowdhury
ORGANIZER:
ANIK RAJ, SHIBLI SADEK, MD ALAM NOMI
MD BADRODDUJA SAGAR, BELAL AHMED
SUPPORTED BY: JACKSON HEIGHTS ELAKABASI
EVENT MANAGEMENT BY:
Galaxy media
MEDIA PARTNER:
আজকাল


PREMIUM SUPERMARKET
حلال HALAL
Sales Promotion Valid from Friday to Thursday (May 17 - 23, 2024) | Promo Code : PSP71
WE ACCEPT EBT & OTC
SALE $4.99/LB CUT OFF ZABIHA HALAL FROZEN GOAT
SALE 89¢/LB NO CUT NO CLEAN ZABIHA HALAL CHICKEN QUATER LEG
SALE 2/$5.00 250 GM EURO KOI BLOCK
SALE $1.79/LB 3 KG ROHU
SALE $2.49/LB 3 / 5 KG KATLA
SALE $14.99/EA 2 KG MRIGEL
SALE $3.99/LB 1 KG CK BRAND KORAL WHOLE
SALE $2.49/LB 1 KG TILAPIA WHOLE
SALE $3.29/LB GOLDEN POMPANO FROZEN
SALE $19.99/EA SIZE 1/2 GOLDA SHRIMP
SALE 3/$5.00 200 GM HAOR BRAND KESKI TRAY
SALE $4.99/EA 2 LB BAG CK BRAND PANGASH STEAK
SALE $22.99/EA 20 LB ROYAL CHEF'S SECRET BASMATI RICE
SALE $19.99/EA 20 LB KRISHOK PARBOILED BASMATI RICE
SALE $7.99/EA 11 LB JUBILLEE WHEAT FLOUR (ATA)
SALE $11.99/EA 1 KG RED LABEL TEA
SALE $3.99/EA 24 OZ LAXMI GINGER GARLIC PASTE
SALE $8.99/EA 25 PCS FAMILY PACK KAWAN PARATHA
SALE $31.99/EA 35 LB SUPER CHEF VEGETABLE / CANOLA OIL
SALE $11.99/EA 3 LTR MAIZO CORN OIL
SALE $11.99/EA 5 LTR ZER SUNFLOWER OIL
SALE $12.99/EA 5 LTR ZER CORN OIL
SALE $6.99/EA 200 G NESCAFE ORIGINAL COFFEE
SALE 2/$14.99 700 GM BULDAK SPICY RAMEN NOODLES
PREMIUM SUPERMARKET
CONTACT
WhatsApp Number
168-13 HILLSIDE AVE, JAMAICA, NY 11432 ........ 347-626-8798
256-11 HILLSIDE AVE, GLEN OAKS, BELLEROSE, NY 11004 ........ 347-657-8911
1196 LIBERTY AVE, BROOKLYN, NY 11208 ........ 347-658-0972
74-18, 37TH AVE, JACKSON HEIGHTS, NY 11372 ........ 347-658-4362
2101, STARLING AVE, BRONX, NY 10462 ........ 347-658-0134
FREE PARKING IN BELLEROSE STORE
WE ACCEPT ALL MAJOR CREDIT & EBT CARDS "MULTIPLE SALES CANNOT BE COMBINED & PRICE CAN CHANGE WITHOUT NOTICE" STRICTLY CAN NOT COMBINE ANY SPECIAL OFFERS, DISCOUNTS OR COUPONS WITH ONE AND ANOTHER. THESE SPECIAL OFFER VALID WHILE STOCKS LAST. PREMIUM STORE MANAGEMENT HAS THE RIGHT TO LIMIT THE QUANTITY ISSUED PER CUSTOMER.

ADI'S The Halal Supermarket

# ADI'S SUPERMARKET

**1375 CASTLE HILL AVE, BRONX, NY 10462 TEL: 718-684-2135**

FOOD CERTIFIED حلال 100% HALAL

**Sales Promotion Valid from Friday to Thursday (May 17 - 23, 2024) | Promo Code : PSP31**

**EVERY TUESDAY $100 PURCHASE GET $10 OFF**

**WE ACCEPT EBT & OTC**

SALE $4.99/LB

CUBE
ZABIHA حلال HALAL
**FROZEN GOAT**

SALE $2.49/LB
ZABIHA حلال HALAL

**REGULAR WHOLE CHICKEN**

SALE $22.99/EA
SIZE 1000-1200 GM

**HILSHA**

SALE $1.79/LB
3 KG

**ROHU**

SALE $9.99/EA


21/25 2 LB BAG
EZ PEELED
**SHRIMP**

SALE 3/$5.00

**KESKI TRAY (HAOR)**

SALE 2/$5.00


250 GM
**KOI BLOCK** CROWN FARMS

SALE $22.99/EA


20 LB
**ROYAL CHEF'S SECRET BASMATI RICE**

SALE $17.99/EA


22 LB
**FIVE ROSES ALL PURPOSE FLOUR**

SALE $10.99/EA


**OLIO VILLA BLENDED POMACE OIL**

SALE $30.99/EA


35 LB
**SUPER CHEF VEGETABLE / CANOLA OIL**

SALE $10.99/EA


5 LTR
**ZER SUNFLOWER OIL**

SALE $7.99/EA


25 PCS
FAMILY PACK
**KAWAN PARATHA**

SALE $6.99/EA
200 GM


**NESCAFE ORIGINAL COFFEE**

SALE $10.99/EA


1 KG
**RED LABEL TEA**

WE ACCEPT ALL MAJOR CREDIT & EBT CARDS "MULTIPLE SALES CANNOT BE COMBINED & PRICE CAN CHANGE WITHOUT NOTICE"
STRICTLY CAN NOT COMBINE ANY SPECIAL OFFERS, DISCOUNTS OR COUPONS WITH ONE AND ANOTHER.
THESE SPECIAL OFFER VALID WHILE STOCKS LAST. ADI'S STORE MANAGEMENT HAS THE RIGHT TO LIMIT THE QUANTITY ISSUED PER CUSTOMER.

GOLDEN AGE HOME CARE

PRESENTS




কুচকাওয়াজ
পতাকা প্রদর্শন
লাইভ ব্যান্ড
গাড়ী ও ট্রাক মিছিল

MEDIA PARTNER

**Invited VIP Marshall**

**Kathy Hochul**
Govorner, New York State

**Eric Adams**
Mayor, New York City

**Shekar Krishnan**
Council Member, District 25

**Shahana Hanif**
Council Member, District 39

**Md. Najmul Huda**
Consulate General of Bangladesh

**Nizam Chowdhury**
Senate Members, Dhaka Unviersity
Chairman, NRB Global Bank.

**Special Guest**

**Harun Bhuiyan**
President, JBBA

**CIP Mohammed Abdul Kader**

**Justice Thomas D. Raffaele**

**Mohiuddin Dewan**
Vice President, Bangladesh Society

**Tarik Hasan Khan**
Secretary JBBA

**Ruhul Amin Siddique**
General Secretary, Bangladesh Society

**Nargis Ahmed**
Past President, Bangladesh Soceity

**Mirza M Shamim**
Special Guest

**২৬ মে, ২০২৪ রবিবার**

**সময়: সকাল ১১টা থেকে বিকাল ৩টা**

**স্থান: ৬৯-৮৭ ষ্ট্রিট, ৩৭ এভিনিউ**
জ্যাকসন হাইট্স, নিউইয়র্ক ১১৩৭২

শাহ নেওয়াজ – আহ্বায়ক | গিয়াস আহমেদ – প্রধান উপদেষ্টা | এর্টনী মঈন চৌধুরী – উপদেষ্টা | আব্দুর রব – উপদেষ্টা | শাহ জে চৌধুরী – উপদেষ্টা | ফাহাদ সোলায়মান – প্রধান সমন্বয়কারী | তরিকুল হোসাইন বাদল – সদস্য সচিব

যুগ্ম আহ্বায়ক
সৈয়দ আকিকুর রহমান
ইফতেখার উজ্জামান রতন
নুরুজ্জামান সর্দার, ইকবাল হোসেন
মোঃ শাহাদাত হোসেন

ডাঃ মাসুদুল হাসান – উপদেষ্টা | নাঈমা খান – উপদেষ্টা | খলিলুর রহমান – প্রধান পৃষ্টপোষক | নুরুল আজিম – প্যারেড কো-অডিনেটর | ফরিদা ইয়াসমিন – সমন্বয়কারী

যুগ্ম সদস্য সচিব
সিরাজুল ইসলাম খান
জাহাঙ্গীর আলম জয়

**পাচঁ বরো কমিটি**

জ্যামাইকা
প্রধান সমন্বয়কারী: জে মোল্লা সানী
সমন্বয়কারী: আহসান হাবিব

ব্রঙ্কস
প্রধান সমন্বয়কারী: শেখ জামাল হোসাইন
সমন্বয়কারী: সাইদুর রহমান লিংকন
সিরাজ উদ্দিন সোহাগ

ম্যানহাটন
প্রধান সমন্বয়কারী: এম আজিজ হিরু
সমন্বয়কারী: মোঃ রিয়াজুল কাদির লস্কর লিটু

ব্রুকলিন
প্রধান সমন্বয়কারী: আনোয়ার হোসাইন
সমন্বয়কারী: রফিকুল ইসলাম

**সংস্কৃতি বিষয়ক উপ কমিটি**

প্রধান উপদেষ্টা - সবিতা দাস উপদেষ্টা: আলমগীর খান আলম, ফরিদা ইয়াছমিন, দীনেশ মজুমদার, আলপনা গুহ, অনীক রাজ, আবদুল আলীম
ম্যাগাজিন উপ কমিটি: আখতার হোসেন, মাসুদ সিরাজী
আপ্যায়ন বিষয়ক উপ কমিটি: ইফতেখার উজজ্জামান রতন, মানিক বাবু
আইন শৃঙ্খলা বিষয়ক উপ কমিটি: মোহাম্মদ আলম নমী, শফী উদ্দীন
প্রচারনা বিষয়ক উপ কমিটি: চৌধুরী নূরজাহান মনজুর

সার্বিক সহযোগিতায়: শামসুন নাহার শেখ, নাজমুল আলম শ্যামল, ডাঃ নার্গিস আহমেদ, বাবলী হক, মিয়া মোহাম্মদ দুলাল, শাহ মাহবুব, সাবরিনা শেখ, সিরাজুল ইসলাম খান, ফারুক হোসেন, শেখ সেলিম, আমজাদ হোসেন সেলিম, মাসুদ রানা, হুমায়ূন খান, মুসলিম মোল্লা, ফরিদা ইয়াসমিন

**শাহ শহীদুল হক (সাঈদ)**
সভাপতি
ওয়ার্ল্ড হিউম্যান রাইট্স ডেভলপমেন্ট ইউএসএ
ফোন: ৩৪৭-৪৭৬-৯৪২৪

**ইঞ্জিঃ আব্দুস সোবহান**
সাধারণ সম্পাদক
ওয়ার্ল্ড হিউম্যান রাইট্স ডেভলপমেন্ট ইউএসএ
ফোন: ৬৪৬-৩৭১-৩৬১৪

BANGLADESHI AMERICAN POLICE ASSOCIATION (BAPA) | BENGALI AMERICAN BOLDEST ASSOCIATION (BABA) | JAMAICA FRIENDSHIP SOCIETY | BRONX BUSINESS ASSOCIATION | NURUL AZIM 516-451-3748 Eastern Investment


GRAND SPONSORS
রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
NURUL AZIM
516-451-3748
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
rivertel
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
PRESENTS
POWERED BY
Aasha Home Care
CDPAP and Home Care Services
Aasha Social Adult Day Care
সাপ্তাহিক সাদাকালো
Weekly SadaKalo
FREE ENTRY
বৈশাখী মেলা ১৪৩১
নৃত্য পরিবেশন করবেন - Nrityanjali
মেলায় থাকছে আকর্ষণীয় রাফেল ড্র :
WORLD TRAVELS এর সৌজন্যে
ঢাকা – নিউইয়র্ক – ঢাকা এয়ার টিকেট এছাড়াও রয়েছে
বিভিন্ন আকর্ষণীয় পুরস্কার
মেলায় থাকছে বিভিন্ন শাড়ি কাপড় স্টল
জুয়েলারি স্টল ও দেশীয় খাবার স্টল
ORGANIZED BY
SHOWTIME MUSIC
SUNDAY 12TH MAY
AT 3 PM TO 10 PM
THE MARY LOUIS ACADEMY
176-21 WEXFORD TERRACE, JAMAICA, NY 11432
MEDIA PARTNERS
ঠিকানা
আজকাল
CHANNEL i
সাদাকালো
TIME Television
IBTV USA
নিউইয়র্ক সময়
NRBC TV
FOR STALL & MORE INFO 646 546 6038

# কান উৎসবের পর্দা উঠলো

## মেরিল স্ট্রিপ ও মেসির ফেরা : ছয় মিনিটের অভিবাদন নিয়ম ভাঙলেন এই নায়ক

আজকাল বিনোদন



ভূমধ্যসাগরের তীরে পর্দা উঠলো কান চলচ্চিত্র উৎসবের ৭৭তম আসরের। মঙ্গলবার স্থানীয় সময় সন্ধ্যা ৭টা ১৫ মিনিটে সম্মানিত অতিথি হিসেবে এই আয়োজন উদ্বোধন করেন তিনবার অস্কারজয়ী আমেরিকান অভিনেত্রী মেরিল স্ট্রিপ। অনুষ্ঠানে তাকে দেওয়া হয়েছে সম্মানসূচক স্বর্ণপাম।

ফরাসি কমেডিয়ান-অভিনেত্রী ক্যামিল কোতাঁনের সঞ্চালনায় উদ্বোধনী মঞ্চে হাজির হন মূল প্রতিযোগিতা বিভাগের বিচারকদের প্রধান 'বার্বি'র পরিচালক গ্রেটা গারউইগ। তার আগে একে একে এসেছেন বাকি ৮ বিচারক। তারা হলেন আমেরিকান অভিনেত্রী লিলি গ্ল্যাডস্টোন, ফরাসি অভিনেত্রী এভা গ্রিন, লেবানিজ পরিচালক ও চিত্রনাট্যকার নাদিন লাবাকি, তুর্কি চিত্রনাট্যকার ও আলোকচিত্রী এব্রু জেলান, জাপানিজ পরিচালক হিরোকাজু কোরি-এদা, ইতালিয়ান অভিনেতা পিয়ারফ্রান্সেসকো ফাভিনো, স্প্যানিশ পরিচালক ও চিত্রনাট্যকার হুয়ান আন্তোনিও বায়োনা, ফরাসি অভিনেতা-প্রযোজক ওমর সি।

তবে সবার চোখ ছিল মেরিল স্ট্রিপের দিকেই। উৎসবটিতে এ নিয়ে মাত্র দুইবার দেখা দিলেন তিনি। এর মাধ্যমে ৩৫ বছর পর কানসৈকতে ফেরা হলো তার। ১৯৮৯ সালে কানের ৪২তম আসরে 'এভিল অ্যাঞ্জেলস' চলচ্চিত্রের সুবাদে সেরা অভিনেত্রীর পুরস্কার জেতেন এই তারকা। এতে নিজের শিশুসন্তান হত্যার জন্য অভিযুক্ত মায়ের ভূমিকায় দেখা গেছে তাকে।



লালগালিচায় ক্রিস হেমসওয়ার্থ ও আনিয়া টেলর-জয়

উদ্বোধনী অনুষ্ঠানের আগে মঙ্গলবার দুপুরে ফটোকলে মাইকেল করস ব্র্যান্ডের সাদা ব্লেজার ও ট্রাউজার পরে হাজির হন মেরিল। বুধবার দুপুরে বিশেষ আড্ডায় নিজের বর্ণাঢ্য ক্যারিয়ারের অভিজ্ঞতা ভাগাভাগি করবেন ৭৪ বছর বয়সী এই অভিনেত্রী। লালগালিচায় অবশ্য মেরিল স্ট্রিপের পাশাপাশি আলোচিত হয়েছে মেসি! গত বছর কানে স্বর্ণপাম জয় করা 'অ্যানাটমি অব অ্যা ফল' ছবিতে কাজ করেছে এই কুকুর। এবার তাকে লালগালিচায় দেখা গেছে! ৭৬তম আসরেও দেখা গেছে তাকে। উদ্বোধনী অনুষ্ঠানের পর স্থানীয় সময় রাত ৮টা ১৫ মিনিটে গ্র্যান্ড থিয়েটার লুমিয়েরে ফ্রান্সের কোয়ান্তাঁ দ্যুপিয়ো পরিচালিত 'দ্য সেকেন্ড অ্যাক্ট' ছবির ওয়ার্ল্ড প্রিমিয়ার হয়েছে প্রতিযোগিতার বাইরে। এদিন ফ্রান্সের প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে ফরাসি ভাষার কমেডি ছবিটি। এতে অভিনয় করেছেন ফরাসি তিন তারকা লেয়া সেদ্যু, ভাসোঁ লান্দোঁ ও লুই গারেল। লালগালিচায় পরিচালকের সঙ্গে হাজির হয়েছেন তারা। এরপর ৪৯ পৃষ্ঠায়



# 'দেয়ালের দেশ' এবারের আসছে যুক্তরাষ্ট্র

আজকাল বিনোদন

ঈদুল ফিতরে মুক্তি পাওয়া প্রায় এক ডজন সিনেমার মধ্যে একটি 'দেয়ালের দেশ'। নির্মাণ করেছেন মিশুক মনি। এর মাধ্যমে নির্মাতা হিসেবে তার অভিষেক হয়েছে। ছবির মুখ্য চরিত্রে অভিনয় করেছেন শরিফুল রাজ ও শবনম বুবলী। ছবিটির ট্রেলার ও গান ভূয়সী প্রশংসা পেয়েছিল। কিন্তু মুক্তির পর সেভাবে আলো ছড়াতে পারেনি।

এরপরও দেশ ছাড়িয়ে ভিন দেশের পর্দায়ও হাজির হচ্ছে 'দেয়ালের দেশ'। কিছু দিন আগেই এটি অস্ট্রেলিয়া সফর সেরেছে। এবারের আসছে যুক্তরাষ্ট্র। আজ ১৭ মে বাইডেনের দেশে মুক্তি পাচ্ছে ছবিটি। একদিন আগে অর্থাৎ বৃহস্পতিবার হলের তালিকাসহ খবরটি দিয়েছেন অভিনেত্রী শবনম বুবলী। তিনি জানান, যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যের ১৫টি প্রেক্ষাগৃহে চলবে 'দেয়ালের দেশ'। বুবলী বলেছেন, "আমাদের সিনেমাটি এখন সীমানা ছাড়িয়ে আমেরিকায়। অস্ট্রেলিয়ার পর এবার আমেরিকায় রিলিজ হচ্ছে 'দেয়ালের দেশ'। এরপর কানাডা ও ইউরোপের বিভিন্ন দেশে মুক্তি পাবে। অর্গানিক ভালোবাসার ওজন জমতে থাকুক বুক পকেটে।"

ছবিটির নির্মাতা মিশুক মনিও একই বার্তা দিয়েছেন সোশ্যাল হ্যান্ডেলে। লিখেছেন, "১৭ মে থেকে আমেরিকার বিভিন্ন শহরে খুশবু ছড়াবে খামখেয়ালি এক প্রেমিকের ভালোবাসার নৈবেদ্য 'দেয়ালের দেশ'।"

বৈশাখ ও নহর নামের দুই যুবক-যুবতীর ব্যতিক্রম রসায়ন উঠে এসেছে 'দেয়ালের দেশ'-এ। এতিমখানায় মানুষ হওয়া বৈশাখ (শরিফুল রাজ) চালচুলোহীন, খামখেয়ালি। বাসে বাসে লিফলেট বিলি করা মেয়ে নহরকে (বুবলী) তার ভালো লাগে। এরপর ক্রমশ তাদের প্রেম হয়। কিন্তু স্বভাব বদলায় না বৈশাখের। জুয়া, এরপর ৪৯ পৃষ্ঠায়



# আমি চাচ্ছিলাম না, দৃশ্যটা শেষ হোক : মেরিল স্ট্রিপ

আজকাল বিনোদন

তার প্রজন্মের সেরা অভিনেত্রী হিসেবে বিবেচিত হন মেরিল স্ট্রিপ। ২১ বার অস্কারে মনোনয়ন পাওয়ার রেকর্ড তার দখলে; জিতেছেনও তিনবার। এছাড়া সিনে দুনিয়ার প্রায় সব মর্যাদাপূর্ণ অর্জন নিজের করে নিয়েছেন স্ট্রিপ। এবার তার মুকুটে যুক্ত হলো নতুন পালক, সম্মানসূচক স্বর্ণপাম। ১৪ মে শুরু হওয়া ৭৭তম কান চলচ্চিত্র উৎসবে মেরিল স্ট্রিপকে সম্মানসূচক স্বর্ণপাম দেওয়া হয়েছে। উৎসবের উদ্বোধনও করেছেন তিনি। সেই সুবাদেই প্রাণখোলা আড্ডায় বসেন নন্দিত এই তারকা। যেখানে উঠে আসে তার অভিনীত বিখ্যাত সব সিনেমার গল্প। এক পর্যায়ে ১৯৮৫ সালে মুক্তি পাওয়া 'আউট অব আফ্রিকা' ছবির প্রসঙ্গ ওঠে। এই ছবির একটি দৃশ্যে দেখা যায়, মেরিল স্ট্রিপকে মাথায় শ্যাম্পু করিয়ে দিচ্ছেন নায়ক রবার্ট রেডফোর্ড। প্রেমময় সেই দৃশ্যকে সবচেয়ে প্রিয় বলে জানালেন অভিনেত্রী। তিনি বলেন, 'এটা এক দিক দিয়ে যৌনতার দৃশ্য। কারণ দৃশ্যটা খুব অন্তরঙ্গ। আমরা সিনেমায় যৌনতার অনেক দৃশ্যই দেখি, কিন্তু এরকম ভালোবাসা, স্পর্শ, যত্ন সেভাবে দেখা যায় না। এটা অসাধারণ ছিল। আমি চাচ্ছিলাম না, দৃশ্যটা শেষ হোক।' মেরিল স্ট্রিপ জানান, সে দিনের শুটিংয়ে ওই মুহূর্তটি সবচেয়ে ভালো লেগেছিল তার। এটি ধারণ করতে পাঁচটি টেক দিয়েছিলেন তারা। শুটিং হয়েছিল কেনিয়ায়।

অন্তরঙ্গ এই দৃশ্যটি 'ভয়ংকর'ও ছিল বটে! মেরিল জানান, আফ্রিকায় যে প্রাণীর আক্রমনে সবচেয়ে বেশি মানুষ মারা যায়, সেটা হলো জলহস্তী। তার ভাষ্য, 'আপনি যদি জল ও জলহস্তীর মাঝে পড়েন, তাহলে তারা আপনাকে আক্রমণ করবে। আমরা নদীতে শুটিং করছিলাম, আর জলহস্তীগুলো ঠিক তার ওপরেই ছিল। তাদেরকে ছবিতে দেখা এরপর ৪৯ পৃষ্ঠায়

# রবীন্দ্রনাথের ছোটগল্প থেকে মেগা সিরিয়াল

আজকাল বিনোদন



বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কালজয়ী ছোটগল্প 'দেনা পাওনা'। সেটা অবলম্বনে নির্মিত হয়েছে একটি মেগা সিরিয়াল। পরিচালনা করেছেন গোলাম মুক্তাদির। আহমেদ খান হীরক ও আফিফা মোহসিনা অরণির যৌথ চিত্রনাট্যে নির্মিত হয়েছে ধারাবাহিকটি। এর সংলাপ রচনা করেছেন অলভী সরকার।

উচ্চশিক্ষিত টগবগে তরুণ ইরফান। অন্যদিকে, শিক্ষিত, মার্জিত, ঝলমলে তরুণী পারমিতা। দুজনেই চায়, তাদের নিখাদ প্রেম, আনুষ্ঠানিক পরিণতি পাক। বিয়ে করে আজীবন একসাথে থাকার স্বপ্ন দেখে তারা। কিন্তু, দুই পরিবারের আর্থসামাজিক দুরত্ব অনেক। এই বিভেদ, ইরফান-পারমিতার স্বপ্নের সামনে বাধা হয়ে দাঁড়ায়। এসব বাধা ডিঙিয়ে, ইরফান কি পারবে যোগ্য নারীকে যথার্থ মর্যাদা দিতে? পরিবার, প্রেম, আত্মসম্মান, এই সবকিছুর মোকাবেলা করতে গিয়ে, কোন লড়াইয়ে নামতে হয় পারমিতাকে? আধুনিক সময়ে, কোন ছদ্মরূপে, বারবার ফিরে আসে যৌতুকপ্রথা?

এসব প্রশ্নের উত্তর মিলবে নাটকে। আগামী শনিবার (১৮ মে) থেকে এর প্রচার শুরু হচ্ছে দীপ্ত টিভিতে। প্রতি দিন সন্ধ্যা ৭টা ও রাত ১০টায় প্রচার হবে নাটকটির পর্ব। সেই সঙ্গে চ্যানেলটির ইউটিউব এবং ওটিটি প্ল্যাটফর্ম দীপ্ত প্লে-তে দেখা যাবে এটি।

ধারাবাহিকটির পরিচালক গোলাম মুক্তাদির বলেন, "দীপ্ত টেলিভিশন সব সময় মানসম্পন্ন নাটক নির্মাণ করে আসছে। 'দেনা পাওনা'তেও আমরা সেই মানকে অক্ষুণ্ণ রেখে দর্শককে ভালো একটি গল্প বলতে চাই। আশা করি ধারাবাহিকটি দর্শকপ্রিয় হবে।"

নাটকের বিভিন্ন চরিত্রে থাকছেন তানভীন সুইটি, মনির খান শিমুল, নাজনীন হাসান চুমকি, শাহাদাত হোসেন, মনির আহমেদ শাকিলের মতো জনপ্রিয় অভিনয়শিল্পীরা। এছাড়া একঝাঁক তরুণকেও পাওয়া যাবে এতে। এর মধ্যে তনুশ্রী কারকুন (পারমিতা), তনয় বিশ্বাস (ইরফান), কাজী কানিজ (রিয়া), শাওন দাস, প্রিয়ন্ত বড়ুয়া, তিশা চৌধুরী, প্রিয়ন্ত বড়ুয়া, মেহেদী হাসান, নাফিয়াত প্রমি, সাজ্জাদ হোসেন প্রমুখ উল্লেখযোগ্য।

ATAAB

# AMERICAN TRAVEL AGENT ASSOCIATION of Bangladesh Inc. (ATAAB)

## আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ ইন্‌ক (আটাব)

### আপনার বিশ্বস্ততার প্রতীক আটাব

এয়ার লাইন্সের টিকেটের জন্য ঝামেলা এড়াতে আটাব অনুমোদিত নির্ভরযোগ্য প্রতিষ্ঠান সমূহ হতে টিকেট সংগ্রহ করুন।

| | | | | |
|---|---|---|---|---|
| **Rahmania Travel**<br>Mohammed K. Rahman<br>Ph: 718-205-3270 | **Karnafully Travel**<br>Mohammad Salim (Haroon)<br>Ph: 718-205-6050 | **Meghna Travel**<br>Mohammad M. Rahman<br>Ph: 718-930-1494 | **World Tours and Travel**<br>Md. Shamsuddin (Bashir)<br>Ph: 347-445-0443 | **Skyland Travel**<br>Masud Morshed<br>Ph: 718-779-0011 |
| **Safwan Travel**<br>Mohammed Abdul Khaleque<br>Ph: 718-300-7429 | **Bangladesh Travel**<br>Jafor Ferdous<br>Ph: 718-930-0688 | **Nabila Air Travel**<br>Mohammed Azad Kalam<br>Ph: 917-478-6131 | **Express Air Travel**<br>Mohammad K. Zaman (Ranju)<br>Ph: 646-420-6472 | **Digital Travel Astoria**<br>Nazurl Islam<br>Ph: 718-721-2012 |
| **Fly Hit Travel**<br>Tahmina Begum<br>Ph: 917-753-7500 | **Universal Travel**<br>KM Rezwan<br>Ph: 347-837-5996 | **Rashid Travels LLC**<br>Md. Harunur Rashid<br>Ph: 718-314-3927 | **Asis Travel & Multi Services**<br>Mohammad G. Ripon<br>Ph: 347-835-5383 | **Jumbo Travel Inc.**<br>Ali Ahmed Chowdhury<br>Ph: 917-478-7131 |
| **Nazma Travel & Tours Inc.**<br>Rokeya Begum (Nazma)<br>Ph: 917-574-0921 | **Belal Travel SVC Inc.**<br>Rupak Barua<br>Ph: 347-365-8934 | **SS Travel**<br>Shamol Talukder<br>Ph: 646-727-7772 | **Samia Travel**<br>Kazi Sohidul Islam<br>Ph: 718-290-0265 | **Arafa Travel**<br>Mohammad M. Islam<br>Ph: 917-446-5188 |
| **Global Tours & Travels**<br>Mohammd N. Uddin<br>Ph: 718-406-9745 | **Hi Line Travel & Tours Inc.**<br>S.K. Sharma<br>Ph: 917-285-4804 | **Macca Travel**<br>Mohd Taslim Uddin<br>Ph: 347-749-9536 | **Blue Sky Travel Inc.**<br>Salahuddin Sharif<br>Ph: 347-484-5029 | **Peace Travel & Tours**<br>Muhammad Mahbubur Rahman<br>Ph: 347-288-7042 |
| **SA Travel Agency LLC.**<br>Ali Akbar (Bappi)<br>Ph: 203-918-8005 | **Easy Way Travel**<br>Mohammad Riaz Morshed<br>Ph: 347-507-1209 | **Tripway Travel**<br>Zakeer Hossain Bacchu<br>Ph: 929-250-6780 | **Anchor Travels**<br>ASM Maiyen Uddin (Pintu)<br>Ph: 929-570-6231 | **JAT Travel Corp.**<br>Mashud Rana Topan<br>Ph: 347-345-8057 |
| | **Jannat Travels**<br>Md. Farhad Uddin<br>Ph: 646-363-5921 | **Bangla Travel**<br>M B Hossain (Belal)<br>Ph: 917-393-4140 | **Contra Link Express Travel**<br>KM Sabbir Hossain<br>Ph: 929-435-8590 | |

# ZAM ZAM TRAVEL US

## জম জম ট্রাভেল ইউএস

# GRAND Opening

Friday March 8th 2024 At : 4:30 pm

**Bangladesh Plaza**
37-15, 73 Street, 2nd Floor, Suite: 207
Jackson Heights, NY 11372

(718) 395-9697

zamzamtravelus@gmail.com  www.zamzamtravelus.com

# ফেনী সমিতির নতুন কমিটি গঠন





৬২ পৃষ্ঠার পর

সেন্টু ও গোলাম মাওলা চৌধুরী। ফেনী সমিতির সভাপতি আব্দুর রব চৌধুরীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক নাসির উদ্দিনের পরিচালনায় দুই পর্বের সাধারণ সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, ফেনী সমতির সাবেক সভাপতি জসীম ভুইয়া, বর্তমান কমিটির সিনিয়র সহ-সভাপতি গোলাম মাওলা চৌধুরী। সাধারণ সভায় বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী রফিকুল ইসলাম পাটোয়ারি, বিশিষ্ট ব্যবসায়ী নূরুল আফছার সেন্টু, শহীদ উল্যাহ কাইছার, শামীম মাহমুদ, জাহাঙ্গীর আলম প্রমুখ। সভায় বক্তারা তাদের দেশে এবং প্রবাসে সেবামূলক কিছু কাজ করার জন্য উদাত্ত আহ্বান জানান। সেই সঙ্গে তারা আরো বলেন, বর্তমানে নিউইয়র্কে ফেনীর অনেক মানুষ রয়েছেন। তাদের সংগঠিত করে এই সংগঠনকে এগিয়ে নিয়ে যেতে হবে। নবনির্বাচিত সভাপতি রফিকুল ইসলাম পাটোয়ারি সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, এবার আমরা এক হাজার লোকের উপস্থিতিতে অভিষেক অনুষ্ঠান করা হবে। সেই সঙ্গে বড় আকারে বনভোজনের আয়োজন করা হবে। তিনি ঘোষণা করেন,এবার বৃহত্তর নোয়াখালী সোসাইটির কবরের প্রজেক্ট থেকে ১০০ কবর ক্রয় করা হবে।

# মুখোমুখি বিতর্কে বাইডেনকে দেখে নেয়ার হুমকি দিলেন ট্রাম্প

৩ পৃষ্ঠার পর

প্রাথমিকভাবে অনুমান, দেশের অস্থিতিশীল অর্থনীতির জন্য বাইডেনকেই দায়ী করেছেন যুক্তরাষ্ট্রের মানুষ। সমীক্ষার রিপোর্টে আরও বলা হয়, প্রেসিডেন্ট হিসাবে ট্রাম্পের কার্যকলাপ নিয়ে ক্ষোভ রয়েছে আমজনতার মনে। তা সত্ত্বেও ট্রাম্পকেই পরবর্তী প্রেসিডেন্ট হিসাবে দেখতে চাইছে আমেরিকা। অনেকেই মনে করছেন, শারীরিকভাবে ফিট নন বলেই বাইডেনের প্রেসিডেন্ট হওয়া উচিত নয়।

# বাংলাদেশ সোসাইটির সদস্য সংগ্রহ অভিযান শুরু



৩ পৃষ্ঠার পর

৮টা পর্যন্ত। সংগঠনের সহ-সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম ও কোষাধ্যক্ষ নওশাদ হোসেন জানিয়েছেন, গত দুইদিনে প্রায় অর্ধশতাধিক মানুষ সদস্য ফরম পূরণ করেছেন। তবে দিনে দিনে সংসদ্য হওয়ার সংখ্যা বাড়তে থাকবে বলে তারা দুইজন মত প্রকাশ করেন।

সদস্য সংগ্রহ অভিযানের প্রথম দুইদিনে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি মোহাম্মদ আব্দুর রব মিয়া, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এবং সাবেক সভাপতি এম আজিজ, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য ওয়াসি চৌধুরী, বাংলাদেশ সোসাইটির সহ-সভাপতি ফারুক চৌধুরী, সহ-সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম চৌধুরী, কোষাধ্যক্ষ নওশাদ হোসেন, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম ভূইয়া, প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, কার্যকরি সদস্য সাদী মিন্টু, আকতার হামিদ। বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া জানান, আগামী অক্টোবর মাসে বাংলাদেশ সোসাইটির নির্বাচন এবং ৩০ জনের মধ্যে সদস্য নিবন্ধনের শেষ সময়। যে কারণে আমরা প্রবাসী বাংলাদেশি বসবাসকারী এলাকাগুলোতে সদস্য সংগ্রহ অভিযান শুরু করেছি। মূলত প্রচারের জন্যই এই সদস্য সংগ্রের কর্মসূচী গ্রহন করা হয়েছে। গতবার নির্বাচনের আগে সোসাইটির ভোটারের সংখ্যা ছিল ২৭ হাজারের বেশী। বাংলাদেশ সোসাইটির গঠনতন্ত্র অনুযায়ী আগামী অক্টোবর মাসে নির্বাচন। সেই নির্বাচনকে সামনে রেখে বাংলাদেশ সোসাইটির কার্যকরি কমিটির সভায় অ্যাডভোকেট জামাল আহমেদ জনিকে নির্বাচন কমিশনের চেয়ারম্যান করে পাঁচ সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়েছে।






# পেটের ডানপাশে ব্যথা মানেই অ্যাপেন্ডিসাইটিস নয়

১৮ পৃষ্ঠার পর

কিংবা শারীরিক দুর্বলতা না থাকে, তাহলে অনেক ক্ষেত্রে ওষুধের মাধ্যমেও অ্যাপেন্ডিসাইটিস নিরাময় সম্ভব হয়। কিন্তু অ্যাপেন্ডিসাইটিসের ক্ষেত্রে যেহেতু যথাসময়ে অপারেশন না করলে, অ্যাপেন্ডিকুলার এবসেস ও অ্যাপেন্ডিকুলার লাম্প হতে পারে কিংবা ব্রাস্ট অ্যাপেন্ডিক্স হতে পারে, সেজন্য আমরা যদি রোগীকে দেখে, বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা করে অ্যাপেন্ডিসাইটিস নির্ণয় করতে পারি, তাহলে দ্রুত তাকে অপারেশনের সিদ্ধান্ত দিতে পারি।

কেননা অপারেশন না করলে নানাবিধ জটিলতা দেখা দিতে পারে। কিন্তু কারও যদি বিশেষ পরিস্থিতি থাকে, যেমন কারও আগামীকাল পরীক্ষা, তাহলে তো আজকে অপারেশন করলে পরীক্ষা দিতে পারবে না। দেখা গেল কেউ বিদেশে চাকরিতে যাবে, আজকে তার ফ্লাইট, অথচ তার অ্যাপেন্ডিসাইটিস। সেক্ষেত্রে আমরা ওষুধ দিয়ে চেষ্টা করতে পারি। রোগীকে এটাও বলতে হবে, ওষুধে যদি আপনার কোনো কাজ না হয়, সেক্ষেত্রে অতিদ্রুত হাসপাতালে ভর্তি হতে হবে এবং যত দ্রুত সম্ভব একে অপারেশনের মাধ্যমে কেটে ফেলতে হবে। অনেক ক্ষেত্রেই দেখা যায়, তলপেটে ব্যথা হলে আমরা এটিকে অ্যাপেন্ডিসাইটিস বলে থাকি। তলপেটে ব্যথা মানেই কিন্তু অ্যাপেন্ডিসাইটিস নয়।

অ্যাপেন্ডিক্সের অপারেশন অত্যন্ত সহজভাবে আমরা করতে পারি, ল্যাপরোস্কপি করে করা যায়, সেক্ষেত্রে কয়েকটি ছিদ্র করে আমরা করতে পারি। এতে করে সুবিধা হচ্ছে, তার অ্যাপেন্ডিসাইটিস কি-না, না অন্য কোনো রোগ সেটা আমরা ল্যাপরোস্কপির মাধ্যমে শতভাগ নিশ্চিতও হতে পারি। কাজেই কারও অ্যাপেনডিক্স হলে ল্যাপরোস্কপির মাধ্যমে এর চিকিৎসা সম্ভব। এতে ভয়ের কিছু নেই।

অ্যাপেন্ডিসাইটিস হলো রোগীর ইতিহাসে ডায়াগনোসিস এবং ক্লিনিক্যাল এক্সামিনিশনের পরে আমরা আলট্রাসনোগ্রাফি করে শুধু এক্সক্লুড্ করে থাকি, তার অন্য কোনো রোগ আছে কি-না। কারণ আল্ট্রাসাউন্ডের মাধ্যমে অ্যাপেন্ডিসাইটিসটি বোঝা না গেলেও মূত্রনালিতে পাথর আছে কি-না, তার ওভারিতে সমস্যা আছে কি-না, সেটি কিন্তু খুব ভালোভাবেই বোঝা যায়। যদি তাতেও বোঝা না যায়, তাহলে অনেক সময় আমরা সিটিস্ক্যানও করে থাকি। কাজেই অ্যাপেন্ডিসাইটিস নির্ণয় করতে হলে, কখনো কখনো বিভিন্ন পরীক্ষার সহায়তা নিতে হবে, যদি পরীক্ষার ফ্যাসিলিটি না থাকে, তাহলে ক্লিনিক্যাল ডায়াগনোসিস করে, কিছু কিছু পরীক্ষা যেটা সহজলভ্য, যেমন-রক্তের সিবিসি করে, আলট্রাসনোগ্রাফি অফ হোল অ্যাবডোমেন করে এবং প্লেন এক্সরে কেউবি করে এটা নির্ণয় করে থাকি। যথাসময়ে, সঠিক সময়ে এটা অপারেশন করে ফেললে, এর জটিলতাকে এড়ানো যায় এবং এ থেকে দ্রুততম সময়ে রোগীরা সুস্থ হতে পারে।

**লেখক : জেনারেল ও কোলেরেকটাল সার্জন, সহযোগী অধ্যাপক, ঢাকা মেডিকেল কলেজ।**

# শান্তি প্রতিষ্ঠায় বিশ্বনবী মুহাম্মদ (সা.)

২১ পৃষ্ঠার পর

মানব জাতিকে এক মহাদৌলতে ভূষিত করেন। মহানবী (সা.) সেই সুমহান আদর্শের ধারকবাহক হয়ে প্রথমেই ব্যক্তি গঠনে মনোনিবেশ করেন। কারণ, একটি শান্তিপূর্ণ আদর্শ সমাজ ও রাষ্ট্রের মূলভিত্তি হলো আদর্শ মানুষ। আদর্শ মানুষ না থাকলে কখনও সমাজে শান্তি প্রতিষ্ঠা সম্ভব নয়। তাই মক্কি জীবনের ১৩ বছর নবীজি (সা.) ব্যক্তি ও পরিবার গঠনে সবচেয়ে বেশি মনোযোগ দেন।

সর্বপ্রথম তিনি মানুষকে মানুষের গোলামি থেকে বের করে এক আল্লাহর আনুগত্যে অভ্যস্ত করেন। মানুষে মানুষে ভেদাভেদ মুছে দেন। মানুষের মন থেকে জাহেলি সমাজের নানা কুসংস্কার ও অনাচার দূর করে ইসলামের সুমহান আদর্শের বীজবপন করেন। এভাবে তিলে তিলে তিনি অন্ধকার পৃথিবীকে নতুন রূপে আলোকিত পৃথিবী হিসেবে গড়ে তোলার জন্য একদল আদর্শ মানুষ গড়ে তোলেন, যাদের নিয়ে তিনি পরবর্তীকালে একটি আদর্শ রাষ্ট্র গড়ে তুলেছিলেন। মক্কি জীবনে তিনি যে বিশ্ব শান্তি প্রতিষ্ঠার ভিত্তিমূলক কাজে আত্মনিয়োগ করেছিলেন তা জাফর বিন আবু তালেব (রা.) এর ভাষণ থেকে স্পষ্টতই বুঝে আসে। তিনি আবিসিনিয়ার শাসক নাজাশির সামনে নবীজির দাওয়াতি কার্যক্রমের যে বিবরণ তুলে ধরেছিলেন তা সংক্ষেপে নবীজির সংস্কার কাজের অসাধারণ বিবরণ ছিল। তার বক্তব্যের কিছু অংশ ছিল এমন-

'হে বাদশাহ, আমরা মূর্খ ছিলাম। মূর্তি পূজা করতাম। মৃত প্রাণী ভক্ষণ করতাম। অশ্লীলতায় লিপ্ত ছিলাম। আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করতাম। প্রতিবেশীর সঙ্গে খারাপ আচরণ করতাম। আমাদের সবলরা দুর্বলদের ওপর অত্যাচার করত। এমতাবস্থায়, আমাদের কাছে আল্লাহ পাক একজন রাসুল পাঠালেন। আমরা তার বংশ পরিচয়, সততা, আমনদারি ও উঁচু ব্যক্তিত্ব সম্পর্কে অবগত ছিলাম। তিনি আমাদের দাওয়াত দিলেন, আমরা যেন এক আল্লাহতে বিশ্বাস স্থাপন করি এবং তার ইবাদত করি। আমরা এবং আমাদের বাপ-দাদারা যেসব মূর্তি ও পাথরের পূজা করতাম তা যেন ছেড়ে দিই। তিনি আমাদের আদেশ দিলেন, 'যেন আমরা সত্য কথা বলি, আমানত রক্ষা করি, আত্মীয়তার সম্পর্ক বজায় রাখি, প্রতিবেশীর সঙ্গে ভালো আচরণ করি, রক্তপাত ও আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করা থেকে বিরত থাকি। তিনি আমাদের নিষেধ করলেন, অশ্লীলতা থেকে, মিথ্যা থেকে, মৃতপ্রাণী ভক্ষণ করা থেকে, সতী নারীর ওপর অপবাদ আরোপ করা থেকে।' (মুসনাদে আহমাদ : ১৭৪০)। মহানবী (সা.) অশান্ত পৃথিবীতে এসে শান্তির পৃথিবীর ভিত গড়েছিলেন, তা আমরা ওপরের বর্ণনা থেকে বুঝতে পারি।

**মদিনায় শান্তি প্রচেষ্টা ও মদিনা সনদ :** পৃথিবীতে পরিপূর্ণ শান্তি প্রতিষ্ঠার জন্য আদর্শ রাষ্ট্র প্রতিষ্ঠার বিকল্প নেই। তাই তিনি মদিনায় একটি আদর্শ ইসলামি রাষ্ট্রের ভিত্তি স্থাপন করেন। আর এই রাষ্ট্র প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ ছিল রাষ্ট্রের অধিবাসীদের জানমাল ও ইজ্জত আবরুর নিরাপত্তা বিধান করা। তাই তিনি মদিনার সব গোত্র ও ধর্মের লোকদের সমন্বয়ে একটি শান্তিচুক্তি স্বাক্ষর করেন, যা ইতিহাসে মদিনা-সনদ হিসেবে পরিচিত। পৃথিবীর ইতিহাসে এটি ছিল প্রথম লিখিত ও কার্যকর সংবিধান। রাষ্ট্রীয়ভাবে শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে এটি ছিল প্রথম ও অনন্য দৃষ্টান্ত। মদিনাকেন্দ্রীক নতুন রাষ্ট্র কীভাবে পরিচালিত হবে তা বিস্তারিতভাবে ৫৩টি ধারায় বিবৃত হয়েছে এই সংবিধানে। মদিনার ঐতিহাসিক দুই গোত্র আওস ও খাজরাজদের মাঝে প্রায় ১২০ বছর ধরে চলমান যুদ্ধের অবসান ঘটেছিল মহানবী (সা.)-এর হাত ধরে। যুগ যুগ ধরে চলতে থাকা এ যুদ্ধের অবসান ঘটা ছিল এক ঐতিহাসিক যুগান্তকারী ঘটনা এবং তৎকালীন আরবে শান্তি প্রতিষ্ঠার অনন্য নজির।

**হুদাইবিয়ার শান্তিচুক্তি :** পৃথিবীর ইতিহাসে শান্তি চুক্তির অনন্য দৃষ্টান্ত হিসেবে জ্বলজ্বল করছে ঐতিহাসিক হুদাইবিয়ার সন্ধি। ১০ বছরের জন্য কুরাইশদের সঙ্গে যে যুদ্ধ বন্ধের চুক্তি নবীজি স্বাক্ষর করেছিলেন, তা তখনকার আরব সমাজে এক ধরনের অসম্ভব ব্যাপার ছিল। কারণ এ চুক্তির ধারাগুলো বাহ্যিকভাবে মুসলমানদের জন্য এতটাই অসম ও অপমানজনক ছিল, কোনো সাহাবিই এ চুক্তিতে রাজি হতে চাননি। এমনকি ওমর (রা.) এক পর্যায়ে বলে উঠেছিলেন, 'ইয়া রাসুলাল্লাহ, আমরা কি সত্যের ওপর নেই? এবং আমাদের শত্রুরা কি মিথ্যার ওপর নয়? তাহলে কেন আমরা দ্বীনের ক্ষেত্রে এ অপমান সহ্য করব?' *(বোখারি : ২৭৩১)*। কিন্তু আল্লাহ ও তার রাসুলের আদেশ হিসেবে পরে সবাই এ চুক্তি মেনে নিয়েছিলেন। মহান আল্লাহপাক এ চুক্তিকে সুস্পষ্ট বিজয় আখ্যা দিয়েছেন। আল্লাহ বলেন, 'নিশ্চয়ই আমি আপনাকে সুস্পষ্ট বিজয় দান করেছি।' *(সুরা ফাতহ : ১)*। হুদাইবিয়ার সন্ধিতে আরবের গোত্রীয় অহং, মানুষের স্বভাবজাত ক্রোধ, মানব মনের আকাঙ্ক্ষা সবকিছুকে একমাত্র আল্লাহর আদেশে বিসর্জন দেয়ার নজির স্থাপিত হয়েছে। ইসলাম যে কোনোভাবেই রক্তপাত ও প্রভাব-প্রতিপত্তি প্রতিষ্ঠা করতে চায় না, বরং শুধু সত্য প্রতিষ্ঠা এবং সবাই মিলে সত্যকে আঁকড়ে ধরে সমাজে শান্তি প্রতিষ্ঠা করতে চায়, তা পূর্ণ মাত্রায় প্রকাশিত হয়েছে হুদায়বিয়ার সন্ধিতে।

**মক্কা বিজয় ও রক্তপাতহীন যুদ্ধ :** মক্কা বিজয় ছিল পৃথিবীর ইতিহাসে শান্তির জন্য সর্বোচ্চ ত্যাগের অনন্য দৃষ্টান্ত। যে মক্কাবাসী দীর্ঘ ১৩টি বছর নিরবচ্ছিন্নভাবে নবীজি ও সাহাবিদের ওপর বর্বরোচিত অত্যাচার চালিয়েছে, মদিনায় হিজরতের পরও ৮ বছর পর্যন্ত ইসলামকে মিটিয়ে দেয়ার জন্য যুদ্ধের পর যুদ্ধে লিপ্ত হয়েছে। জীবনের সর্বোচ্চ শক্তি দিয়ে যারা ইসলামকে মিটিয়ে দিতে চেয়েছে, সেই তাদের ওপরই যখন নবীজির কর্তৃত্ব প্রতিষ্ঠা হলো, তখন তিনি যে ঐতিহাসিক ঘোষণা দিয়েছিলেন তা শুধু 'রাহমাতুল্লিল আলামিনে'র পক্ষেই সম্ভব। তিনি ঘোষণা করলেন, 'আজ তোমাদের ওপর আমার কোনো আক্রোশ নেই। তোমরা সবাই স্বাধীন।' অথচ এই মানুষগুলোই তার চাচাকে হত্যা করেছে, তার প্রাণাধিক প্রিয় শত শত সাহাবিকে হত্যা করেছে। এর চেয়ে বড় শান্তির নজির আর কী হতে পারে?

তবে এ ক্ষেত্রে মনে রাখতে হবে, নবীজি কখনও শান্তি প্রতিষ্ঠা করতে গিয়ে মিথ্যার সঙ্গে আপস করেননি। শান্তির নামে মিথ্যাকে মেনে নেয়া বা অন্যায়ের সঙ্গে আপস করা কোনোভাবেই শান্তি প্রচেষ্টা হতে পারে না, বরং এটা আরও অশান্তির দ্বার উন্মোচন করে দেয়ার নামান্তর। আমরা নবীজির জীবনী গভীরভাবে পাঠ করলে এই সত্য সুস্পষ্টভাবেই উপলব্ধি করতে পারব। নবীজি সত্য প্রতিষ্ঠায় ছিলেন সুদৃঢ় পাহাড়ের মতো। তিনি আদর্শিক প্রশ্নে কখনও কাউকে ছাড় দিতেন না। ব্যক্তিগত স্বার্থের ক্ষেত্রে তিনি সর্বোচ্চ ছাড়ের নজির স্থাপন করেছেন। সত্য প্রতিষ্ঠাই মূলত পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠা করতে পারে। মিথ্যা ও অন্যায়ের সঙ্গে আপস কখনও সমাজে শান্তির বার্তা বয়ে আনতে পারে না।

**শান্তি প্রতিষ্ঠায় নবীজির চিরন্তন বাণী :** শতাব্দীর পর শতাব্দী ধরে নবীজির অসংখ্য বাণী পৃথিবীকে শান্তির পথ দেখিয়ে যাচ্ছে। নবীজির রেখে যাওয়া দৃষ্টান্ত ও কথামালা যুগে যুগে হাজারো দ্বন্দ্বের অবসান ঘটিয়েছে। তিনি বলেছেন, কোনো অনারবের ওপর আরবের শ্রেষ্ঠত্ব নেই, আরবের ওপর অনারবের শ্রেষ্ঠত্ব নেই, কৃষ্ণাঙ্গের ওপর শ্বেতাঙ্গের কোনো শ্রেষ্ঠত্ব নেই। (মুসনাদে আহমদ : ২৩৪৮৯)। এভাবে তিনি পৃথিবীর সব গোত্রীয় ও জাতিগত দ্বন্দ্বের অবসান ঘটিয়েছেন। পারিবারিক শান্তি প্রতিষ্ঠায় নবীজিই ছিলেন সর্বোচ্চ অনুসরণীয় ব্যক্তিত্ব। তিনি বলেছেন, 'তোমাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি সে, যে তার পরিবারের কাছে উত্তম *(তিরমিজি : ৩৮৯৫)*।

সামাজিক শান্তি-শৃঙ্খলা বিধানের ক্ষেত্রেও তার অমেয় বাণী প্রতি মুহূর্তে আমাদের আলোকবর্তিকা হয়ে কাজ করছে। তিনি বলেছেন, 'প্রকৃত মুসলিম তো সে ব্যক্তি, যার হাত ও মুখ থেকে অন্য মুসলমান নিরাপদ থাকে।' *(বোখারি : ১০)*। তিনি আরও বলেন, 'যে পরিতৃপ্ত হয়ে আহার করে অথচ তার প্রতিবেশী না খেয়ে থাকে, সে মোমিন হতে পারে না। *(আল মুসতাদরাক : ২১৬৬)*। মহানবী (সা.) তার জীবন দিয়ে সত্য ও শান্তি প্রতিষ্ঠার অনন্য দৃষ্টান্ত স্থাপন করে গেছেন। তার জীবনচরিত ও অসংখ্য বাণী কেয়ামত পর্যন্ত মানুষকে শান্তি প্রতিষ্ঠার সঠিক পথ দেখাবে।




# ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

## জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



**স্থান পরিবর্তন**

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**

# USR BROKERAGE CORP.

USR BROKERAGE

আমরা সব ধরনের ইন্সুরেন্স করে থাকি

★HOME ★BUSINESS ★AUTO ★WORKERS' COMPENSATION

**MULTI-CARRIER ACCESS:
ALLOWS US TO COMPARE PRICES
FROM MULTIPLE CARRIERS.**



## MD ABDUR ROUF

**President**

Electrical and Computer Engineer NYIT, NY
Cybersecurity and Cyber Insurance Specialist
Licensed Property and Causality Insurance Broker

**+1 (646) 270 4861, +1 (631) 565 4334**

usrbrokerage.com | a.rouf@usrbrokerage.com, info@usrbrokerage.com
37- 21 72 Street, Suit # 2, Jackson Heights, New York 11372

# FAMOUS TRAVEL & TOURS



বাংলাদেশ এবং বিশ্বের বিভিন্ন দেশে ভ্রমণের জন্য আপনার বিশ্বস্ত ট্রাভেল এজেন্সি। আমরা কুয়েত, কাতার, এমিরেটসসহ সকল এয়ারলাইন্স - এর টিকেট সুলভ মূল্যে বিক্রয় করি।

## আমাদের প্রতিশ্রুতিঃ

★ ১০০% নিরাপদ
ভ্রমনের নিশ্চয়তা

আপনার ১০০% বিশ্বস্ত ট্রাভেল এজেন্সি

**72-28 Broadway, 2nd Floor
(Subway ও Wendys এর পাশে)
Jackson Heights, NY 11372
347 242 2756, 347 242 3157**

স্থান পরিবর্তন / New Address




# SM PRINTING

**Diversity Plaza: 73-21 37th Road**
**929 328 9192** Jackson Heights, NY 11372



**Banner - Sign - Sticker**



COLOR PHOTO COPY

Magazine, Poster, Flyer, Menu, Invoice, Logo
Business Card, Invitation Card & All Printing.

FAX - SCAN - Lamination - ID Card | অনুবাদঃ বাংলা ⇄ English




**Passport Photo**




ওমরাহ ও হজ্ব
**AIR TICKET**
International & Domestic

**MONEY TRANSFER**
WORLDWIDE

# 929 328 9192

জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**

# LAW OFFICES OF RUMA JUNNATUL, PLLC

## ইমিগ্রেশন, সিভিল এবং ফ্যামিলি ল' সহ যে কোন আইনি সহায়তা নিন।

আমারদের পরামর্শ সমুহঃ

ইমিগ্রেশন
* গ্রীনকার্ড * সিটিজেনশিপ * এসাইলাম
* আপিল * USCIS আবেদন
* VAWA পিটিশন * I-130
* Cancellation of Removal
* EB2, EB3, NIW

ডিভোর্স
* কনটেস্ট * নন কনটেস্ট

ল্যান্ডলর্ড এন্ড ট্যানেন্ট
* ইভেকসান

এক্সিডেন্ট এন্ড ইনজুরি

সিভিল কোর্ট প্রসিডিংস



এটর্নী জন্নাতুল রুমা
জুরিস ডক্টর
এটর্নী এট ল (নিউইয়র্ক)

We assist immigration clients in all 50 states.

বিশ্বস্ততার সাথে বাংলাদেশী কমিউনিটি আইনি সহায়তা প্রদান

For Appointment — Open 5 days weeks

(718) 427-1233, (516) 549-6707
rumalawny@gmail.com

আমরা এখন নতুন ঠিকানায়

জ্যাকসন হাইটস্ অফিসঃ
37 51 75th Street, Suite: 1A, Jackson Heights, NY 11372

# PEOPLE N TECH

A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

**PROVIDED JOBS TO 7000+ STUDENTS. 100% JOB PLACEMENT RECORD FOR THE LAST 17 YEARS.**

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by: SCHEV

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

# জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

## নুসরাত জেরিন

**CALL: 917-436-0954**

* সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
* কম সময় এবং নূন্যতম ফি
* ট্যাক্স, ইমিগ্রেশন
* কন্সালটেশন, নোটারী পাবলিক
* নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com


Fame Tech
Become a Backend Developer
Backend Development :
• Java
• Spring Boot
• Mongo BD
• REST API
• Software testing (Unit, Component, Integration)
Frontend Development :
• React JS
• Material US
• Fetch
Have you been thinking about starting your career as a software developer?
Have you been working as a QA or automation engineer, and want to move to software development?
Did you know backend and frontend developer's salary starts from 120k+, and sky's the limit?
37-07 74th street, Suite-3
Jackson Heights, NY-11372
+1(914) 468-3475


EXIT
EXIT REALTY PRIME
MOHAMMAD PARAMANIK (MASUD)
Licensed Real Estate Agent
শুভ নববর্ষ
646-797-1565
718-262-0205 (Office)
718-262-0254 (Fax)
realtormasud24@gmail.com
www.EXITPrimeNY.com
189-10 Hillside Ave,
Suite E, Hollis, NY 11423
MLS


ESTD 2017
Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com
40-HR OSHA/SST: $400
Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:
30 Hour OSHA Training
40 Hour OSHA/SST
62 Hour Supervisor SST
4,16 & 32 Hour Scaffold
8-Hour EPA Lead Renovator
NYS Security Guard License
Fire Guard/FSD Training
Work-zone Flagger
Forklift/Scissor Lift Operator
Defensive Driving Course
40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]
Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.


IMMIGRATION LAW OFFICE
ইমিগ্রেশন ’ল অফিস
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Immigration
Asylum & Defence from Deportation
Family Law
Accident & Injury
Business Law
Any Kind of Visa Processing
Bhatta Law & Associates
(631) 805 1051
37-07 74th Street, Suite # 3
Jackson Heights, NY-11372




# খসরুর ঘাতকে গ্রেফতারের দাবিতে জ্যামাইকায় বিক্ষোভ সমাবেশ

৬২ পৃষ্ঠার পর

আহত করা হয়েছিল ১৬৭ স্ট্রিট এবং হিলসাইড এভিনিউর কর্নারে, সেখানে কম্যুনিটির নিরাপত্তা এবং অবিলম্বে খসরুর ঘাতকের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে শ্লোগান উঠেছিল। এই সমাবেশে বক্তব্যকালে তদন্তকারী পুলিশ স্টেশনের কমান্ডিং অফিসার ক্যাপ্টেন টিস্যাঙ জানান, খসরুর সন্দেহভাজন ঘাতকের ব্যাপারে পুলিশ পুরোপুরি নিশ্চিত হতে না পারলেও যে কোন সময় তার গ্রেফতারের সংবাদ পাওয়া যাবে। তিনি খসরুর স্ত্রী শামিমা আকতার শিউলিকেও একই আশ্বাস দিয়েছেন বিক্ষোভ-সমাবেশে। দুর্বত্তটি মাস্ক পরিহিত থাকায় আজ অবধি সুনির্দিষ্টভাবে তাকে চিহ্নিত করা সম্ভব হয়নি বলে প্রযুক্তির সহায়তা নেয়া হচ্ছে বলে জানা গেছে। ফখরুল ইসলাম দেলোয়ার এ সময় উল্লেখ করেন যে, ২০২২ সালের ১১



মে এই একইস্থানে ভর দুপুরে ছিনতাইকারী এক দুর্বত্তের ধাক্কায় গুরুতর আহত হয়ে নিকটস্থ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন মুক্তিযোদ্ধা রুহুল আমিন ভূইয়া। তারও আগে প্রায় একই এলাকায় আরো কয়েকজন প্রবাসী আক্রান্ত হয়েছেন। এজন্যে এ এলাকার পথচারিগণের নিরাপত্তা জোরদারের বিকল্প নেই। আমি কুইন্স ডিস্ট্রিক্ট এটর্নিকে আহবান জানাচ্ছি অবিলম্বে খসরুর ঘাতককে গ্রেফতারের পর দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্যে। বাপার ভাইস প্রেসিডেন্ট নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের ক্যাপ্টেন প্রিন্স আলম প্রবাসীদের উদ্দেশ্যে বলেন, খসরুকে ধাক্কা দেয়া দুর্বত্তের সন্ধান নিকটস্থ পুলিশকে দিতে কার্পণ্য করবেন না। যে কোন অন্যায়-অপকর্ম চোখে পড়লেই পুলিশের গোচরে আনতে হবে। বিক্ষোভ-সমাবেশের শেষে মাওলানা আবু জাফর বেগের নেতৃত্বে বিশেষ মোনাজাতে মো. জাকির হোসেন খসরুর আত্মার মাগফেরাত কামনা করা হয়। উল্লেখ্য, গত ৮ মে সকালে নিউইয়র্ক সিটি হলের বারান্দায় অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে ২৭ মার্চ দুপুরে ওজোনপার্কে নিজ বাসায় মা ও ছোট ভাইয়ের সামনে উইন রোজারিও (১৯) নামক এক বাংলাদেশি তরুণকে দুই পুলিশ অফিসার গুলি করে হত্যার সাথে জড়িতদের অবিলম্বে গ্রেফতার দাবি জানানো হয়। সেই সংবাদ সম্মেলনে কম্যুনিটির সর্বস্তরে প্রতিনিধিত্বকারী ছাড়াও কথা বলেছেন সিটি কাউন্সিলের কয়েকজন মেম্বার এবং মানবাধিকার সংস্থার নেতৃবৃন্দ। উইন রোজারিও হত্যার তদন্ত চালাচ্ছে নিউইয়র্ক স্টেটের এটর্নি জেনারেল লেটিশা জেমস। ইতিমধ্যেই অভিযুক্ত পুলিশ অফিসারদের বডি ক্যামেরা ফুটেজ প্রকাশিত হলেও তাদেরকে বরখাস্ত করা হয়নি কেন-এ প্রশ্নের অবতারণা করেন বক্তারা।



# জাবি এলামনাইয়ের আয়োজনে বর্ষবরণ উদযাপন

৬২ পৃষ্ঠার পর

কৌশিক আহমেদকে সম্মাননা জ্ঞাপন করা হয়। বাংলা বর্ষবরণ অনুষ্ঠানে অংশ নেয় ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এলামনাইবৃন্দ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিউ ইয়র্ক বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল নাজমুল হুদা। বিশেষ অতিথি ছিলেন ডেপুটি কনসাল জেনারেল নাজমুল হাসান এবং মার্কস হোম কেয়ারের সত্বাধিকারী ইন্জিনিয়ার মাহফুজুল হক। তাদের ফুল দিয়ে বরণ করে নেন উপদেষ্টা একরামুল করিম এবং আশুতোষ সাহা। বিকাল ৫ টায় মঙ্গল শোভাযাত্রার মাধ্যমে অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন উৎসবের আবহায়ক শামিমআরা বেগম এবং সদস্য সচীব তামান্না



শবনম পাপড়ী। এ সময় সম্মিলিত বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণে পরিবেশন করা হয় বৈশাখী সংগীত। এবারের উৎসবে পোশাকের থিম ছিল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ঝিলে ফোটা শাপলা ফুল।

অনুষ্ঠানে উপস্থিত অতিথিদের ঐতিহ্যবাহী ইলিশ, ভর্তা-ভাজিসহ বাঙালি খাবার এবং পান-সুপারি দিয়ে আপ্যায়ন করা হয়। আহবায়ক শামীম আরা বেগম এবং সদস্য সচীব তামান্না শবনম পাপড়ী শুভেচ্ছা বক্তব্যে অনুষ্ঠানের শুরু করেন। এবারের বর্ষবরণ অনুষ্ঠানে প্রবাসে বাঙালির গর্ব, সাংবাদিকতায় বিশেষ ভূমিকার জন্য সাপ্তাহিক বাঙালী পত্রিকার সম্পাদক কৌশিক আহমেদকে বিশেষ সম্মাননা দেওয়া হয়। সন্ধ্যার পর শুরু হয় অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের সদস্যদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান।

এটি পরিকল্পনা ও পরিচালনা করেন ম্যারীস্টেলা আহমেদ শ্যামলী, শারমিন আক্তার রেক্সোনা ও তানজিল মাহমুদ। যন্ত্র কৌশলে ছিলেন তানভির সাহিন, কি-বোর্ডে রাজিব রাসেল, তবলায় দেবু চৌধুরী, গীটার সাইদ ও আকাশ, ঢোলকে মোবারক হোসেন। অনুষ্ঠানের সর্বশেষ পরিবেশনা ছিলো কানাডার টরোন্টো থেকে আগত বাংলাদেশের ব্যান্ড শিল্পী শাহানুর রহমান লুমিনের বিশেষ একক কনসার্ট। উপস্থাপনায় ছিলেন দুররে মাকনুন নবনী ও গোলাম মোস্তফা।







# জ্যামাইকায় শো-টাইম মিউজিকের জমকালো বৈশাখী মেলা

৬২ পৃষ্ঠার পর

অনুষ্ঠানটির গ্র্যান্ড স্পন্সর ছিলেন রিয়েল এস্টেট ব্যবসায়ী নুরুল আজিম। অনুষ্ঠান উদ্বোধন করেন আশা হোম কেয়ার এবং সাপ্তাহিক সাদাকালোর প্রধান সম্পাদক আকাশ রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার, কুইন্স কমিউনিটি বোর্ড মেম্বার আহসান হাবিব, জেবিবিএর একাংশের সাধারণ সম্পাদক ও বিশিষ্ট ব্যবসায়ী তারেক হাসান খান, বিশিষ্ট ব্যবসায়ী ও মাম'স রেস্টুরেন্টের অন্যতম স্বত্বাধিকারী লিটু চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী বেলাল চৌধুরী, লায়ন্স ক্লাবের সাবেক সভাপতি আহসান হাবিব, কমিউনিটি অ্যাকটিভিস্ট রাব্বি সৈয়দ প্রমূখ। শো-টাইম মিউজিকের প্রেসিডেন্ট আলমগীর খান আলম স্বাগত বক্তব্যে বলেন, নিউইয়র্কবাসীকে সংস্কৃতিতে ও মননে সমৃদ্ধ করতে এই মেলার আয়োজন। পাশাপাশি শিশু-কিশোরদের বাঙালির ইতিহাস-ঐতিহ্যকে জানানোর জন্য এই মেলা। শাহ নেওয়াজ বলেন, বৈশাখী মেলা বাঙালির চিরায়ত প্রাণের মেলা। এই ধরণের আয়োজনে বাঙালি তার নিজের শেকড়কে খুঁজে পায়। নূরুল আজিম বলেন, এই ধরনের অনুষ্ঠান প্রবাসে জন্ম নেওয়া এবং বেড়ে ওঠা নতুন প্রজন্মের শিশু-কিশোরদের জন্য খুবই প্রয়োজন। সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পীদের মধ্যে সাপ্তাহিক আজকালের ব্যবস্থাপনা সম্পাদক রানোনেওয়াজ, শাহ মাহবুব, কামরুজ্জামান বকুল, চন্দ্রা রায়, অনিক রাজ, কামরুল ইসলাম, মিতু মাহমুদ ও শিশু শিল্পী লিয়ানা। বাংলাদেশের কণ্ঠশিল্পী বন্যা তালুকদার এবং বিন্দু কনা সঙ্গীত পরিবেশন করেন। সাংস্কৃতিক অনুষ্ঠানের পরে শুরু হয় র‍্যাফেল ড্র। পুরো অনুষ্ঠানটি পরিচালিত করেন শারমিন সিরাজ সোনিয়া ও মিয়া মোহাম্মদ দুলাল। অনুষ্ঠানের সহযোগিতায় ছিলেন কুইন্স ডেমোক্রেটিক লিডার অ্যাট লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী, বাংলা হোম কেয়ার, সিলেট মোটরস, মাছওয়ালা, রহমান মালিক, বাংলা ট্রাভেলস, বিশিষ্ট ব্যবসায়ী মোহাম্মদ খলিলুর রহমান, এস এস ব্রোকারেজের শ্যামল তালুকদ, মিনা ফুডস, নবান্ন রেস্টুরেন্ট, নবান্ন রেস্টুরেন্ট, আব্দুর রশিদ বাবু, রিদওয়ান হক, কোর ভিশন, সিপিএ চিশতি, খোকন চৌধুরী, ডিউক খান, হাসান জিলানী, সাংবাদিক আকবর হায়দার কিরণ প্রমুখ। এই মেলায় প্রবাসী বাংলাদেশিরা বাঙালি পোশাকে অংশগ্রহণ, সেই সঙ্গে মেলার বিভিন্ন স্টলে কেনাকাটা করেন। বিকাল থেকে মধ্যরাত পর্যন্ত নানা আয়োজনে চলে এই মেলা।






















# আপনি কি সহজে ড্রাইভিং লাইসেন্স পেতে চান?

আমরা আপনাকে সহজে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার নিশ্চয়তা দিচ্ছি।
আমাদের দক্ষ ছেলে / মেয়ে ইনস্ট্রাকটার আপনাকে যত্নসহকারে নিখুঁতভাবে তৈরী করবে।



**BEGINNER'S DRIVING ACADEMY**

**Please Call**

**(929) 244 7730**

129-20 Liberty Avenue
South Richmond Hill, NY 11419

71-16 35th Avenue
Jackson Heights, NY 11372

# বাংলাদেশ সোসাইটি ইনক্
# Bangladesh Society, Inc.

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547 • email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com


# সদস্য নিবন্ধনের আহ্বান

**শেষ তারিখ : ৩০ জুন , রোববার ২০২৪ ◆ সময় : সকাল ১০টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত**

**স্থান : বাংলাদেশ সোসাইটি ভবন,** 86-24 Whitney Ave, Elmhurst, NY 11373

**বিশেষ দ্রষ্টব্য:-** সকলের সুবিধার্থে নিবন্ধন কার্যক্রমের শেষ সপ্তাহ জুন ২৪ সোমবার থেকে জুন ২৯ শনিবার পর্যন্ত প্রতিদিন দুপুর ১২ থেকে বিকাল ৭ পর্যন্ত সোসাইটির কার্যালয় নিবন্ধন কার্যক্রমের জন্য খোলা থাকবে। এছাড়াও কার্যকরী পরিষদের সদস্যদের সাথে যোগাযোগ করেও নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করা যাবে।

যুক্তরাষ্ট্রে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে প্রবাসী বাংলাদেশীদের আম্ব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনকে সামনে রেখে সদস্য নিবন্ধনের শেষ তারিখ আগামী ৩০ জুন ২০২৪ নির্ধারণ করা হয়েছে। আপনারা যারা সোসাইটির নির্বাচনে অংশ নিতে ইচ্ছুক বা ভোটাধিকার প্রয়োগ করতে চান তাদেরকে আজীবন সদস্য বা সাধারণ সদস্য হিসেবে নাম নিবন্ধন করার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

## নিয়মাবলী

১. সোসাইটির নির্ধারিত ফরম পরিষ্কারভাবে সব তথ্য পূরণ করতে হবে। ফরম জমা দানের পূর্বে ফর্মে দেওয়া সব তথ্য ঠিক আছে কিনা যাচাই করে নেবেন। ফর্মে দেওয়া কোন তথ্য অসম্পূর্ণ বা ভুল থাকলে, মানি রিসিট থাকলেও ফর্মটি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য সদস্য নিবন্ধন ফরম সোসাইটির ওয়েবসাইট (www.bangladeshsocietyinc.com) অথবা অফিস থেকে সংগ্রহ করতে পারবেন।

২. যদি কেউ একের অধিক সদস্য নিবন্ধন এর জন্য ফরম জমা দিতে চান তাহলে তাকে অবশ্যই আলাদা করে নির্ধারিত আরেকটি টালিসিট সংগ্রহ করে সেখানে সব সদস্যের নাম এবং জন্ম সাল সহ অন্যান্য তথ্য সঠিকভাবে পূরণ করে তাও সাথে জমা দিতে হবে। একই সাথে টালি শিটে থাকা রিসিট নাম্বারটি প্রত্যেকটি ফর্মে লিখে দিতে হবে।

৩. সদস্য নিবন্ধনের ফি :- আজীবন সদস্যদের জন্য ৫০০ ডলার এবং সাধারণ সদস্যদের জন্য ২০ ডলার হারে নগদ পরিশোধ করতে হবে। বিশেষ দ্রষ্টব্য কোন ধরনের ভাংতি দেওয়ার ব্যবস্থা থাকবে না, তাই সবাইকে এক্সাক্ট অ্যামাউন্ট নিয়ে আসার অনুরোধ জানানো যাচ্ছে।

অনুরোধক্রমে

**মোহাম্মদ রব মিয়া**
সভাপতি, ৯১৭-৮৫৮-৬৯৯১

**মোঃ রুহুল আমিন সিদ্দিকী**
সাধারণ সম্পাদক, ৯১৭-৪৭৬-৫৩৮২

**মো: মহিউদ্দীন দেওয়ান** *(সিনিয়র সহ-সভাপতি)* ৯১৭-৫২৩-১৩৪৪, **ফারুক চৌধুরী** *(সহ-সভাপতি)* ৯১৭-৬২৭-৩৮৭৭, **আমিনুল ইসলাম চৌধুরী** *(সহ-সাধারণ সম্পাদক)* ৬৪৬-৩২১-৪১১৭, **মোঃ নওশেদ হোসেন** *(কোষাধ্যক্ষ)*, ৬৪৬-৩৩৮-২২৪৫, **আবুল কালাম ভূইয়া** *(সাংগঠনিক সম্পাদক)* ৯১৭-৮৯২-৭১৯৯, **ডা: শাহনাজ লিপি** *(সাংস্কৃতিক সম্পাদক)* ৩৪৭-৪৫৯-৮৯৯৮, **রিজু মোহাম্মদ** *(প্রচার ও গণসংযোগ সম্পাদক)* ৭১৮-৫৮১-৬৬৩৭, **মোহাম্মদ টিপু খান** *(সমাজকল্যাণ সম্পাদক)* ৬৪৬-৬২৩-৮৬২২, **ফয়সল আহমদ** *(সাহিত্য সম্পাদক)* ৩৪৭-৭৩৫-৫৮২৩, **মাইনুল উদ্দিন মাহবুব** *(ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক)* ৭১৮-৩১২-৯৭২১, **প্রদীপ ভট্টাচার্য** *(স্কুল ও শিক্ষা সম্পাদক)* ৩৪৭-৪৭৬-৫২৯৪, ***কার্যকরী সদস্য:*** **ফারহানা চৌধুরী** ৭১৮-৬৯৭-৯০৩৫, **মো: আখতার বাবুল** ৬৪৬-৫৭৫-৭০৫৩, **আবুল বাশার ভুঁইয়া** ৩৪৭-২৭৯-২৬৪০, **সুশান্ত দত্ত** ৭১৮-৭১০-৫৬১৭, **মোঃ সাদী মিন্টু** ৭১৮-৮২০-৩৬১৯ ও **শাহ মিজানুর রহমান** ৯১৭-৫৩৫-৪৪৯৫

প্রচারে: **রিজু মোহাম্মদ,** *প্রচার সম্পাদক*

## তিস্তা প্রকল্প: চীন-ভারত ছাড়া কি বাংলাদেশের বিকল্প নেই

৫ পৃষ্ঠার পর

কিলোমিটার। এটা ব্রহ্মপুত্র নদের প্রায় এক-দশমাংশ এবং গঙ্গার এক-সপ্তমাংশ। তদুপরি চীনের নদীর ঋতুভেদও বাংলাদেশের সঙ্গে তুলনীয় নয়। এর ফলে বাংলাদেশের নদ-নদীর ব্যবস্থাপনায় পশ্চিমের দেশগুলো যেমন, তেমনি চীনের অভিজ্ঞতাও প্রাসঙ্গিক ও যথাযথ নয়। এ রকম পটভূমিতে এটা খুব আশ্চর্যের নয় যে পাওয়ার-চায়না তিস্তা নদীর জন্য একটি 'আশঙ্কাজনক' প্রকল্প প্রস্তাব করেছে। স্পষ্টতই নদীর প্রস্থ এক-চতুর্থাংশ করে গভীরতা দ্বিগুণ করলেও নদীর প্রস্থচ্ছেদ অর্ধেক হবে এবং প্রবাহের পরিমাণ অপরিবর্তিত থাকলে গতিবেগ দ্বিগুণ হবে। ফলে তিস্তার বালুময় অববাহিকায় পাড়ভাঙন তীব্রতর হবে এবং নদীতীরে নির্মিত বাঁধ টিকতে পারবে না। তিস্তা প্রতিবছর প্রায় পাঁচ কোটি টন পলি নিয়ে আসে। ফলে পলি ভরণের কারণে খননের মাধ্যমে তিস্তার গভীরতা বৃদ্ধি দ্রুতই হ্রাস পাবে। তখন পাড়ভাঙনের সমস্যা আরও তীব্র হবে। তদুপরি মারাত্মকভাবে হ্রাসকৃত প্রস্থচ্ছেদ নিয়ে তিস্তার পক্ষে বর্ষাকালের ও হড়কা বন্যার অতিরিক্ত প্রবাহ ধারণ করা আরও কঠিন হয়ে পড়বে। মোদ্দাকথা হলো, 'পাওয়ার-চায়না'র তিস্তা প্রকল্প তিস্তা নদীর সমস্যাগুলোর কোনো স্থায়িত্বশীল সমাধান দেবে না। এ রকম অবস্থায় চীনের এই প্রকল্প নিয়ে অগ্রসর হওয়ার বাংলাদেশের পক্ষে সমীচীন হবে না। এই পটভূমিতে ভারতের পররাষ্ট্রসচিব কর্তৃক তিস্তার প্রবাহ বৃদ্ধির পরিবর্তে তিস্তাবিষয়ক প্রকল্পের অর্থায়নের প্রস্তাব নিয়ে আসাটা আরেক রকম পরিহাস। চীন কিংবা ভারত কারও ঋত নিয়েই এই প্রকল্প বাস্তবায়নে অগ্রসর হওয়া বাংলাদেশের জন্য দীর্ঘ মেয়াদে ভালো কোনো ফল বয়ে আনবে না। এ বিষয়টা মনে রাখা উচিত যে নির্বিচার ঋত নিয়ে প্রশ্নবিদ্ধ প্রকল্প বাস্তবায়নের সুযোগ বাংলাদেশের জন্য শেষ হয়ে এসেছে। ইতিমধ্যে বাংলাদেশের পুঞ্জীভূত বৈদেশিক ঋণের পরিমাণ প্রায় ১০০ কোটি ডলারে পৌঁছেছে এবং বার্ষিক বৈদেশিক ঋত পরিশোধের দায় প্রায় পাঁচ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। আগামী দুই-এক বছরের মধ্যে যখন রূপপুরসহ আরও কিছু প্রকল্পের ঋত বাবদ দেয়যোগ হবে, তখন এই দায় যথেষ্ট বেড়ে যাবে এবং সংকটের সৃষ্টি করতে পারে। বৈদেশিক দায় পরিশোধের লক্ষ্যে বাংলাদেশ ইতিমধ্যে আইএমএফের কাছ থেকে প্রায় পাঁচ বিলিয়ন ডলার ঋত নিয়েছে। এ ছাড়া বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক, এশীয় অবকাঠামো ব্যাংক ইত্যাদির কাছ থেকে আরও দুই বিলিয়ন ডলার ঋণ পাওয়ার চেষ্টা করছে বলে সংবাদ প্রকাশিত হয়েছে। 'ঋত নিয়ে ঋত পরিশোধের' মতো এ রকম আশঙ্কাজনক পরিস্থিতিতে পাওয়ার-চায়নার প্রশ্নবিদ্ধ প্রকল্প যত তাড়াতাড়ি বাতিল করা যায়, ততই ভালো।


তাহলে বাংলাদেশের জন্য উপায় কী? উপায় দুটি। একটি হলো, ভারতের কাছ থেকে তিস্তা নদীর ওপর বাংলাদেশের ন্যায্য অধিকার আদায়। ভারত যদি সত্যিই তিস্তা বিষয়ে বাংলাদেশের ভালো করতে চায়, তাহলে তিস্তা থেকে গাজলডোবা বাঁধের মাধ্যমে শুষ্ক মৌসুমের পানি অপসারণ বন্ধ করতে হবে। পশ্চিমবঙ্গ সরকার রাজি হচ্ছে না বলে ভারতের কেন্দ্রীয় সরকার কিছু করতে পারছে নাড়এই অজুহাতের পেছনে আড়াল খোঁজার সুযোগ কম। গাজলডোবা বাঁধসহ তিস্তার উজানে আরও নির্মিত, নির্মীয়মাণ এবং পরিকল্পিত ১৫টি প্রবাহ বাধা দান এবং অপসারণমূলক কাঠামোগুলোড় সবই ভারতের কেন্দ্রীয় সরকারের প্রকল্প। তিস্তার ওপর নির্মিত গাজলডোবা এবং অন্যান্য ব্যারাজ নির্মাণের ফলে বাংলাদেশের জন্য আরেক ফল হয়েছে হড়কা-বন্যা। এমনিতেই তিস্তা একটি হড়কা-বন্যাপ্রবণ নদী। এখন গাজলডোবা ব্যারাজ পরিচালনাকারীরা তাঁদের সুবিধামতো সময়ে ব্যারাজের কপাট খুলে দেয়। এর ফলে বাংলাদেশের তিস্তা অববাহিকা হড়কা বন্যাকবলিত হয়। বিগত বছরে প্রায় সাতবার এ ধরনের হড়কা-বন্যা হয়েছে। বাংলাদেশের তিস্তা অববাহিকার মানুষদের জন্য ভারতের এই আচরণ 'বন্যায় ভাসাব এবং খরায় পোড়াব'ড়অনেকের কাছে এ রকম মনে হতে পারে। পর্যাপ্তসংখ্যক দেশের স্বাক্ষরের ফলে আন্তর্জাতিক নদ-নদীর ব্যবহারবিষয়ক ১৯৯৭ সালের জাতিসংঘের সনদ এখন কার্যকর হয়েছে। এই সনদের অংশীদার দেশগুলোকে অভিন্ন নদ-নদীর ব্যবহারে কী কী নীতি অনুসরণ করতে হবে, তা স্পষ্ট করে বলা হয়েছে। এই সনদ ভাটির দেশগুলোর অধিকারের সুরক্ষা দিয়েছে। বাংলাদেশের উচিত নিজে এই সনদে স্বাক্ষর করা এবং ভারতকেও তা স্বাক্ষর করতে আহ্বান জানানো। লক্ষণীয় যে নদ-নদীর ওপর স্বীয় অধিকার আদায়ে শুধু সদিচ্ছার ওপর নির্ভর করাই যথেষ্ট নয়। এ ক্ষেত্রে ভারত যেমন তার ভৌগোলিক অবস্থানের সুযোগ নিচ্ছে, তেমনি বাংলাদেশকেও অনুরূপ সুযোগ গ্রহণ করার বিষয়টি বিবেচনায় নিতে হবে।। এই দৃষ্টিকোণ থেকে 'বাংলাদেশ পরিবেশ নেটওয়ার্ক (বেন)' ২০১৩ সাল থেকে সরকারের প্রতি 'নদীর বিনিময়ে ট্রানজিট'নীতি গ্রহণের আহ্বান জানিয়ে আসছিল। পরিতাপের বিষয় যে, সরকার তা গ্রহণ করেনি; বরং বিনা প্রতিদানে ভারতকে ট্রানজিট, ট্রান্সশিপমেন্ট, বন্দর, নৌপথ ব্যবহারের সুযোগ দিচ্ছে। ফলে ভারতের কাছ থেকে বাংলাদেশের দাবি আদায়ের সুযোগ হ্রাস পেয়েছে। তা সত্ত্বেও ভারতের কাছ থেকে অভিন্ন নদ-নদীর ওপর জাতিসংঘের ১৯৯৭ সনদ দ্বারা স্বীকৃত বাংলাদেশের অধিকার আদায়ের সর্বাত্মক চেষ্টা করতে হবে। দ্বিতীয় উপায়টি হলো, বিদেশি অর্থায়ন, পরামর্শ ও তথাকথিত পারদর্শিতা ইত্যাদির পেছনে না ছুটে দেশের অবস্থার জন্য উপযোগী, দেশীয় পারদর্শিতা এবং জনগণের অংশগ্রহণের ওপর নির্ভর করে তিস্তা অববাহিকার পুনরুজ্জীবনে এগিয়ে যেতে হবে। তিস্তার সঙ্গে এর সব শাখা-প্রশাখার সংযোগ পুনঃপ্রতিষ্ঠিত করতে হবে। সব পুরোনো খাল, নালা, বিল ও অন্যান্য জলাধার পুনরুদ্ধার এবং সংযুক্ত করতে হবে। এসব কাজ করতে পারলেই বর্ষার অতিরিক্ত প্রবাহ ধরে রাখা যাবে, শীতকালের সেচের জন্য পানি পাওয়া যাবে এবং হড়কা-বন্যা মোকাবিলা করা যাবে। এই দুই ধারায় বাংলাদেশ যত তাড়াতাড়ি অগ্রসর হয়, ততই মঙ্গল।

**লেখক: ভিজিটিং অধ্যাপক, এশীয় প্রবৃদ্ধি গবেষণা ইনস্টিটিউট ও জাতিসংঘের সাবেক উন্নয়ন গবেষণাপ্রধান।**

## ফ্লোরিডায় বাস দুর্ঘটনায় নিহত ৮ আহত ৪২

৩ পৃষ্ঠার পর

করেছে, স্কুলবাসটি দুর্ঘটনায় জড়িত ছিল না। এদিকে দুই গাড়ির সংঘর্ষের কারণ এখনো অজানা রয়ে গেছে। দেশটির কর্মকর্তারা জানিয়েছেন, ফ্লোরিডা হাইওয়ে প্যাট্রল ঘটনাটি তদন্ত করছে। এদিকে মঙ্গলবার সকালে ক্যানন ফার্মস সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় এ দুর্ঘটনায় নিহতদের প্রতি গভীর শোক জানিয়েছে। ক্ষতিগ্রস্থদের পাশে তারা সব ধরনের সহায়তার হাত বাড়িয়ে দিয়েছেন বলেও জানায় প্রতিষ্ঠানটি। সূত্র: বিবিসি।






## নতুন মাইলফলকে ক্রিকেট

৫৬ পৃষ্ঠার পর

আইসিসির পক্ষ থেকে জানানো হয়েছে যুক্তরাষ্ট্রসহ আশেপাশের সব দেশে ক্রিকেটকে ছড়িয়ে দিতে নাসাউ কাউন্টি ক্রিকেট স্টেডিয়াম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। উল্লেখ্য দীর্ঘ লড়াইয়ের পরে সাফল্য পেয়েছে আইসিসি। ২০২৮ সালে লস এঞ্জেলেসে বসছে অলিম্পিক গেমসের আসর। সেখানে জায়গা করে নিয়েছে ক্রিকেটও।

উসাইন বোল্টের বিশ্বাস, এই মাঠটি দারুণ সব উত্তেজনাপূর্ণ এবং এনার্জেটিক ক্রিকেট অভিজ্ঞতা উপহার দেবে। তিনি বলেন, 'ক্যারিবিয়ান থেকে এসেছি আমি, যেখানে ক্রিকেট হলো জীবনেরই একটি অংশ। আমি খুবই আনন্দিত যে, টি-টোয়েন্টি বিশ্বকাপের অংশ হতে পেরেছি। আর এই বিশ্বকাপটা এই প্রথমবারের মত যুক্তরাষ্ট্রের মত একটি দেশে অনুষ্ঠিত হতে যাচ্ছে। ওয়েস্ট ইন্ডিজের সঙ্গে কো-হোস্ট হিসেবে দায়িত্ব পালন করবে তারা।'

উসাইন বোল্ট আরও বলেন, 'একটি খেলার সবচেয়ে বড় ইভেন্ট যখন যুক্তরাষ্ট্রের মত দেশে অনুষ্ঠিত হতে যাচ্ছে, তখন বলতে হবে এটা সেই খেলাটির জন্য বিশাল এক মাইলফলক। আমার বিশ্বাস এর মাধ্যমে এই অঞ্চলে ক্রিকেট অনেক বেশি ছড়িয়ে পড়বে। যা, ২০২৮ লস অ্যাঞ্জেলেস অলিম্পিকে ক্রিকেট অন্তর্ভূক্ত করার পেছনে বড় ভূমিকা রেখেছে।'

নাসাউ কাউন্টি স্টেডিয়াম নিয়ে বোল্ট বলেন, 'নতুন এই স্টেডিয়ামটি দেখতে অসাধারণ। এই মাঠটির গ্যালারি খুব কাছাকাছি। আপনি এই মাঠে খুব কাছ থেকে খেলা দেখার অভিজ্ঞতা নিতে পারবেন।'

## বাংলাদেশ দল স্বপ্ন জয়ের লক্ষ্যে দেশ ছাড়লো

৫৬ পৃষ্ঠার পর

দ্বিতীয় রাউন্ড। সর্বোচ্চ সাফল্য ২০২২ বিশ্বকাপে দুটি দলকে হারনো। এবার যখন দেশ ছাড়ছে লাল-সবুজ জার্সিধারীরা। তখন তাদের পায়ের নিচের মাটিটা খুব বেশি শক্ত অবস্থায় নেই। জিম্বাবুয়ের বিপক্ষে সাদামাটা ক্রিকেট খেলে অনেকটা অস্বস্তি নিয়েই দেশ ছাড়ছে লাল-সবুজ জার্সিধারীরা।

যদিও বাংলাদেশের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত দেশ ছাড়ার আগে গনমাধ্যমকে বলেছেন ছোট ছোট পরিকল্পনাগুলো বাস্তবায়নের মাধ্যমে সাফল্য পেতে চান তিনি,‘আমার মনে হয় আমি যে কথাটা বলেছিলাম তারপরেও বাংলাদেশের সবাই প্রত্যাশা করবেই। আমি নিজেও প্রত্যাশা করি এবং আমাদের প্রত্যেকটা খেলোয়াড় প্রত্যাশা করবে যে আমরা অনেক ভালো ক্রিকেট খেলব। আমরা যদি ছোট ছোট পরিকল্পনা নিয়ে আগাই যে আমরা কীভাবে গ্রুপ পর্ব পার করব তাহলে পরিকল্পনা করাটা সহজ হয়।'

এবারের পর আরেকটি টি-টোয়েন্টি বিশ্বকাপ হবে ২০২৬ সালে। ততদিন পর্যন্ত মাহমুদউল্লাহ ও সাকিব আল হাসানের খেলা চালিয়ে যাওয়াটা কঠিন। তাই অনেকের মতে ৩৭ পেরুনো সাকিব ও ৩৮ পেরুনো মাহমুদউল্লাহর এটিই হয়তো শেষ বিশ্বকাপ। এই দুই অভিজ্ঞ তারকাকে সুন্দর কিছু স্মৃতি উপহার দিতে চান অধিনায়ক নাজমুল হোসেন শান্ত, 'জানি না এটাই তাদের শেষ বিশ্বকাপ কি না। এটা ধারণা। আমরা যারা আছি, অপেক্ষাকৃত তরুণ, আমরা অবশ্যই চাইব, ওনারা এত লম্বা সময় ধরে খেলছেন, তাদের একটা ভালো স্মৃতি দিতে চাই। ভালো একটা বিশ্বকাপ তাদের আমরা উপহার দিলাম, এটা অবশ্যই আমাদের দায়িত্ব।


ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।



যোগাযোগ : ৭১৮-৬৯৭-৭৭১৭

জ্যাকসন হাইটসে বাংলাদেশীদের দ্বারা পরিচালিত ড্রাইভিং স্কুল

কেন সবাই আমাদের ড্রাইভিং স্কুলে শিখতে চায়

সপ্তাহে ৭ দিনই খোলা

- আমাদের ফি যুক্তিসঙ্গত এবং সেবা অতুলনীয়
- মহিলা পুরুষ ও বয়স্ক সবার প্রতি সমপরিমান যত্ন নিয়ে শিখিয়ে থাকি
- আমাদের সব প্রশিক্ষক NYS Instructor License প্রাপ্ত এবং খুবই ধৈর্য্যবান।
- আমাদের স্কুলে পাশের হার সবচেয়ে বেশী
- প্রতি দশজনের আটজন আমরা প্রাক্তন ছাত্র/ছাত্রীর রেফারেন্স থেকে পাই
- আপনি যদি আমাদের সেবায় সন্তুষ্ট হন তবে, অন্যজনকে বলুন আর যদি সন্তুষ্ট না হন তবে আমাদেরকে বলুন



অন্য ড্রাইভিং স্কুলের প্রচারনার বিভ্রান্ত হবেন না। আমাদের প্যাকেজ ডীলে একই মুল্যে পাচ্ছেন পাঁচ ঘন্টার কাসের সার্টিফিকেট যা অন্যখানে পাচ্ছেন না।

৩৩০ ডলারে পাচ্ছেন

★ ৫টি রোড লেসন,
★ রোড টেষ্টের দিন গাড়ী
★ পাঁচ ঘন্টার (5 Hours) ক্লাস
★ অতি অল্প মূল্যে গাড়ী ইন্সুরেন্স করে থাকি Defensive Driving Class দেয়া
★ নতুন অটোমেটিক গাড়ী (A/C) সহ

- অত্যন্ত সহজ উপায়ে পার্কিং শিক্ষা
- আপনার সময়ই আমাদের সময়

যোগাযোগ : অভিজ্ঞ ইনস্ট্রাক্টর রহমান 917-378-0353

Full Insured & Licensed by New York State

PUPIL DRIVING SCHOOL

37-16 73rd Street (Suit#201) 2nd Floor, Jackson Heights, NY 11372

JOY TECH ELECTRONICS & COMPUTER

সেলস এবং রিপেয়ার
